The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 944 | 16 October 2026 | শুক্রবার ৩১ আশ্বিন ১৪৩৩

Trump Claims He Deserves Eight Nobel Prizes

→ Page 19

My wife isn't a source of worry for me-why are you worried?

→ Page 18

Trump Administration Raids Home of US Congresswoman Ilhan Omar

→ Page 19

Advocates push Mamdani for more accountability after NYPD mishandles Rozario case

→ Page 18

সিনেটের যে ৮ আসনে উদ্বিগ্ন ট্রাম্প

৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে কংগ্রেসের উচ্চ কক্ষ সিনেটে রিপাবলিক্যান পার্টির আসন ৫৩। ২ জন স্বতন্ত্র সিনেটরের সমর্থন সহ ডেমোক্র্যাটদের আসন ৪৭ টি। রিপাবলিকানরা সিনেটে এই ৫৩-৪৭ ব্যবধানের সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচনে অবতীর্ণ হচ্ছে। এবারের নির্বাচনে সিনেটের ১০০ আসনের মধ্যে ৩৫টি আসনে ভোট হবে। সিনেটের নিয়ন্ত্রণ পুনরুদ্ধারের জন্য ডেমোক্র্যাটদের নিজেদের সব আসন ধরে রাখার পাশাপাশি রিপাবলিকানদের দখলে থাকা কমপক্ষে চারটি আসন নিজেদের দখলে নিতে হবে। যা একটি কঠিন কাজ। যদিও সাধারণত মধ্যবর্তী নির্বাচনে ক্ষমতাসীন দলের বাইরের দল ভালো ফলাফল করে থাকে। এবারে বিরোধী দল ডেমোক্র্যাটদের এই সম্ভাবনাকে উজ্জীবিত করেছে প্রেসিডেন্ট ট্রাম্পের অজনপ্রিয়তা। এই অজনপ্রিয়তার প্রধান কারন ইরান যুদ্ধ ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতি। অধিকাংশ জনমত জরিপে রিপাবলিয়ানদের ৮টি সিনেট সিট ঝুকিঁর মধ্যে রয়েছে। ডেমোক্র্যাটদের সাথে দৌড়ে তাদের প্রার্থী পিছিয়ে অথবা সমানে সমান। এরমধ্যে কয়েকটি আসন রয়েছে গত ২০ বছর ধরে রিপাবলিক্যানরা জিতে আসছে। তাদের জন্য ঝুকিঁপূর্ন আসনগুলো হচ্ছে টেক্সাস, আইওয়া, অহিও, আলাস্কা, ক্যানসাস, নেব্রাস্কা, মেইন ও নর্থ ক্যারোলিনা। রিপাবলিক্যানদের দখলে থাকা এই ৮টি আসনের মধ্যে ৪টি আসন ডেমোক্র্যাটরা জিতলে তাদের সিনেটে আসন হবে ৫১টি। ↘ এরপর ৪৩ পৃষ্ঠায়

তারেক রহমানের নির্দেশে ড.ইউনূসের বিশেষ নিরাপত্তা

আজকাল রিপোর্ট

প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশে যুক্তরাষ্ট্রে বিশেষ নিরাপত্তা ও প্রটোকল পেলেন অর্ন্তবর্তীকালীন সরকারের সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। সাবেক সরকার প্রধান হিসেবে প্রটোকলের ↘ এরপর ৫৫ পৃষ্ঠায়

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে ওজনপার্ক আলোচনায়

পাশা সেলিমের হাতে : কুনু'র ভরসা বিয়ানীবাজার

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে আলোচিত কেন্দ্র ওজনপার্ক। ৩৫ হাজার ভোটারের মধ্যে ৭ হাজার এই কেন্দ্রে। আঞ্চলিকতার ভোটার বিচেনায় এই কেন্দ্রটি আলোচনার অগ্রভাগে। বলা হচ্ছে সেখানে ৭ হাজার ভোটারের মধ্যে ৫ হাজারই বিয়ানীবাজার উপজেলার বাসিন্দাদের। নির্বাচনে ২ প্যানেলেরই চোখ এই বিয়ানীবাজার ঘিরেই। কুনু-ফিরোজ প্যানেলের সভাপতি পদপ্রার্থী আজমল হোসেন কুনুর জন্মস্থান সিলেটের বিয়ানীবাজার উপজেলায়। তিনি জালালাবাদ এসোসিয়েশন ও বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি। যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহসভাপতি। আসন্ন নির্বাচনে ওজনপার্ককে অনেকে তার হাব হিসেবে বিবেচনা করছেন। তার হোম টাউন। গত বুধবার ওজনপার্কে কুনু-ফিরোজ প্যানেলের পরিচিতি সভায় বক্তব্য রাখছিলেন সোসাইটর সাবেক সহ ↘ এরপর ৪৩ পৃষ্ঠায়

গোল্ডেন এজ হোম কেয়ার ও সাইবার লায়ন্সের উদ্যোগে টিকাদান কর্মসূচী

আজকাল রিপোর্ট

বাংলাদেশি মালিকানাধীন শীর্ষ স্থানীয় হোমকেয়ার প্রতিষ্ঠান গোল্ডেন এজ হোম কেয়ার ও নিউইয়র্ক সাইবার বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাবের উদ্যোগে ফ্রি ফ্লুশট ক্যাম্প গত ১৫ অক্টোবর গোল্ডেন এজ হোম কেয়ারের সামনে অনুষ্ঠিত হয়।

কর্মসূচীতে উপস্থিত ছিলেন নিউইয়র্ক সাইবার বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাবের প্রতিষ্ঠাতা ও গোল্ডেন এজ হোম কেয়ারের সিইও লায়ন শাহ নেওয়াজ, গোল্ডেন এজ হোম কেয়ারের পরিচালক লায়ন আমেনা নেওয়াজ, ডিস্ট্রিক্ট-২০, আর-২ এর ফাস্ট গভর্নর লায়ন আমাদি সাই ও মাদাদি সাই, নিউইয়র্ক সাইবার বিজনেস অ্যান্ড ↘ এরপর ৫২ পৃষ্ঠায়

ব্রঙ্কসে সেলিম-আলী পরিষদের নির্বাচনী সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

প্রচন্ড বৃষ্টি উপেক্ষা করে ব্রঙ্কসে আয়োজিত 'সেলিম-আলী' প্যানেলের পরিচিত ও নির্বাচনী জনসভায় সর্বস্তরের মানুষের ঢল নেমেছিলো। সভায় বক্তারা বলেছেন, ব্রঙ্কস 'সেলিম-আলী'র ঘাটি। 'সেলিম-আলী'র পক্ষে ব্রঙ্কসবাসী ঐক্যবদ্ধ। তার প্রমান বিরূপ প্রকৃতির মধ্যেও নির্বাচনী সভায় সর্বস্তরের বিপুল মানুষের উপস্থিতি, অংশগ্রহণ আর ↘ এরপর ৪৩ পৃষ্ঠায়

গভর্নর নির্বাচনে জরিপে এগিয়ে হোকুল

আজকাল রিপোর্ট

ডেমোক্র্যাট প্রার্থী ও বর্তমান গভর্নর ক্যাথি হোকুল আসন্ন গভর্নর নির্বাচনের লড়াইয়ে রিপাবলিকান প্রতিদ্বন্দ্বী ব্রুস ব্লেকম্যানের চেয়ে স্পষ্ট ব্যবধানে এগিয়ে ↘ এরপর ৪৩ পৃষ্ঠায়

কুনু-ফিরোজ প্যানেলের ইশতেহার প্রকাশ

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির এবারের নির্বাচনে জয়ী হলে 'বাংলাদেশ কমিউনিটি সেন্টার' প্রতিষ্ঠাসহ সাত প্রতিশ্রুতি দিয়েছে কুনু-ফিরোজ প্যানেল। প্যানেলের নির্বাচনী ইশতেহারে আনুষ্ঠানিকভাবে প্রতিশ্রুতিগুলো তুলে ধরা হয়। গত বৃহস্পতিবার ১৫ অক্টোবর জ্যাকসন হাইটসে প্যানেলের নির্বাচনী কার্যালয়ে এক সংবাদ ↘ এরপর ৫৫ পৃষ্ঠায়

বড় ভাইয়ের মৃত্যু শোক না কাটতেই ছোট ভাইয়ের চলে যাওয়া

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বড় ভাইয়ের মৃত্যু শোক কাটিয়ে উঠার আগেই ছোট ভাইয়ের মৃত্যু হয়েছে। দুই সন্তানকে হারিয়ে বাংলাদেশি পরিবারের শোকের মাতম চলছে। মাত্র ↘ এরপর ৪৩ পৃষ্ঠায়

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল

Friday, 16 October 2026, Issue 944, www.ajkalusa.com PAGE 03

ইলহান ওমরের বাসায় ফেডারেল এজেন্টদের অভিযান

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ডেমোক্রেটিক পার্টির কংগ্রেস সদস্য ইলহান ওমরের ওয়াশিংটন ডিসির বাসায় অভিযান চালিয়েছেন ফেডারেল তদন্তকারীরা। গত ১২ অক্টোবর ভোরে যুক্তরাষ্ট্রের হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনস (এইচএসআই) এবং হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের (ডিএইচএস) কর্মকর্তারা এ অভিযান পরিচালনা করেন। বিচার বিভাগের (ডিওজে) সংশ্লিষ্টতার বিষয়টিও নিশ্চিত করা হয়েছে। তদন্তের সঙ্গে সংশ্লিষ্ট দুটি সূত্রের দাবি, সোমালিয়ায় জন্ম নেওয়া এরপর ৩৬ পৃষ্ঠায়

হুইপ জি কে গউছকে নিউইয়র্কে সংবর্ধনা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে জাতীয় সংসদের হুইপ ও হবিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব মো. জি কে গউছকে সংবর্ধনা দিয়েছে জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকা ইনক। গত ১০ অক্টোবর জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে এ সংবর্ধনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রবাসীরা শিক্ষাব্যবস্থার উন্নয়ন, পাঠানো নথিপত্রের দ্রুত নিষ্পত্তি, নিউইয়র্ক-ঢাকা রুটে বিমান যোগাযোগ, পাওয়ার অব অ্যাটর্নি কার্যক্রম করা এবং জাতীয় সংসদে প্রবাসীদের অংশগ্রহণের সুযোগসহ বিভিন্ন দাবি তার মাধ্যমে সরকারের কাছে তুলে ধরেন। জি কে গউছ এসব সমস্যা সমাধানে যথাযথ উদ্যোগ নেওয়ার আশ্বাস দেন।

জালালাবাদ অ্যাসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল খানের সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক এরপর ৩৬ পৃষ্ঠায়

ট্রাম্পকে নির্বাচনে ২৭৬ মিলিয়ন ডলার দিলেন ইলন মাস্ক

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের আগামী ৩ নভেম্বর মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের কংগ্রেসের নিয়ন্ত্রণ ধরে রাখতে সহায়তার জন্য বিপুল অর্থ ব্যয় করছেন খ্যাতিমান ব্যবসায়ি ইলন মাস্ক। গত জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত তিনি রিপাবলিকান সমর্থক বিভিন্ন রাজনৈতিক সংগঠন ও নিজের সুপার পলিটিক্যাল অ্যাকশন কমিটিতে (সুপার প্যাক) ২৭৬ মিলিয়ন ডলারের বেশি অনুদান দিয়েছেন।

নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়, ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচনে মাস্ক এখন পর্যন্ত সবচেয়ে বড় পরিচিত রাজনৈতিক দাতা।

মাস্কের অনুদানের সবচেয়ে বড় অংশ ১৫৮ মিলিয়ন ডলার সিনেট লিডারশিপ ফান্ডে দেয়া হয়েছে। রিপাবলিকান সিনেট প্রার্থীদের নির্বাচনে সহায়তা এবং দলটির সিনেটের সংখ্যাগরিষ্ঠতা ধরে রাখার লক্ষ্যে কাজ করে এই সুপার প্যাক। মাস্কের এ অনুদান যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ইতিহাসে অন্যতম বড় একক রাজনৈতিক অনুদান হিসেবে বিবেচিত হচ্ছে। নিজের প্রতিষ্ঠিত আমেরিকা প্যাককে মাস্ক দিয়েছেন ৭৬ মিলিয়ন ডলারের বেশি। সংগঠনটি রিপাবলিকান ভোটারদের সংগঠিত করা এবং ভোটকেন্দ্রে তাদের উপস্থিতি বাড়াতে মাঠপর্যায়ে প্রচারণা চালাচ্ছে। সাতটি গুরুত্বপূর্ণ সিনেট নির্বাচনী এলাকা এবং প্রতিনিধি পরিষদের প্রায় ৩০টি আসনে তাদের কর্মসূচি রয়েছে।

প্রতিনিধি পরিষদের রিপাবলিকান প্রার্থীদের সহায়তাকারী কংগ্রেশনাল লিডারশিপ ফান্ডে মাস্ক দিয়েছেন ২০ মিলিয়ন ডলার। টেক্সাসের সিনেট নির্বাচনে রিপাবলিকান প্রার্থী কেন প্যাক্সটনকে সমর্থনকারী লোন স্টার লিবার্টি প্যাক পেয়েছে ১০ মিলিয়ন ডলার। এ ছাড়া এরপর ৪০ পৃষ্ঠায়

আবাস'র নবনির্বাচিত কমিটি ঘোষণা

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের অধীনে কর্মরত বাংলাদেশী স্কুল সেফটি অফিসারদের সংগঠন 'এসোসিয়েশন অব বাংলাদেশী আমেরিকান স্কুল সেফটি' (আবাস)-এর নব নির্বাচিত কার্যকরী কমিটি ২০২৭-২৮ ঘোষণা করা হয়েছে। এরপর ১৩ পৃষ্ঠায়

'কুনু-ফিরোজ' প্যানেলকে ঢাকাবাসী'র সমর্থন

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচনে 'পরিবর্তনের শ্লোগান' নিয়ে প্রতিদ্বন্দ্বিতাকারী 'কুনু-ফিরোজ' প্যানেলকে সমর্থন জানালো বৃহত্তর ঢাকাবাসী। নিউইয়র্ক প্রবাসী বৃহত্তর ঢাকাবাসী'র ব্যানারে আয়োজিত মতবিনিময় সভায় এ প্যানেলের সিনিয়র সহ সভাপতি দুলাল বেহেদু, সহ সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ নওশাদ হোসেন ও সাহিত্য সম্পাদক মোহাম্মদ এ আখতার বৃহত্তর ঢাকার সন্তান হওয়ায় প্যানেলটিকে যোগ্য প্যানেল হিসেবে সমর্থন জানোনো হয়। দুলাল বেহেদু বৃহত্তর ঢাকা জেলা এসোসিয়েশনের সভাপতি'র দায়িত্ব পালন করছেন। গত ৮ অক্টোবর উডসাইডের কুইন্স প্যালেসে এরপর ৪০ পৃষ্ঠায়

নিউইয়র্কে বিডিএফএনএ'র সম্বর্ধনা ও মতবিনিময়

আজকাল রিপোর্ট

বাংলাদেশ ও উত্তর আমেরিকায় কর্মরত বাংলাদেশি চিকিৎসকদের মধ্যে পেশাগত যোগাযোগ, জ্ঞান ও প্রযুক্তি বিনিময় এবং স্বাস্থ্যসেবার উন্নয়নে সহযোগিতা আরও জোরদারের আহ্বানের মধ্য দিয়ে নিউইয়র্কে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশী ডক্টর'স ফোরাম অব নর্থ আমেরিকা (বিডিএফএনএ)-এর বর্ণাঢ্য সংবর্ধনা ও মতবিনিময় অনুষ্ঠান।

গত ৭ অক্টোবর নিউইয়র্কের ১৬৮ হিলসাইড অ্যাভিনিউ, জামাইকা পার্টি হলে আয়োজিত এ অনুষ্ঠানে বাংলাদেশ ও উত্তর আমেরিকার চিকিৎসকদের পারস্পরিক সহযোগিতার নতুন সম্ভাবনা, চিকিৎসা শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা, আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং স্বাস্থ্যসেবার মানোন্নয়ন নিয়ে গুরুত্বপূর্ণ এরপর ৫২ পৃষ্ঠায়

বাংলাদেশ সোসাইটির প্রথম নির্বাচনী ডিবেট এফবিডব্লিউ'র উদ্যোগে

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির নির্বাচন দরজায় কড়া নাড়ছে। সোসাইটির ৫০ বছরের ইতিহাসে এই প্রথম অনুষ্ঠিত হয়েছে নির্বাচনি টেলিভিশন ডিবেট। জবাবদিহিতা, আর্থিক স্বচ্ছতা, ভোটার পদ্ধতির সংস্কার ও জনকল্যাণমূলক কার্যক্রমসহ নানা বিষয় আলোচনা উঠে আসে। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশিদের অন্যতম বৃহৎ সামাজিক সংগঠন বাংলাদেশ সোসাইটির আগামী নির্বাচনকে সামনে রেখে নির্বাচনী ডিবেট আয়োজন করেছে ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ড (এফবিডব্লিউ)। জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্ট অ্যান্ড পার্টি হলে গত ৭ অক্টোবর, বুধবার সন্ধ্যা ৭টায় এই ডিবেট অনুষ্ঠিত হয়। এরপর ১৩ পৃষ্ঠায়

NY INSURANCE BROKERAGE INC

আপনি কি TLC প্লেট নিতে চান??

NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ

CONTACT US:

SCAN ME

718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

সম্পাদকীয়

অপমানিত বাংলাদেশ ক্ষতিগ্রস্ত আ. লীগ

রাজনীতিতে মতবিরোধ থাকবে। প্রতিবাদ থাকবে। ক্ষোভও থাকবে। গণতান্ত্রিক সমাজে এগুলো স্বাভাবিক। কিন্তু রাজনৈতিক বিরোধিতা যখন শালীনতার সীমা অতিক্রম করে ব্যক্তিগত অপমান, হেনস্তা এবং রাষ্ট্রের মর্যাদা ক্ষুন্ন করার পর্যায়ে পৌঁছে যায় তা অবশ্যই সমর্থন করা যায় না। তখন তা আর শুধুমাত্র একটি রাজনৈতিক ঘটনার মধ্যে সীমাবদ্ধ থাকে না।

নিউইয়র্কের জেএফকে বিমানবন্দরে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের সাবেক প্রধান উপদেষ্টা প্রফেসর ইউনূসকে ঘিরে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তা শোভনীয় নয়। অনেকে রাজনৈতিক প্রতিবাদ হিসেবে দেখানোর চেষ্টা করছেন। কিন্তু বাস্তবতা হলো, বিদেশের মাটিতে একজন বাংলাদেশি রাষ্ট্রীয় ব্যক্তিত্বকে হেনস্তা করার ঘটনা রাষ্ট্রকেই বিব্রত করে। এটা অনস্বীকার্য ড. ইউনূস আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের প্রতিনিধিত্বকারী একজন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব।

> বর্তমানে সিনেট এবং প্রতিনিধি পরিষদ- উভয় কক্ষেই ট্রাম্পের রিপাবলিকান পার্টির সামান্য সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। তবে ইরান-ইসরায়েল যুদ্ধের জেরে তেল ও গ্যাসের দাম বেড়ে যাওয়ায় আমেরিকানদের জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেয়েছে এবং তা সামাল দেওয়ার বিষয়ে ট্রাম্পের জনপ্রিয়তা বা 'অ্যাপ্রুভাল রেটিং' বর্তমানে কম

প্রফেসর ইউনূসের সমালোচনা করার অসংখ্য ক্ষেত্র থাকতে পারে। তাঁর নীতি, সিদ্ধান্ত, প্রশাসনিক ব্যর্থতা কিংবা রাজনৈতিক অবস্থান নিয়ে কঠোর সমালোচনা অবশ্যই বৈধ। কিন্তু বিদেশের মাটিতে তাঁকে অপদস্থ করার অর্থ হচ্ছে বিশ্বের সামনে বাংলাদেশের রাজনৈতিক অসহিষ্ণুতার প্রদর্শনী করা। এ সব কর্মকাণ্ডে শেখ হাসিনার শাসনামলের খারাপ দিকগুলোকেই মানুষ মনে করে। ভালো কাজগুলোকে তখন দেখে না।

একজন বিদেশি পর্যবেক্ষকের চোখে ঘটনাটি আওয়ামী লীগ বনাম ইউনূসের দ্বন্দ্ব নয়। তাদের কাছে এটি এমন একটি দৃশ্য, যেখানে বাংলাদেশের নাগরিকরাই নিজেদের একজন জাতীয় ব্যক্তিত্বকে প্রকাশ্যে অপমান করছে। ফলে ক্ষতিগ্রস্ত হয় দেশের সামগ্রিক ভাবমূর্তি। আজকের বিশ্বে রাষ্ট্রের ব্র্যান্ডিং একটি গুরুত্বপূর্ণ বিষয়। একটি দেশের অর্থনীতি, বিনিয়োগ, কূটনীতি এবং আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অনেকাংশে নির্ভর করে সেই দেশের রাজনৈতিক সংস্কৃতি ও সামাজিক আচরণের ওপর। এ ধরনের ঘটনা বিশ্বের কাছে একটি বার্তা দেয় যে বাংলাদেশ এখনও রাজনৈতিক সহিষ্ণুতা ও গণতান্ত্রিক সংস্কৃতির ক্ষেত্রে গভীর সংকটে রয়েছে।

সাম্প্রতিক বছরগুলোতে প্রবাসী রাজনীতির একটি অংশ ক্রমশ প্রতিহিংসাকেন্দ্রিক ও উগ্র আচরণের দিকে ধাবিত হয়েছে। দেশের রাজনৈতিক বিভাজন এখন বিদেশেও হুবহু স্থানান্তরিত হয়েছে। এমনকি অনেক ক্ষেত্রে তা আরও তীব্র হয়েছে। কারণ বিদেশে অবস্থানরত রাজনৈতিক কর্মীদের একটি অংশ দেশের বাস্তব পরিস্থিতির সরাসরি ঝুঁকির মধ্যে না থেকেও আবেগপ্রবণ ও চরমপন্থী অবস্থান গ্রহণ করেন। এর ফলে রাজনৈতিক প্রতিপক্ষকে পরাজিত করার পরিবর্তে তাকে অপমান করাই যেন লক্ষ্য হয়ে দাঁড়ায়।

আওয়ামী লীগের সমর্থক বা কর্মীরা এ ঘটনার সঙ্গে সম্পৃক্ত। রাজনৈতিকভাবে বড় ক্ষতি দলটিকেই বহন করতে হবে। প্রকাশ্যে হিরোইজমের কথা নেতাদের অনেকেই বলছেন। যে ৪ জনের ছবি বিভিন্ন মিডিয়ায় ছাপা হয়েছে, তা তাদের পারিবারিক, সামাজিক এমনকি রাজনৈতিক পরিমণ্ডলেও সুখকর ভবিষ্যত এনে দেবে না। তাদের প্রতিকৃতি উপস্থাপিত হচ্ছে ভিন্নভাবে।

এই ধরনের ঘটনার মাধ্যমে আওয়ামী লীগের প্রতি থাকা অনেকের সহানুভূতি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। মানুষ যখন দেখে রাজনৈতিক বিপর্যয়, মামলা, গ্রেপ্তার এবং দীর্ঘ সংকটের পরও একটি দলের আচরণে আত্মসমালোচনার পরিবর্তে আগের আগ্রাসী প্রবণতাই দৃশ্যমান, তখন তাদের প্রতি সহমর্মিতা কমে যায়- এটাই স্বাভাবিক।

রাজনীতিতে প্রত্যাবর্তনের অন্যতম শর্ত হলো জনগণের আস্থা পুনরুদ্ধার করা। কিন্তু প্রতিপক্ষকে অপমান করার মাধ্যমে সেই আস্থা পুনরুদ্ধার করা যায় না। বিদেশে বসবাসকারী বাংলাদেশিদের একটি বিশেষ দায়িত্ব রয়েছে। তারা শুধু নিজেদের নয়, গোটা দেশের প্রতিনিধিত্ব করেন। তাদের আচরণ থেকেই অনেক বিদেশি প্রথমবারের মতো বাংলাদেশকে মূল্যায়ন করে।

এরপর ৫ পৃষ্ঠায়

সবাই পারলে, বাংলাদেশ কেন পারবে না

ড. ইউসুফ খান

আমরা গর্ব করে বলি 'এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি/ সকল দেশের রানি সে যে আমার জন্মভূমি। নিজেদের দেশকে সেরা বললেও বাংলাদেশ বিদেশি পর্যটক আকর্ষণে পিছিয়ে পড়া দেশগুলোর একটি। বিশ্বের সেরা বাদাবন সুন্দরবনের বাঘ ও চিত্রল হরিণের আকর্ষণে পর্যটকরা সাড়া দিতে চান না। কক্সবাজার বিশ্বের সবচেয়ে দীর্ঘ সমুদ্রসৈকত হওয়া সত্ত্বেও সেখানে দেখা যায় না বিদেশি পর্যটকদের ভিড়। নয়নাভিরাম পার্বত্য তিন জেলা, সিলেট ও হাওড়-বাঁওড় পর্যটক আকর্ষণে ব্যর্থ হচ্ছে। জিডিপিতে বিশ্বের ১৮৪টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান তলানিতে। এ ব্যর্থতার কারণ পর্যটনবান্ধব সুযোগসুবিধার অভাব। মধ্যপ্রাচ্যের মরু ধূসর ক্ষুদ্র দেশ বাহরাইনের সাফল্যও এ ক্ষেত্রে নয়নাভিরাম সৌন্দর্যের বাংলাদেশকে লজ্জা দেওয়ার মতো।

পৃথিবীটা বড়ই আজব। কত কিছুই না দেখার আছে, জানার আছে। আমরা তার কতটুকুই বা জানি, চিনি!!! তাই তো রবিঠাকুর বলেছেন, 'বিপুলা এ পৃথিবীর কতটুকুই-বা জানি,
দেশে দেশে কত-না নগর, রাজধানী,
মানুষের কত কীর্তি, কত নদী গিরি সিন্ধু মরু,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তরু
রয়ে গেল অগোচরে।'

চাকরির সুবাদে এমনি এক অজানা-অচেনা দেশ বাহরাইনে যাওয়ার সুযোগ ঘটে আমার। রেমিট্যান্স আহরণের জন্য খুব সম্ভাবনাময় একটি দেশ। বাংলাদেশি প্রবাসী শ্রমিকের সংখ্যাও নেহাতই কম নয়। তবে অদক্ষ বা বা আধা দক্ষ বলে তাঁরা অন্যান্য দেশের সঙ্গে প্রতিযোগিতায় তেমন একটা সুবিধা করে উঠতে পারছেন না। ভারত, ফিলিপাইন, ইন্দোনেশিয়া এমনকি নেপালিদের চেয়েও পিছিয়ে রয়েছেন। ফলে কনস্ট্রাকশনের কাজেই বেশি নিয়োজিত, যেখানে রয়েছে হাড়ভাঙা খাটুনি। বেতনভাতাও কম। তাঁদের এ মানবেতর কষ্টের জীবন নিজের চোখে না দেখলে বিশ্বাস করা কঠিন।

> প্রতি বছর হাজার হাজার দর্শনার্থী ও পর্যটক গাছটি দেখতে ভিড় করেন। বাহরাইনে বাংলাদেশের জন্য একটি চমৎকার জনশক্তি রপ্তানির বাজার গড়ে উঠছে। দেশটিতে প্রাচুর্যের অভাব নেই বিধায় রাস্তাঘাট ও দালানকোঠা নির্মাণসহ আরও বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড প্রতিদিন সম্প্রসারিত হচ্ছে। ফলে প্রবাসী শ্রমিকদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। জনশক্তি রপ্তানির এ সম্ভাবনাময় বাজারের প্রতি আমাদের আরও যত্নবান হওয়া বাঞ্ছনীয়। পর্যটন ক্ষেত্রে বাহরাইন এগিয়ে যাওয়া দেশ। বাংলাদেশকে এ ক্ষেত্রে এগিয়ে যেতে হলে পর্যটনবান্ধব পরিবেশ গড়ে তুলতে হবে। পৃথিবীতে অন্য সব দেশ পর্যটন ক্ষেত্রে এগিয়ে যেতে পারলে আমরা কেন পারব না

বাহরাইনের সব কর্মক্ষেত্রেই ভারতীয়দের আধিপত্য। কারণ তাঁদের বেশির ভাগ লোকই যেকোনো বিষয়ে দক্ষ এবং শিক্ষিত। তুলনামূলকভাবে যাঁরা কম শিক্ষিত তাঁরাও ভালো ইংরেজি বলতে পারেন। ফলে চাকরির ক্ষেত্রে তাঁরাই অগ্রাধিকার পেয়ে থাকেন। পারস্য উপসাগরীয় দেশগুলোর মধ্যে বাহরাইন ছোট্ট একটি রাষ্ট্র। লোকসংখ্যা মাত্র ১৪ লাখ। তন্মধ্যে ৪০ শতাংশ প্রবাসী শ্রমিক। রাজধানী মানামা। ইসলাম রাষ্ট্রধর্ম। মধ্যপ্রাচ্যের মান অনুযায়ী বাহরাইনে তেল উৎপাদন কম হলেও সৌদি আরব থেকে আমদানি করা অপরিশোধিত তেল পরিশোধনের মাধ্যমে দেশটি ধনী দেশে পরিণত হয়েছে। একসময় দেশটির বড় কোনো সম্পদ বা ভিত্তি ছিল না। তাদের অর্থনীতি এবং জীবিকা সম্পূর্ণভাবে মাছ ধরা ও মুক্তা শিকারের ওপর নির্ভরশীল ছিল। ওই সময়টায় বাহরাইনি পুরুষ মানুষগুলো সমুদ্রে মাছ ধরা এবং মুক্তা খোঁজার কাজেই বেশি ব্যস্ত থাকত। উল্লেখ্য তখন বাহরাইনের মুক্তা ছিল বিশ্বখ্যাত। এটিই ছিল তখন দেশটির আয়ের প্রধান উৎস। জেলে এবং ডুবুরিরা কাঠের ঐতিহ্যবাহী নৌকা নিয়ে মাসের পর মাস সমুদ্রে কাটাতেন।

তাঁরা কোনো আধুনিক সরঞ্জাম ছাড়াই সাগরের তলদেশে গিয়ে মুক্তা সংগ্রহ করতেন, যা ছিল অত্যন্ত ঝুঁকিপূর্ণ। পরে অবশ্য খনিজ তেল পাওয়ার পর বাহরাইনিদের এই পেশা বিলুপ্ত হয়ে যায়। বাহরাইনের অর্থনৈতিক ও সামাজিক জীবনের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ ছিল মাছ ধরা এবং মুক্তা খোঁজা। মূলত এটিই তাদের জেলে জীবনের একটি অংশ। বর্তমানে বাহরাইন একটি আধুনিক ও উন্নত রাষ্ট্র হলেও তারা তাদের জেলে বা মুক্তা শিকারি পূর্বপুরুষদের ঐতিহ্যকে অত্যন্ত গর্বের সঙ্গে স্মরণ করে। বাহরাইনিদের ধনী হওয়ার পেছনে সৌদি আরবের অবদান অনস্বীকার্য। বাহরাইন এবং সৌদি আরবের মধ্যে সম্পর্ক সব সময়ই সুদৃঢ় ও ভ্রাতৃত্বপূর্ণ। এই দীর্ঘস্থায়ী গভীর সম্পর্কের অন্যতম

এরপর ২৪ পৃষ্ঠায়

জমি নেই, চাকরি নেই : এ কেমন রাষ্ট্রীয় বিচার

এম এম মুসা

খুলনার সোনাডাঙার ভাড়া বাসায় ২০২১ সালের ডিসেম্বরে এক তরুণীর স্বপ্ন থমকে গিয়েছিল। মিম আক্তার নামের সেই তরুণী প্রায় ১২০০ প্রার্থীর মধ্যে মেধাক্রমে প্রথম হয়েছিলেন খুলনা জেলা পুলিশের কনস্টেবল নিয়োগ পরীক্ষায়। অনেক উত্তীর্ণকে ফোন করে জানানো হলো; কিন্তু ফোন এল না কেবল মিমের কাছে। খোঁজ নিতে গিয়ে তিনি শুনলেন, পুলিশ ভেরিফিকেশনে তাঁর 'স্থায়ী ঠিকানা' নিয়ে সমস্যা আছে। বাবা ক্ষুদ্র ব্যবসায়ী; ৩২-৩৩ বছর আগে বাগেরহাট ছেড়ে খুলনায় এসেছেন, কোথাও এক শতক জমিও নেই। তাই আবেদনের সঙ্গে জমা দিয়েছিলেন ভূমিহীন সনদ।

পুলিশ সুপারের ভাষ্যমতে, ঠিকানা গোপন করা হয়েছে এবং চোখের সমস্যার কারণেও প্রার্থিতা টেকেনি; পরিবার এ দাবি অস্বীকার করেছে। ঘটনার সত্যাসত্য তদন্তের বিষয়। কিন্তু হাইকোর্ট সেদিন যে প্রশ্ন তুলেছিলেন, তা আজও উত্তরহীন: সব প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ হয়েও কেউ স্থায়ী ঠিকানা না থাকার কারণে চাকরি পাবেন না, এটা হতে পারে না। আদালত মনে করিয়ে দিয়েছিলেন, নদীভাঙনে প্রতিবছর শত শত পরিবার ভিটা ও আবাদি জমি হারিয়ে 'ঠিকানাবিহীন' হয়ে পড়ে। প্রশ্ন হলো, আদালতের সেই উষ্মার পরও ব্যবস্থাটি কেন বদলাল না? পাসপোর্ট করা থেকে শুরু করে রাষ্ট্রীয় অনেক সেবা স্থায়ী ঠিকানা না থাকলে মেলে না। এমন ঘটনা অহরহ ঘটছে। দুই-একটি সামনে এলেও বহু ঘটনা দৃষ্টির আড়ালে থেকে যাচ্ছে।

ঠিকানা এক জিনিস, মালিকানা আরেক

ঠিকানা মানে মানুষ কোথায় বাস করেন, কোথায় তাঁকে পাওয়া যায়। মালিকানা মানে সম্পত্তির ওপর আইনি অধিকার। দুটি ধারণা সম্পূর্ণ আলাদা। অথচ আমাদের প্রশাসনিক চর্চায় 'স্থায়ী ঠিকানা' ক্রমে হয়ে উঠেছে 'নিজের বা বাবার নামে বসতভিটা'র প্রতিশব্দ। চাকরির আবেদন, পুলিশ ভেরিফিকেশন, পাসপোর্ট, নাগরিক সনদ-সর্বত্র প্রশ্ন ঘুরেফিরে এক যে, গ্রামের বাড়ি কোথায়, জমি কার নামে? উত্তর 'নেই' হলে শুরু হয় সনদের জন্য ঘোরাঘুরি, অতিরিক্ত জবাবদিহি; কখনো শেষ হয় প্রত্যাখ্যানে। এখানে একটি সূক্ষ্ম কথা স্বীকার করা দরকার। সাধারণ সরকারি চাকরিতে নিজস্ব জমি থাকতেই হবে, এমন সুস্পষ্ট বিধান আছে কি না, তা নিয়ে ব্যাখ্যা ভিন্ন ভিন্ন; বাহিনীর নিয়োগে শর্ত আরও কড়া বলে অভিযোগ আছে। বহু ক্ষেত্রে সমস্যাটি লিখিত আইনের চেয়ে ফরম, পরিপত্র আর মাঠপর্যায়ের কর্মকর্তার অলিখিত চর্চার ফল। ঠিক এ কারণেই সমস্যাটি আরও ভয়ংকর হয়ে ওঠে এ কারণে যে কোথাও স্পষ্ট লেখা নেই বলে একে চ্যালেঞ্জ করা কঠিন, আবার এড়িয়ে যাওয়াও কঠিন।

কারা আটকে যান

এই ধারণার প্রথম শিকার ভূমিহীন কৃষক ও তাঁদের সন্তানরা। তারপর আছেন ঢাকা, চট্টগ্রাম, রংপুর, রাজশাহী বা খুলনার ভাড়াটিয়া পরিবার, যাঁরা দুই-তিন প্রজন্ম ধরে শহরে বাস করছেন অথচ গ্রামের ভিটা অন্যের দখলে বা বণ্টনের অপেক্ষায়। আছেন নদীভাঙনে সর্বস্ব হারানো মানুষ, চরবাসী, বস্তিবাসী, অনাথ শিশু। আছেন বিবাহবিচ্ছিন্ন নারী, যাঁর বাবার বাড়ি ও শ্বশুরবাড়ি কোথাও 'স্থায়ী' হওয়ার দাবি টেকে না। আছেন পরিবার-পরিত্যক্ত তৃতীয় লিঙ্গের মানুষ।

জলবায়ু পরিবর্তন সমস্যাটিকে আরও বাড়িয়ে তুলছে। বিশ্বব্যাংকের গ্রাউন্ডসওয়েল প্রতিবেদনের প্রক্ষেপণ অনুযায়ী, ২০৫০ সালের মধ্যে বাংলাদেশেই প্রায় ১ কোটি ৩০ লাখ থেকে ২ কোটির কাছাকাছি মানুষ জলবায়ুজনিত কারণে দেশের ভেতরে স্থান বদলাতে বাধ্য হতে পারে। যে দেশে এত মানুষকে ভিটা বদলাতে হয়, সেখানে 'পৈতৃক ভিটা'কে নাগরিক যোগ্যতার মাপকাঠি করলে একটি ক্রমবর্ধমান অংশ নিজ দেশেই 'অযোগ্য' হয়ে পড়বে।

ক্ষতিটি কেবল একটি চাকরি হারানোর নয়। একজন তরুণ বছরের পর বছর পড়াশোনা আর পরীক্ষার ধকল পেরিয়ে শেষ ধাপে এসে যখন জানেন, তাঁর অপরাধ 'জমি না থাকা', তখন তিনি শিখে ফেলেন যে রাষ্ট্র মেধার চেয়ে মালিকানাকে বেশি মূল্য দেয়। ভূমিহীন সনদ জমা দেওয়াটাই যেন নিজের বিরুদ্ধে সাক্ষ্য-এই অপমান পরিবারের স্মৃতিতে থেকে যায়। পাসপোর্টের ক্ষেত্রে একই বিড়ম্বনা প্রবাসগামী শ্রমিকদের, যাঁদের পাঠানো অর্থে দেশের অর্থনীতি চলে, প্রাপ্য সেবাকে বিলম্বিত করে এবং দালালনির্ভরতা বাড়ায় বলে অভিযোগ আছে।

সংবিধানের আয়নায়

সংবিধানের ২৯(১) অনুচ্ছেদ প্রজাতন্ত্রের কর্মে নিয়োগলাভে সকল নাগরিকের জন্য সুযোগের সমতা নিশ্চিত করে; ২৯(২) অনুযায়ী কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কেউ অযোগ্য বিবেচিত হবেন না। ২৭ অনুচ্ছেদে সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান; ২৮(১)-এ রাষ্ট্র কেবল এসব কারণে বৈষম্য করতে পারে না। 'জমি আছে কি না' প্রশ্নটি আপাতদৃষ্টিতে নিরপেক্ষ। কিন্তু কার্যত এটি জন্মস্থান ও পারিবারিক সম্পদের প্রক্সি। যাঁর পরিবার ভিটা ধরে রাখতে পেরেছে, সুবিধা তাঁর; যাঁর পরিবার দরিদ্র, নদীভাঙন বা অভিবাসনে ভিটা হারিয়েছে, তিনি বঞ্চিত। আদালতের পরিচিত 'যুক্তিসংগত শ্রেণিবিন্যাস' পরীক্ষায় প্রশ্ন উঠবে-এই বিভাজনের

এরপর ৩৬ পৃষ্ঠায়

> একটি পরিপত্রেই বহু ক্ষেত্রে এই অন্যায়ের অবসান সম্ভব। খরচ প্রায় শূন্য, সুফল অপরিসীম। যে নীতিনির্ধারকেরা মেধাভিত্তিক নিয়োগ, সুশাসন ও ডিজিটাল বাংলাদেশের কথা বলেন, তাঁদের কাছে প্রশ্ন এই যে রাষ্ট্রের ফরমে একজন নাগরিকের পরিচয় কি তাঁর জমির দলিলে, নাকি তাঁর নাগরিকত্বে? ঠিকানা থাকে মানুষের কাছে, কাগজের ভিটায় নয়। মিমের মতো তরুণেরা ঠিকানা হারান না; হারিয়ে যায় তাঁদের প্রতি রাষ্ট্রের ফরম। সংসদ, প্রশাসন ও আদালত-এই তিন পক্ষই এ বিষয়ে ভূমিকা রাখতে পারে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751
web: www.ajkalusa.com
e-mail: ajkalnews@gmail.com

পিএইচডি, নিয়োগ ও পদোন্নতির হিসাব

ড. মাহফুজুর রহমান খান

সম্প্রতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) একটি জরিপে উঠে এসেছে, দেশের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ৫৬ শতাংশ শিক্ষকেরই পিএইচডি ডিগ্রি নেই। উচ্চশিক্ষা ও গবেষণার মান নিয়ে যাঁরা ভাবেন, তাঁদের জন্য এটি নিঃসন্দেহে গভীর উদ্বেগের বিষয়। প্রশ্ন হলো, কেন এমন পরিস্থিতি তৈরি হলো? এর উত্তর খুঁজতে গেলে কেবল অপর্যাপ্ত অর্থ বরাদ্দ বা গবেষণার সুযোগের অভাবই নয়; বরং আমাদের নিয়োগ ও পদোন্নতি কাঠামোর অন্তর্নিহিত কিছু নীরব অসংগতিও সামনে আসে। এখানে তেমনই একটি কাঠামোগত বৈষম্যের দিক তুলে ধরছি।

দুটি ভিন্ন পথ, হিসাবের ভিন্নতা

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক হিসেবে যোগদানের সবচেয়ে প্রচলিত ধারাটি হলো- স্নাতকোত্তর শেষ করার পরই (সাধারণত পিএইচডি ছাড়াই) প্রভাষক পদে নিযুক্ত হওয়া। কয়েক বছর শিক্ষকতার পর এঁদের অনেকেই শিক্ষাছুটি নিয়ে বিদেশে পিএইচডি করতে যান। এটি একটি সুপ্রতিষ্ঠিত ও ইতিবাচক ধারা, যদিও তাঁদের একটি অংশ আর দেশে ফেরেন না। অন্যদিকে আরেকটি ছোট অংশ রয়েছেন, যাঁরা আগে পিএইচডি সম্পন্ন করেন এবং এরপর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে যোগ দেন। আলোচনার সুবিধার্থে প্রথম দলকে 'ক' এবং দ্বিতীয় দলকে 'খ' হিসেবে চিহ্নিত করা যেতে পারে।

মূল অসংগতিটি তৈরি হয় চাকরিকাল বা জ্যেষ্ঠতা (সিনিয়রিটি) গণনার ক্ষেত্রে। 'ক' দলের শিক্ষকদের শিক্ষাছুটির পুরো সময়টি তাঁদের চাকরিকালের অংশ হিসেবে গণ্য হয়। ছুটিতে থাকাকালীন তাঁরা পূর্ণ বেতন পান এবং পিএইচডি শেষে দেশে ফিরলে তিনটি অগ্রিম ইনক্রিমেন্টও লাভ করেন। কিন্তু 'খ' দলের শিক্ষকেরা যেহেতু যোগদানের আগেই পিএইচডি সম্পন্ন করেছেন, তাই গবেষণায় ব্যয়িত ওই সময়টুকু তাঁদের চাকরিকালে যুক্ত হয় না, কোনো ইনক্রিমেন্টও জোটে না।

একটি কাল্পনিক উদাহরণের সাহায্যে বিষয়টি স্পষ্ট করা যাক। ধরা যাক, 'ক' দলের একজন শিক্ষক ২০১৫ সালের জানুয়ারিতে যোগ দিলেন, ২০১৭ সালের জানুয়ারিতে পিএইচডি করতে বিদেশে গেলেন এবং ২০২১ সালের জানুয়ারিতে ডিগ্রি শেষে ফিরে এলেন। ২০২৬ সালের ডিসেম্বরে কাগজে-কলমে তাঁর চাকরিকাল দাঁড়াবে ১২ বছর, অথচ বিশ্ববিদ্যালয়ে তাঁর প্রকৃত পাঠদানের অভিজ্ঞতা প্রায় ৮ বছর। অন্যদিকে, 'খ' দলের একজন শিক্ষক বিদেশে পিএইচডি সম্পন্ন করে ২০১৭ সালের জানুয়ারিতে সরাসরি যোগ দিলেন এবং একটানা শিক্ষকতা করলেন। ২০২৬ সালের ডিসেম্বরে তাঁর চাকরিকাল হবে ১০ বছর-যার পুরোটাই পিএইচডি-পরবর্তী শিক্ষকতা ও গবেষণার বাস্তব অভিজ্ঞতা। অর্থাৎ, প্রকৃত একাডেমিক অভিজ্ঞতায় দ্বিতীয়জন এগিয়ে থাকলেও দাপ্তরিক হিসেবে তিনি পিছিয়ে পড়ছেন।

পদোন্নতি ও সুযোগ-সুবিধায় বৈষম্যের প্রভাব

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী, অধ্যাপক পদে আবেদনের জন্য পিএইচডিসহ ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা প্রয়োজন। ওপরের উদাহরণ অনুযায়ী, 'ক' দলের শিক্ষক দ্রুত এই যোগ্যতা অর্জন করে ফেলবেন, অথচ 'খ' দলের শিক্ষক পিছিয়ে থাকবেন। যদিও প্রথমজনের পিএইচডি-পরবর্তী শিক্ষকতার অভিজ্ঞতা মাত্র ছয় বছর, আর দ্বিতীয়জনের পূর্ণ ১০ বছর!

এর নেতিবাচক প্রভাব কেবল একটি পদবির মধ্যেই সীমাবদ্ধ থাকে না। অধ্যাপকদের মধ্যে একটি নির্দিষ্ট শতাংশ ক্রমান্বয়ে তৃতীয় গ্রেড থেকে দ্বিতীয় গ্রেডে এবং দ্বিতীয় গ্রেড থেকে প্রথম গ্রেডে উন্নীত হন। ফলে, কে আগে অধ্যাপক হলেন- সেই জ্যেষ্ঠতার ক্রমটিই পরবর্তী গ্রেডগুলোতে পদোন্নতির সুযোগ নির্ধারণ করে দেয়। এমনকি ক্যাম্পাসে আবাসন বরাদ্দের মতো গুরুত্বপূর্ণ সুবিধাও এই জ্যেষ্ঠতার ওপর নির্ভরশীল। কেবল এক বা দুই বছরের ব্যবধানও একজন শিক্ষকের পুরো কর্মজীবনের গতিপথ ও প্রাপ্য সুযোগ-সুবিধা চিরতরে বদলে দিতে পারে।

কেন এই নীতি অন্যায্য এবং ক্ষতিকর

এখানে 'ক' দলের শিক্ষকদের প্রাপ্য অধিকার বা সুবিধা নিয়ে কোনো প্রশ্ন তোলা হচ্ছে না। তাঁদের অনেকেই কঠোর পরিশ্রমে ডিগ্রি অর্জন করেছেন এবং বিশ্ববিদ্যালয়ে মূল্যবান অবদান রাখছেন। শিক্ষাছুটি বা এর সুবিধাদি কমানোও এই আলোচনার উদ্দেশ্য নয়। মূল প্রশ্নটি হলো, নীতিগত সামঞ্জস্য নিয়ে: যে পিএইচডি একজনের ক্ষেত্রে চাকরিকালের অবিচ্ছেদ্য অংশ ও আর্থিক প্রণোদনার (ইনক্রিমেন্ট) উৎস, হুবহু একই পিএইচডি আরেকজনের ক্ষেত্রে কেন কোনো প্রাতিষ্ঠানিক স্বীকৃতি পাবে না?

এর সুদূরপ্রসারী পরিণতি রয়েছে। বিদেশে পিএইচডি শেষ করে দেশে ফেরার কথা ভাবছেন-এমন একজন মেধাবী তরুণ গবেষক যখন দেখবেন যে এখানে যোগ দিলে তাঁর গবেষণার মহামূল্যবান সময়টুকু গণনার বাইরে থেকে যাবে, কোনো ইনক্রিমেন্ট মিলবে না এবং এরপর ৩৬ পৃষ্ঠায়



যদিও বর্তমান বেতনকাঠামো, অপ্রতুল সুযোগ-সুবিধা ও পারিপার্শ্বিক বাস্তবতায় এটি হয়তো রাতারাতি পুরোপুরি বাস্তবায়ন করা সম্ভব নয়, তবে অন্তত দেশের শীর্ষস্থানীয় কয়েকটি বিশ্ববিদ্যালয়ে ধাপে ধাপে এই নীতি কার্যকর করার একটি সুনির্দিষ্ট পরিকল্পনা এখন থেকেই গ্রহণ করা প্রয়োজন। এর পাশাপাশি, আশু পদক্ষেপ হিসেবে পিএইচডি সম্পন্ন করে আসা গবেষকদের জন্য বিশ্ববিদ্যালয়ে সমান্তরাল নিয়োগ (প্যারালাল রিক্রুটমেন্ট) ও পদোন্নতি প্রক্রিয়াকে অনেক বেশি সহজ ও বাধামুক্ত করতে হবে। সর্বোপরি, পিএইচডি সম্পন্ন করে যোগ দেওয়া শিক্ষকদের ডিগ্রির ন্যায্য স্বীকৃতিস্বরূপ তাঁদের গবেষণার একটি নির্দিষ্ট সময়কালকে মূল চাকরিকালের (সিনিয়রিটি) সঙ্গে যুক্ত করা এবং তাঁদের সমসংখ্যক অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান করা এখন সময়ের দাবি

সমুদ্রের নীল জলেই বাংলাদেশের নতুন সম্ভাবনা

মো. সুলতান উদ্দীন

বাংলাদেশকে আমরা সাধারণত নদী, কৃষি, শিল্প ও জনশক্তির দেশ হিসেবে দেখি। অথচ দেশের ভবিষ্যৎ অর্থনীতির আরেকটি বড় সম্ভাবনা ছড়িয়ে আছে সমুদ্রের ওপারে। বঙ্গোপসাগর আমাদের জন্য শুধু একটি সামুদ্রিক সীমানা নয়; এটি হতে পারে নতুন অর্থনৈতিক কর্মকাণ্ড, কর্মসংস্থান ও বিনিয়োগের বড় ক্ষেত্র।

বাংলাদেশের এক্সক্লুসিভ ইকোনোমিক জোন বা একচেটিয়া অর্থনৈতিক অঞ্চলের আয়তন প্রায় ১ লাখ ১৮ হাজার ৮১৩ বর্গকিলোমিটার। রয়েছে দীর্ঘ উপকূলরেখা এবং দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার গুরুত্বপূর্ণ সংযোগস্থলে অবস্থানের সুবিধা। প্রশ্ন হলো, এই বিশাল সামুদ্রিক সম্পদকে আমরা কতটা অর্থনৈতিক শক্তিতে পরিণত করতে পারছি?

বাংলাদেশকে সমুদ্র অর্থনীতি শূন্য থেকে শুরু করতে হবে না। আমাদের রয়েছে সমুদ্র, বন্দর, জেলে সম্প্রদায়, শিপ রিসাইক্লিং শিল্প, নৌপরিবহন, শিল্পভিত্তি এবং বিপুল কর্মক্ষম জনগোষ্ঠী। এখন প্রয়োজন এসব সক্ষমতাকে একটি সুসংগঠিত অর্থনৈতিক পরিকল্পনার সঙ্গে যুক্ত করা। বঙ্গোপসাগর থেকে শুধু মাছ নয়-জাহাজ, পর্যটন, পরিবহন, প্রযুক্তি, গবেষণা, শিল্প ও কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরি করা সম্ভব। তবে তার জন্য দরকার দীর্ঘমেয়াদি দৃষ্টি, সঠিক বিনিয়োগ, দক্ষ মানুষ এবং পরিবেশের প্রতি দায়িত্বশীলতা। সামুদ্রিক সীমানা বাংলাদেশকে সম্ভাবনার জায়গা তৈরি করে দিয়েছে। এখন সেই সম্ভাবনাকে বাস্তব অর্থনীতিতে রূপ দেওয়ার পালা। সমুদ্রের নীল জল আমাদের চোখের সামনেই। সেটিকে শুধু সীমানা হিসেবে দেখব, নাকি ভবিষ্যতের সম্পদ হিসেবে গড়ে তুলব-সিদ্ধান্ত আমাদের

সমুদ্র ঘিরে বদলে যাচ্ছে বিশ্ব অর্থনীতি

বিশ্ব অর্থনীতিতে সমুদ্রের গুরুত্ব দ্রুত বাড়ছে। আঙ্কটাড-এর তথ্য অনুযায়ী, ১৯৯৫ থেকে ২০২০ সালের মধ্যে বৈশ্বিক সমুদ্র অর্থনীতির আকার প্রায় আড়াই গুণ বেড়েছে। বিশ্বজুড়ে প্রায় ৬০ কোটি মানুষ কোনো না কোনোভাবে সমুদ্রনির্ভর কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত।

সমুদ্র অর্থনীতি এখন মাছ ধরা বা পর্যটনের মধ্যে সীমাবদ্ধ নয়। জাহাজ নির্মাণ ও মেরামত, বন্দর ও নৌপরিবহন, সামুদ্রিক জ্বালানি, প্রযুক্তি, গবেষণা এবং জীবপ্রযুক্তিও এর অংশ।

ওইসিডি এর হিসাবে, ২০২০ সালে বৈশ্বিক সমুদ্র অর্থনীতির মোট মূল্য সংযোজনে চীনের অংশ ছিল প্রায় ২৩.৬ শতাংশ। জাপানের ৭.১, যুক্তরাষ্ট্রের ৭, ভারতের ৫ এবং যুক্তরাজ্যের প্রায় ৪.৯ শতাংশ। চীনের অংশ ১৯৯৫ সালের ৩.২ শতাংশ থেকে ২০২০ সালে ২৩.৬ শতাংশে পৌঁছেছে।

বাংলাদেশের জন্য শিক্ষা পরিষ্কার-সমুদ্রের পাশে অবস্থান করলেই সমুদ্র অর্থনীতি গড়ে ওঠে না। প্রয়োজন পরিকল্পনা, প্রযুক্তি, দক্ষ জনশক্তি, অবকাঠামো ও বিনিয়োগ।

সমুদ্র মানেই শুধু মাছ নয়

সামুদ্রিক মৎস্য বাংলাদেশের নীল অর্থনীতির সবচেয়ে পরিচিত ক্ষেত্র। কিন্তু মাছ ধরার পর সংরক্ষণ, পরিবহন, প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানির পুরো শৃঙ্খলটি উন্নত করাই হতে পারে বড় অর্থনৈতিক সুযোগ।

আধুনিক মাছ ধরার নৌযান, কোল্ড চেইন, উন্নত সংরক্ষণব্যবস্থা এবং আন্তর্জাতিক মানের প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র গড়ে তুলতে হবে। সমুদ্রবন্দর ও মাছ অবতরণ কেন্দ্রের কাছে বিশেষ সী-ফুড প্রসেসিং জোন করা যেতে পারে। এতে কাঁচা মাছের পরিবর্তে বেশি মূল্য সংযোজনকারী পণ্য রপ্তানির সুযোগ বাড়বে।

মৎস্যসম্পদ রক্ষায় নিয়মিত বৈজ্ঞানিক জরিপ, মাছ ধরার মৌসুম ও এলাকার কার্যকর ব্যবস্থাপনা এবং অবৈধ মাছ ধরা বন্ধে আধুনিক নজরদারিও জরুরি।

ভাঙার শিল্প পেরিয়ে নির্মাণের পথে

বাংলাদেশের শিপ রিসাইক্লিং শিল্পকে ভবিষ্যতের জাহাজ নির্মাণ ও সামুদ্রিক শিল্পের ভিত্তি হিসেবে কাজে লাগানো যেতে পারে।

আঙ্কটাড-এর তথ্য অনুযায়ী, ২০২৫ সালে বাংলাদেশ, ভারত ও তুরস্ক মিলে বিশ্বের প্রায় ৮০ শতাংশ জাহাজ পুনর্ব্যবহার করেছে। অন্যদিকে চীন, দক্ষিণ কোরিয়া ও জাপান বিশ্বে নির্মিত জাহাজের মোট গ্রস টোনেজ -এর প্রায় ৯১ শতাংশের সঙ্গে যুক্ত ছিল।

তাই বাংলাদেশের করণীয়শুধু শিপ রিসাইক্লিং -এ সীমাবদ্ধ থাকা নয়। সরকারি সহায়তায় শিপ রিপেয়ার, মেরিন ইঞ্জিনিয়ারিং, জাহাজের যন্ত্রাংশ উৎপাদন এবং ধাপে ধাপে জাহাজ নির্মাণে সক্ষমতা বাড়াতে হবে। এজন্য বিশেষায়িত প্রশিক্ষণ কেন্দ্র, প্রযুক্তি অংশীদারত্ব এবং দীর্ঘমেয়াদি শিল্পঋণের ব্যবস্থা করা যেতে পারে।

বন্দর হোক অর্থনীতির প্রবেশদ্বার

চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দরকে শুধু পণ্য ওঠানামার জায়গা হিসেবে দেখলে চলবে না। এগুলোকে আঞ্চলিক বাণিজ্য ও লজিস্টিক হাব হিসেবে গড়ে তোলার লক্ষ্য নিতে হবে।

বন্দর, সড়ক, রেল ও নৌপথের মধ্যে সিমলেস কানেকটিভিটি তৈরি করা জরুরি। কাস্টমসের আরও বেশি ডিজিটালাইজেশন, আধুনিক গুদাম, কনটেইনার হ্যান্ডেলিং এবং দ্রুত পণ্য খালাসের ব্যবস্থা করতে হবে।

বিশেষ করে চট্টগ্রাম ও মোংলাকে দেশের শিল্পাঞ্চলের সঙ্গে দ্রুত ও নির্ভরযোগ্য রেল ও সড়ক যোগাযোগে যুক্ত করা গেলে পরিবহন ব্যয় কমতে পারে। এতে রপ্তানিকারকদের প্রতিযোগিতা বাড়বে।

সাগরের সম্ভাবনা আরও অনেক দূর

ভবিষ্যতের নীল অর্থনীতিতে সামুদ্রিক পর্যটন, সী-উইড কাল্টিভেশন, জীবপ্রযুক্তি, অফশোর রিনিওয়েবল এনার্জি, গবেষণা ও মেরিন ডাটা সার্ভিসেস এর সুযোগ রয়েছে।

বাংলাদেশের উচিত সম্ভাবনাময় কয়েকটি খাত বেছে নিয়ে পরীক্ষামূলক প্রকল্প শুরু করা। যেমন-উপকূলীয় এলাকায় পরিবেশবান্ধব পর্যটন অঞ্চল, নির্বাচিত এলাকায় সী-উইড চাষ এবং সামুদ্রিক জীবসম্পদ নিয়ে গবেষণা ও পাইলট প্রকল্প।

স্যাটেলাইট, রিমোট সেন্সিং ও কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে মাছের মজুত, জাহাজ চলাচল, আবহাওয়া ও উপকূলের পরিবর্তন পর্যবেক্ষণের জন্য একটি এরপর ২৪ পৃষ্ঠায়

কবি ওমর খৈয়াম এবং তাঁর রুবাইয়াত

ওমর খৈয়াম, শেখসাদী, রুমী, হাফিজ এবং ফেরদৌসীর পারস্যের এমন অসংখ্য কবি সাহিত্য ছিলেন যাঁদের সম্পর্কে আমাদের অনেকের ধারণা নেই। একইভাবে রবীন্দ্রনাথ ও কাজী নজরুল ইসলামের শিল্প সাহিত্য ও জীবনদর্শনের সম্পূর্ণ বিশ্লেষণ করাও অসম্ভব। নজরুলের শিল্পকর্ম, শিল্প সাহিত্য ও বিশাল সাংস্কৃতিক দর্শনকে বুঝতে হলে তাঁর জীবনদর্শনের প্রতি ধারণা থাকতে হবে। নজরুলের বিস্ময়কর মেধা ও মননশীলতার পাশাপাশি তাঁর উত্থান-পতন এবং সাফল্য ব্যর্থতার সামগ্রিক জীবনের চৈতন্যের নানা বৈচিত্র্যের বর্ণনা করা কঠিন। বেশিরভাগ জীবনীকার নজরুলের পারিবারিক, সাংসারিক, রাজনৈতিক, সাহিত্যিক ও সাংবাদিক জীবনের নানা দিক সম্পর্কে মোটামুটি রচনা লিখেছেন, কিন্তু কারো দ্বারাই কোনো নির্দিষ্ট বিষয়ের উপর সম্পন্ন করতে পারেন নি

এবিএম সালেহ উদ্দীন

"রুটি মদ ফুরিয়ে যাবে প্রিয়ার কালো চোখ ঘোলাটে হয়ে যাবে থাকবে শুধু বই, -সেতো অনন্ত যৌবনা।" এই বিখ্যাত কবিতার চরণের স্রষ্টা পারস্যের কবি, প্রেম ও বিরহের কবি ওমর খৈয়াম (১৮ মে, ১০৪৮-৪ ডিসেম্বর, ১১৩১)। পুরো নাম গিয়াসউদ্দিন আবুল ফাতেহ ওমর ইবনে ইব্রাহিম আল-খৈয়াম নিশাপুরি। তিনি শুধুমাত্র একজন কবিই ছিলেন না। তিনি ছিলেন পৃথিবীর বিখ্যাত গণিতবিদ, দার্শনিক ও একজন খ্যাতিমান জ্যোতির্বিদ।

ওমর খৈয়াম ১০৪৮ সালের ১৮ মে ইরানের নিশাপুরে জন্মগ্রহণ করেন। তার পিতা ছিলেন তাঁবুর কারিগর ও মৃৎশিল্পী। ওমর খৈয়ামের পিতা ছিলেন তাঁবুর কারিগর এবং একজন মৃৎশিল্পী। যে শিল্পী মাটি দিয়ে বিভিন্ন জিনিস তৈরি করেন, তাকে সাধারণত 'কুমোর' বা 'মৃৎশিল্পী' বলা হয়।

ছোটবেলায় 'ওমর খৈয়াম'বালি শহরে সে সময়কার বিখ্যাত পণ্ডিত শেখ মুহাম্মদ মানসুরীর তত্ত্বাবধানে শিক্ষাগ্রহণ করেন। যুবক বয়সেই তিনি সমরখন্দে চলে যান এবং সেখানে শিক্ষা সমাপ্ত করেন।

তারপর বুখারায় নিজেকে মধ্যযুগের একজন প্রধান গণিতবিদ ও জ্যোতির্বিদ হিসাবে প্রতিষ্ঠিত করেন। তাঁর বীজগণিতের গুরুত্বপূর্ণ 'Treatise on Demonstration of Problems of Algebra' গ্রন্থে তিনি ত্রিঘাত সমীকরণের সমাধানের একটি পদ্ধতি বর্ণনা করেন। এই পদ্ধতিতে একটি পরাবৃত্তকে বৃত্তের ছেদক বানিয়ে ত্রিঘাত সমীকরণের সমাধান করা হয়। ইসলামি বর্ষপঞ্জি সংস্কারেও তার গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

তার কবিতা সমগ্র ওমর খৈয়ামের রুবাইয়াত না মে পরিচিত।

তবে সুউজ্জ্বল কাব্য-প্রতিভার আড়ালে তাঁর গাণিতিক ও দার্শনিকতা এবং বিজ্ঞানী হিশাবে বিরাট ভূমিকার অনেকখানি ঢাকা পড়ে আছে। এমনও জনশ্রুতি রয়েছে যে-,'রনে দেকার্ত'-এর আগে ওমরই প্রথম বিশ্লেষণী জ্যামিতি এবং স্বাধীনভাবে গণিতের দ্বিপদী উপপাদ্য আবিষ্কার করেন। বীজগণিতে ত্রিঘাত সমীকরণের সমাধানও তিনি প্রথম আবিষ্কার করেন।



বহুমুখী প্রতিভার দৃষ্টান্ত দিতে বলা হলে বিশ্বসাহিত্য কিংবা ইতিহাসে যাঁদের নাম উঠে আসবে, তাঁদের মধ্যে ওমর খৈয়াম অন্যতম ও শীর্ষস্থানীয়। মধ্যযুগের বিখ্যাত মুসলিম মনীষা জামাখশারি 'ওমর খৈয়াম'কে "বিশ্ব দার্শনিক" হিশেবে বর্ণনা করেছেন।

ইরান ও পারস্যের বাইরে ওমরের বড় পরিচয় কবি হিশাবে। ওমর খৈয়ামের বিশাল কাব্যসম্ভারের সঙ্গে রয়েছে অমর সৃষ্টি বিখ্যাত রুবাইয়াৎ। এই রুবাইয়াৎ বিশ্বের অনেক ভাষায় অনূদিত হওয়ার ফলে তাঁর পরিচিতি ও খ্যাতি সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়ে।

বিশেষ করে আমেরিকা ও ইউরোপীয়ান দেশগুলোতে তাঁর কবিতার প্রভাব সবচেয়ে বেশি। ইংরেজ মনীষী 'টমাস হাইড' যিনি প্রথম ওমর খৈয়ামের সাহিত্য প্রতিভা সম্পর্কে গবেষণা করেন। তবে, এটা অনস্বীকার্য যে, -বহির্বিশ্বে তাকে সবচেয়ে বেশি জনপ্রিয় করে তোলেন 'এডওয়ার্ড ফিটজেরাল্ড'। তিনিই প্রথম খৈয়ামের ছোট ছোট কবিতা বা রুবাই ইংরেজিতে অনুবাদ করেন এবং'রুবাইয়্যাতে ওমর খৈয়াম'নামে প্রকাশ করেন।

জীবনের পুরো সময় জুড়ে ওমর খৈয়ামের কর্তব্য পরায়নতা ও একজন নিষ্ঠাবান শিক্ষক এবং জ্ঞানবিশারদ হিশেবে নিজেকে খ্যাতিমান করে গেছেন। দিনের বেলায় জ্যামিতি ও বীজগণিত পড়ানো, সন্ধ্যায় ইরানের রাজা মালিক-শাহের দরবারে পরামর্শ প্রদান করতেন। আর রাতে তিনি জ্যোতির্বিজ্ঞান চর্চার পাশাপাশি জালালি বর্ষপঞ্জি সংশোধনের মাধ্যমে নিষ্ঠার সঙ্গে সেটি সম্পন্ন করেন। তাঁর সঙ্গে জ্যোতির্বিজ্ঞান ও চিকিৎসা বিষয়ক জগদবিখ্যাত কাজগুলোরও সম্পাদন করেন।

ওমরের সঙ্গে আরো দুইজন মিলে তিনজনেই জালালি ক্যালেন্ডার প্রতিষ্ঠা করেছিলেন। সেই বর্ষপঞ্জির সৃষ্টিকর্মকে অবলম্বন করেই সৌরবর্ষের আবিষ্কারক হিশাবে তিনি ইতিহাসে স্থান করে নেন।

ইরানের ইসফাহান শহরে ওমরের দিনগুলি খুবই গুরুত্বপূর্ণ ও কার্যকর ছিল। কিন্তু আততায়ীর হাতে সুলতান মালিক শাহের মৃত্যুর পর তার বিধবা পত্নী ওমরের ওপর রুষ্ট হলে ওমর হজ্ব করার জন্য মক্কা ও মদীনায় চলে যান। পরে রাষ্ট্রীয়ভাবে তাঁকে পুনরায় ইরানের নিশাপুরে ফেরার অনুমতি দেওয়া হয়।

নিশাপুরে ওমর গণিত, জ্যোতির্বিজ্ঞান ও চিকিৎসাশাস্ত্র আরও কিছু বৈজ্ঞানবিষয়ক দিকগুলো নিয়ে ব্যাপক গবেষণার মাধ্যমে তাঁর বিখ্যাত কাজগুলো সম্পন্ন করেন।

জীবদ্দশায় ওমরের খ্যাতি ছিল একজন বিখ্যাত গণিতবিদ হিশাবে। ইসলামী সভ্যতার জ্ঞান-বিজ্ঞানের সোনালী যুগে অর্থাৎ এখন থেকে প্রায় এক হাজার বছর আগে বীজগণিতের যেসব উপপাদ্য এবং জ্যোতির্বিদ্যার যেসব তত্ত্ব 'ওমর খৈয়াম'দিয়ে গেছেন সেগুলো এখনও গণিতবিদ এবং বিশ্বের মহাকাশ গবেষক বা জ্যোতির্বিদদের গবেষণায় যথাযথ সূত্র হিশেবে ব্যবহৃত হচ্ছে। ওমরের এরপর ২০ পৃষ্ঠায়

ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভুবনে স্বাগতম

For more information contact:
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খায়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারুন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী ঠিকানা। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে ম'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর হতোদ্যম হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যবর্তী হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তুতি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল ষড়যন্ত্রের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে ক্রমাগতভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে ম'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্‌ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্‌র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা ভুয়াভিত্তিক বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহক্কোরাইপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র দৈয়দ আলী রেজার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)

Michael Taub, Esq.

Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

IMMIGRATION
(Consultation fee applies)

ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.

Attorney
Michigan Only.

Attorney
New Jersey Only

Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only

Attorney
Pennsylvania Only

WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

আবারও সেই একই ভুল!

> দলের একক প্রার্থী দিয়ে স্থানীয় সরকার নির্বাচন দিনশেষে বিএনপির জন্য ক্ষতি বয়ে আনবে। আওয়ামী লীগ চেষ্টা করেছে। পারেনি। বিএনপিও পারবে বলে মনে হয় না; বরং স্থানীয় পর্যায়ে বিভেদ বাড়বে এবং দল ক্ষতিগ্রস্ত হবে। এর চেয়ে বরং অরাজনৈতিকভাবে নির্বাচন করার ব্যবস্থা করা হোক। গত ১৫-১৬ বছর স্বাধীনভাবে রাজনৈতিক কর্মকাণ্ড করতে না পারায় বিএনপিতে যোগ্য নেতার সংকট দেখা দিয়েছে। অরাজনৈতিকভাবে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠান করা গেলে জনগণের পছন্দমতো কিছু নেতা নির্বাচিত হবেন এবং তারা ভবিষ্যতে সংকটময় পরিস্থিতিতে বিএনপির হাল ধরতে পারবেন। আওয়ামী লীগের অভিজ্ঞতা থেকে বিএনপি শিক্ষা নিলে দল বাঁচবে। দেশের এ সংকটময় পরিস্থিতিতে বিএনপির মতো একটি মধ্যপন্থী দল খুবই প্রয়োজন। এর অন্যথা হলে মাশুল দিতে হবে দলকে ও দেশকে

কামরান রেজা চৌধুরী

আগামী স্থানীয় সরকার নির্বাচন নিয়ে ক্ষমতাসীন বিএনপির সর্বশেষ অবস্থান সত্যিই হতাশার। সংবাদমাধ্যমের খবরে জানা যায়, রবিবার (অক্টোবর ১১) গুলশানে বিএনপির চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে দলের জাতীয় স্থায়ী কমিটির বৈঠকে সিদ্ধান্ত হয়, দলটি স্থানীয় নির্বাচনে একক প্রার্থী দিতে চায়। এ সিদ্ধান্তের মাধ্যমে ধরে নেওয়া যায়, হয়তো স্থানীয় নির্বাচনে দলীয় প্রতীক ব্যবহার হতে যাচ্ছে। হলে সেটি বিএনপির ৩১ দফা রাষ্ট্র সংস্কারের দফা ৭-এর বরখেলাপ।

আবার দলীয় প্রতীক ব্যবহার না করে দলীয়ভাবে একক প্রার্থী দেওয়ার অর্থই হলো স্থানীয় নির্বাচনকে দলীয়করণ করা, যা এরই মধ্যে দেশের রাজনৈতিক ব্যবস্থার জন্য মারাত্মক পরিণতি ডেকে এনেছে। এ পরিস্থিতির জন্য বিগত আওয়ামী লীগ সরকার ও এর অতি-উৎসাহী আমলাতন্ত্র দায়ী।

বাংলাদেশে সিটি করপোরেশন ছাড়া অন্য সব স্থানীয় সরকার প্রতিষ্ঠান, যেমন- উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের নির্বাচন দলীয় প্রতীকে অনুষ্ঠিত হতো না। ২০০৯ সালে সরকার গঠন করে পাঁচ বছর মেয়াদের শেষ দিকে ১৫ জুন, ২০১৩ দলীয় প্রতীকে সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। রাজশাহী, সিলেট, খুলনা ও বরিশাল সিটি করপোরেশন নির্বাচনে বিএনপির প্রার্থীরা জয়ী হন।

২০১৪ সালের শুরুতে অনুষ্ঠিতব্য দশম জাতীয় সংসদ নির্বাচনের আগে দলীয় প্রতীকে সিটি করপোরেশন নির্বাচন করার রাজনৈতিক একটা উদ্দেশ্য ছিল।

২০১১ সালের ৩০ জুন সংবিধান থেকে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করার পর মানুষের মধ্যে প্রশ্ন ছিল, দলীয় সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত হলে ক্ষমতাসীন দল পরাজিত হবে না। এ ধারণাকে ভ্রান্ত প্রমাণ করতেই মূলত দলীয় প্রতীকে অনুষ্ঠিত সিটি করপোরেশন নির্বাচনে কোনো ধরনের হস্তক্ষেপ করেনি সরকার। এর উদ্দেশ্য ছিল, বিএনপি তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল করার যে দাবি জানিয়ে আসছিল, সে দাবিকে ভুল প্রমাণ করা। আমরা দেখেছি, সিটি নির্বাচনের পর আওয়ামী লীগের পক্ষ থেকে বলা হয়, দলীয় সরকারের অধীনেও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত হতে পারে।

অরাজনৈতিকভাবে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠান করা



গেলে জনগণের পছন্দমতো কিছু নেতা নির্বাচিত হবেন এবং তারা ভবিষ্যতে সংকটময় পরিস্থিতিতে বিএনপির হাল ধরতে পারবেন

তবে সিটি নির্বাচনে জয়ী হওয়ার পর তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহালের দাবি আরও শক্তিশালী হয়। বিএনপি প্রচার করে, আগামী নির্বাচনে তারা জয়ী হবে এবং চার সিটি নির্বাচনে জয় তারই প্রমাণ। তাদের নিশ্চিত জয় ছিনিয়ে নিতেই সংবিধান থেকে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাদ দিয়ে দলীয় সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করা হয়েছে।

দলীয় প্রতীকে স্থানীয় নির্বাচনের আরেকটি উদ্দেশ্য ছিল, 'নৌকা প্রতীককে দেশের প্রত্যন্ত অঞ্চলে পৌঁছে দেওয়া।' সে উদ্দেশ্য কতটুকু সফল হয়েছে, তা বলা না গেলেও প্রত্যন্ত অঞ্চলে আওয়ামী লীগের গৃহদাহ পৌঁছে দেওয়া গেছে।

২০১৪ সালের ৫ জানুয়ারি একতরফা নির্বাচনের পর ক্ষমতায় এসে স্থানীয় নির্বাচন অনুষ্ঠানের আয়োজন করে সরকার। দলীয় প্রতীকে অনুষ্ঠিত করতে আইন সংশোধন করা হয়। ২০১৫ সালের সেই নির্বাচনে বিএনপি অংশগ্রহণ করে এবং সেখানে ব্যাপক কারচুপি ও জালিয়াতি হয়। এর মাধ্যমে স্থানীয় সরকার নির্বাচন ব্যবস্থার মেরুদণ্ড ভেঙে দেওয়া হয়।

দলীয় প্রতীক পেতে দলের নেতাকর্মীরা এত মরিয়া হয়ে ওঠেন যে, গ্রামপর্যায়ে দলীয় সহিংসতা ছড়িয়ে পড়ে। দল থেকে হুঁশিয়ারি দেওয়া হয়, দলীয় প্রার্থীর পক্ষে কাজ না করলে কঠোর ব্যবস্থা। এ সুযোগ কাজে লাগিয়ে দলীয় মনোনয়ন কেনাবেচা শুরু হয়ে যায়। মনোনয়ন বিক্রির মধ্যে মন্ত্রী-এমপি থেকে শুরু করে নির্বাচনী বোর্ডের সদস্যরাও ছিলেন। ফলে নির্বাচন প্রক্রিয়া থেকে বাদ পড়ে যান দলের ত্যাগী নেতারা, যাদের টাকা-পয়সা নেই। এভাবে আওয়ামী লীগ নামক দলটি সাংগঠনিকভাবে চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়।

তবে দেশের সব স্থানে দলীয় প্রতীকে ইউনিয়ন পরিষদ নির্বাচন হলেও তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার জেলা গোপালগঞ্জে দলীয় প্রতীকে নির্বাচন অনুষ্ঠিত হয়নি। সেখানে অরাজনৈতিকভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়। একইভাবে মাদারীপুর জেলায়ও অরাজনৈতিকভাবে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। মাদারীপুর সদর আসনের সংসদ সদস্য আওয়ামী লীগ কেন্দ্রীয় কমিটির সভায় প্রকাশ্যে বলেছেন, তার জেলায় তিনি দলীয় প্রতীকে নির্বাচন চান না। সে কারণে তার জেলায় অরাজনৈতিকভাবে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

দলীয় প্রতীকে নির্বাচন অনুষ্ঠিত হলে নেতাকর্মীদের মধ্যে বিভেদ এবং হানাহানি বৃদ্ধি পায়, যা কেন্দ্রীয়ভাবে ব্যবস্থা নিলে কোনো লাভ হয় না। নেতাকে বহিষ্কার করলে সংগঠনের ক্ষতিই হয়; লাভ হয় না।

আমার আশঙ্কা, ক্ষমতাসীন দল বিএনপি অনেকটা আওয়ামী লীগের পথে হাঁটছে। আওয়ামী লীগ যেভাবে ধ্বংসের পর্যায়ে গেছে, বিএনপি কি সেদিকেই অগ্রসর হচ্ছে? বিএনপির সামনে সুযোগ আছে শোধরানোর।

দেশকে রক্ষা করতে হলে রাজনৈতিক ব্যবস্থাকে রক্ষা করতে হবে। রাজনৈতিক ব্যবস্থাকে এরপর ২৪ পৃষ্ঠায়

দেশের ভাবমূর্তি উজ্জ্বল করতে শাহজালাল বিমানবন্দরকে আধুনিক করুন, বন্ধ হোক অব্যবস্থাপনা ও যাত্রী হয়রানি

ব্যারিস্টার নজির আহমদ

যে কোনো দেশের রাজধানীতে বা তার আশপাশে থাকা প্রধান বিমানবন্দর হলো সে দেশের মূল প্রবেশদ্বার। বিদেশি পর্যটক ও পরিব্রাজকরা আন্তর্জাতিক বিমানবন্দরে নেমেই সংশ্লিষ্ট দেশ সম্পর্কে একটি সম্যক ধারণা পান। আগতিক দেশের কৃষ্টি, সংস্কৃতি, আচার-আচরণ, সার্বিক পরিস্থিতি ও পরিবেশের একটি ঝলক পাওয়া যায় তাদের প্রধান বিমানবন্দরে। এমন উপলব্ধি হয়েছে আমার ব্যক্তিগতভাবে পৃথিবীর প্রায় ৯০টি দেশ সফর করে। ইংরেজিতে একটি কথা আছে, 'ফার্স্ট ইমপ্রেশন লাস্টস'। বিভিন্ন দেশের বিমানবন্দরের অবস্থা দেখার সুখকর ও দুঃখজনক অভিজ্ঞতা দীর্ঘদিন তাড়িত করেছে এবং এখনও করে। বিভিন্ন সময় বিভিন্ন অনুষ্ঠানে দেয়া বক্তৃতায় তা উদাহরণ হিসেবে তুলে ধরি।

বাংলাদেশের প্রধান ও সত্যিকার অর্থে আন্তর্জাতিক বিমানবন্দর হচ্ছে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর। এই বিমানবন্দরই বাংলাদেশে প্রবাসী ও বিদেশিদের জন্য প্রধান প্রবেশপথ। বিদেশিরা এসেই এখানে বাংলাদেশ সম্পর্কে একটি সম্যক ধারণা পাবেন, বিধায় এই বিমানবন্দরের সার্বিক ব্যবস্থাপনা হওয়া উচিৎ ছিল আরো গতিশীল, চমৎকার ও আন্তরিক, দক্ষ ও সুষ্ঠু এবং অন্যান্য দেশের বিমানবন্দরের সাথে প্রতিযোগিতাকারী। অথচ আমরা দেখি প্রায় এর সম্পূর্ণ বিপরীত। ইমিগ্রেশনে দীর্ঘসূত্রিতা, লাগেজ বেল্টে পেতে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা, লাগেজ কেটে মালামাল চুরির অভিযোগ, দীর্ঘ সময় ট্রলির জন্য লাইনে দাঁড়ানো - এগুলো যেন নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে।

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের বর্তমান হ-য-ব-র-ল পরিস্থিতি যে এখনই সৃষ্টি হয়েছে বা এই সরকারের সময়েই সৃষ্ট- এমনটি নয়। এই অনিয়ম ও হয়রানিমূলক অবস্থা দীর্ঘদিন ধরে চলে আসছে। পতিত সরকারের শেষ বছর থেকে শুরু করে বর্তমান সরকার ক্ষমতায় আসার আগ পর্যন্ত মোট পাঁচ বার বাংলাদেশ সফর করেছি। প্রতিবারই এমন অনিয়ম, হয়রানিমূলক ব্যবস্থা ও হ-য-ব-র-ল অবস্থা লক্ষ্য করে এসেছি। সর্বশেষ সফরে ঢাকায় অবস্থানকালে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা শেখ বশির উদ্দীনের সঙ্গে সাক্ষাৎ করে বিমানবন্দরের হ-য-ব-র-ল পরিস্থিতির কথা বলে এসেছি। বিষয়টি তার কাছে ভালোভাবে পৌঁছেছে বা তিনি সিরিয়াসলি বিষয়টি নিয়েছিলেন কিনা জানি না। অবশ্য তার উপদেষ্টা পদের মেয়াদ তখন মাস খানেকও ছিলো না।

তিনটি ফ্লাইট ঢাকায় এক সঙ্গে নামলে স্টাফরা ম্যানেজ করতে হিমশিম খান, ইমিগ্রেশনে লম্বা লাইন হয়, লাগেজ পেতে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হয় ও ট্রলির সংকট দেখা দেয়। এবার চিন্তা করুন - অফিসিয়াল তথ্য অনুযায়ী, লন্ডন হিথ্রোতে পিক আওয়ারে অর্থাৎ ব্যস্ত সময়ে প্রতি ৯০ সেকেন্ডে একটি ফ্লাইট নামে। গড়ে প্রতিদিন ১৩০০ ফ্লাইট উঠানামা করে। কত স্মুথলি হিথ্রো এয়ারপোর্ট কর্তৃপক্ষ তা হ্যান্ডেল করে। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মূল সংকট ব্যবস্থাপনার, সংকট কিছু স্টাফদের দক্ষতা ও যোগ্যতার।

লন্ডন হিথ্রো বিমানবন্দর হয়তো উন্নত দেশের একটি বিমানবন্দর, সুতরাং সেটির কথা না হয় বাদই দিলাম। আমাদের আশেপাশের দেশগুলো যেমন নেপাল, শ্রীলংকা, মালদ্বীপ, থাইল্যান্ড, মালয়েশিয়া ও ভুটানের আন্তর্জাতিক বিমানবন্দরের ব্যবস্থাপনা ও সার্ভিস তো আমাদের শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের চেয়ে বেশ উন্নত। নিজ চোখে দেখে এসে বলছি - ওইসব বিমানবন্দরগুলোতেও তো দীর্ঘ সময় ইমিগ্রেশন ও লাগেজের জন্য অপেক্ষা করতে হয় না বা ট্রলির জন্য লাইন ধরে দাঁড়াতে হয় না। বাংলাদেশের প্রধান বিমানবন্দরে এমনটি হবে কেন? সিংগাপুর বিমানবন্দরে ব্যস্ততম সময়ে মিনিট কয়েকের মধ্যে ইমিগ্রেশন করে বেল্টে গিয়ে লাগেজ পেয়েছি।

বাংলাদেশের আশেপাশের দেশগুলোর কথা বাদ দিলাম। খোদ আফ্রিকার দেশ কেনিয়া, তিউনিসিয়া ও সেনেগালেও ঢাকার দৃশ্য দেখিনি। অথচ ওই দেশগুলোর অর্থনীতি বাংলাদেশের চেয়ে মোটেই বড় নয়। এমনকি দরিদ্র দেশ গাম্বিয়া যার পুরো রাজধানীর মধ্যে মাত্র একটি ফাইভ স্টার হোটেল আছে। রাজধানী বেয়ে যাওয়া নদীর উপর কোনো সেতু পর্যন্ত নেই- গাম্বিয়ার জনগণ ফেরি ও নৌকা দিয়ে নদী পার হোন। দেশটি আকারে ছোট - সিলেট বিভাগের চেয়েও ছোট। অর্থনীতি বাংলাদেশের চেয়ে অনেক দুর্বল ও পিছিয়ে। অথচ এমন দেশের প্রধান আন্তর্জাতিক বিমানবন্দরেও কোনো হয়রানি নেই, নেই লাগেজ বা ইমিগ্রেশনে দীর্ঘসূত্রিতা।

আমরা প্রায় সময় খারাপ বা নেতিবাচক অর্থে আফ্রিকার দেশ উগান্ডার নাম নেই বা উদাহরণ দেই। অথচ উগান্ডার মাকিরেরে ইউনিভার্সিটি ওয়ার্ল্ড র‍্যাংকিংয়ে ৫৬৯, আফ্রিকার মধ্যে ৪। কিন্তু আমরা অনেক কিছুতে গর্ব করা জাতি আমাদের একটি বিশ্ববিদ্যালয়ও আন্তর্জাতিক র‍্যাংকিংয়ে ওই অবস্থানে পৌঁছাতে পারেনি। সেই উগান্ডার এনতেবে আন্তর্জাতিক বিমানবন্দর নিজে চোখে দেখে এসেছি। সেখানেও যাত্রী হয়রানি দেখিনি, অনিয়ম পাইনি, লাগেজ পেতে দীর্ঘসময় অপেক্ষা করতে হয়নি বা ইমিগ্রেশনে দীর্ঘক্ষণ লাইনে দাঁড়ানো চোখে পড়েনি।

শাহজালাল আন্তর্জাতিক এরপর ২৬ পৃষ্ঠায়

> শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে নতুন টার্মিনাল নির্মাণ ও চালু হওয়া নি:সন্দেহে এক যুগান্তকারী পদক্ষেপ। এটি আন্তর্জাতিক যোগাযোগের ক্ষেত্রে হবে এক মাইলফলক। তবে বিমানবন্দরের বর্তমান অব্যবস্থাপনা ও নিম্নমানের পরিসেবা বজায় রেখে নতুন টার্মিনাল চালু করে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানো যাবে না। জটলা পাকানো, উৎকোচ পাওয়ার নিমিত্তে কৃত্রিম লাইন ও সংকট সৃষ্টি এবং মান্ধাতা আমলের প্র্যাকটিসের আওতায় ঘণ্টার পর ঘণ্টা ইমিগ্রেশন ও লাগেজের জন্য যাত্রীদের ভোগান্তিতে পেলে আধুনিক বিমানবন্দর ও উন্নত যাত্রীসেবা কল্পনা করা যায় না। তাই সমস্যার গোড়াতে হাত দিন। বিমানবন্দরে দুর্নীতি, অব্যবস্থাপনা, অনিয়ম, অহেতুক দীর্ঘসূত্রিতা ও যাত্রী হয়রানি মুলোৎপাটন করুন। এতে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে, বৃদ্ধি পাবে সরকারের সুনাম ও সাফল্য

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
Emirates
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
নাহিয়ান আজাদ ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
C-752, Ridge Dale Shopping Center
Uttar Badda, Dhaka-1212
01349328919
Phone: 917-396-4140, 917-592-7828

মধ্যপ্রাচ্য : প্রবাসীর চোখে জল, পাশে থাকুক বাংলাদেশ!

নিয়াজ মাহমুদ

একটি ফ্লাইট বাতিল হয়েছে। থেমে গেছে শুধু একটি উড়োজাহাজের যাত্রা নয়, কোনো পরিবারের স্বস্তি, কোনো শ্রমজীবী মানুষের কর্মস্থলে ফেরার স্বপ্ন, কোনো মায়ের নিশ্চিন্ত অপেক্ষা। ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ফ্লাইট বাতিলের খবর পেয়ে ফিরে যাওয়া যাত্রীদের উদ্বেগ তাই বিচ্ছিন্ন কোনো ঘটনা নয়। এর সঙ্গে জড়িয়ে আছে হাজারো প্রবাসী বাংলাদেশির জীবিকা, পরিবারের ভবিষ্যৎ এবং অনিশ্চিত সময়ে নিরাপদে বেঁচে থাকার আকাঙ্ক্ষা।

মধ্যপ্রাচ্যের চলমান অস্থিরতা যখন সৌদি আরবের বিমান চলাচলে প্রভাব ফেলছে, তখন এই মানুষগুলোর উৎকণ্ঠা আমাদের মনে করিয়ে দেয় একটি গুরুত্বপূর্ণ সত্য, প্রবাসীরা শুধু রেমিট্যান্স পাঠানো মানুষ নন; তাঁরা আমাদের পরিবারের সদস্য, দেশের অর্থনীতির শক্তি এবং জাতীয় জীবনের অবিচ্ছেদ্য অংশ। তাঁদের নিরাপত্তা, মর্যাদা ও জীবিকার প্রশ্নে রাষ্ট্রের দায়িত্ব তাই শুধু আনুষ্ঠানিক বিবৃতিতে সীমাবদ্ধ থাকতে পারে না।

সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশিদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছে রিয়াদে বাংলাদেশ মিশন। চলমান পরিস্থিতি নিয়ে ছবি, ভিডিও কিংবা তথ্য ধারণ, আদান-প্রদান ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশের ক্ষেত্রে সৌদি আইনের বিধিনিষেধ মেনে চলার পরামর্শও দেওয়া হয়েছে। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সতর্কবার্তা। কারণ সংকটের সময় একটি গুজব, যাচাই না করা ভিডিও কিংবা অসতর্ক সামাজিক যোগাযোগমাধ্যমের পোস্টও বড় বিপদের কারণ হতে পারে। যে দেশে বসবাস করছি, সে দেশের আইন ও নিরাপত্তাবিষয়ক নির্দেশনা মেনে চলা প্রত্যেক নাগরিকের দায়িত্ব।

তবে সতর্কবার্তার পাশাপাশি প্রবাসীদের কাছে নির্ভরযোগ্য তথ্য পৌঁছে দেওয়া, জরুরি পরিস্থিতিতে কোথায় যোগাযোগ করতে হবে তা জানানো এবং বিপদে পড়লে দ্রুত সহায়তা দেওয়ার ব্যবস্থাও নিশ্চিত করতে হবে। দূতাবাসের নির্দেশনা তখনই পূর্ণতা পাবে, যখন একজন সাধারণ শ্রমিকও বুঝতে পারবেন-কী করবেন, কোথায় যোগাযোগ করবেন এবং জরুরি প্রয়োজনে কীভাবে সহায়তা পাবেন। সংকটের সময় মানুষ শুধু নির্দেশনা চান না; তাঁরা ভরসাও চান।

৫ হাজার ৪১৮ যাত্রীর পেছনে কত গল্প! বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) উদ্ধৃত তথ্য অনুযায়ী, সৌদি আরবের বিমানবন্দরগুলোর কার্যক্রম বন্ধ বা সীমিত হওয়ার প্রভাবে বাংলাদেশ-সংশ্লিষ্ট ৫১টি ফ্লাইট বাতিল বা স্থগিত হয়েছে। এতে ক্ষতিগ্রস্ত হয়েছেন ৫ হাজার ৪১৮ যাত্রী। এর মধ্যে ১২টি সরাসরি ফ্লাইট এবং ৩৯টি ট্রানজিট ফ্লাইট রয়েছে। সংখ্যাটি বড়। কিন্তু প্রতিটি সংখ্যার পেছনে যে আলাদা জীবন, আলাদা গল্প, আলাদা স্বপ্ন রয়েছে, সেটিই সবচেয়ে গুরুত্বপূর্ণ।

কেউ দীর্ঘদিন পর পরিবারের কাছে ফিরছিলেন। কেউ ছুটি কাটিয়ে কর্মস্থলে ফিরতে চেয়েছিলেন। কেউ নতুন চাকরিতে যোগ দেওয়ার পরিকল্পনা করেছিলেন। কারও হয়তো চিকিৎসা কিংবা অন্য কোনো জরুরি প্রয়োজনে যাত্রা করা দরকার ছিল।

বিমানবন্দরে এসে ফ্লাইট বাতিলের খবর পাওয়া একজন যাত্রীর কাছে বিষয়টি শুধু টিকিটের সময়সূচি বদলে যাওয়া নয়। এর সঙ্গে যুক্ত হতে পারে অতিরিক্ত খরচ, কর্মস্থলে অনুপস্থিতির জটিলতা, নিয়োগকর্তার অসন্তোষ কিংবা চাকরি হারানোর আশঙ্কা।

প্রকাশিত তথ্য অনুযায়ী, সৌদি আরবের রিয়াদ বিমানবন্দর বন্ধ থাকায় ইউএস-বাংলা এয়ারলাইনস ২১ অক্টোবর পর্যন্ত ঢাকা-রিয়াদ-ঢাকা রুটের ফ্লাইট বাতিলের ঘোষণা দিয়েছে। অন্যান্য বিমান সংস্থার ফ্লাইটের অবস্থাও পরিবর্তিত হতে পারে। তাই যাত্রীদের বিমানবন্দরে যাওয়ার আগে সংশ্লিষ্ট এয়ারলাইনসের কাছ থেকে সর্বশেষ তথ্য নিশ্চিত করা জরুরি।

নিরাপত্তার স্বার্থে ফ্লাইট বাতিল বা স্থগিত করার সিদ্ধান্ত অনেক সময় অনিবার্য। বিমান সংস্থাগুলোর প্রথম দায়িত্ব যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করা। কিন্তু একই সঙ্গে যাত্রীদের প্রতি তাদের মানবিক দায়িত্বও রয়েছে।

শুধু ফ্লাইট বাতিলের ঘোষণা নয়, টিকিট পরিবর্তন, অর্থ ফেরত, বিকল্প যাত্রাপথ এবং নতুন সময়সূচি সম্পর্কে স্পষ্ট তথ্য দিতে হবে। বিশেষ করে যাঁরা বিদেশে কর্মস্থলে ফেরার জন্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে যাত্রা করতে চান, তাঁদের সমস্যাকে গুরুত্ব দেওয়া প্রয়োজন। চাকরি হারানোর ভয় যেন আরেক সংকট না হয়। প্রবাসী কর্মীদের অনেকেই সীমিত আয়ের মানুষ। বিদেশে যাওয়ার জন্য কেউ ঋণ করেছেন, কেউ জমি বন্ধক রেখেছেন, কেউ পরিবারের সঞ্চয় ব্যয় করেছেন। মাস শেষে তাঁদের পাঠানো অর্থে চলে দেশের অসংখ্য পরিবারের সংসার, সন্তানের পড়াশোনা এবং মা-বাবার চিকিৎসা।

এই মানুষগুলো যখন অনিবার্য কারণে কর্মস্থলে ফিরতে পারেন না, তখন তাঁদের উদ্বেগ শুধু নিজের চাকরি নিয়ে থাকে না; পরিবারের ভবিষ্যৎও সেই উদ্বেগের সঙ্গে জড়িয়ে যায়। ফ্লাইট বাতিলের কারণে কোনো কর্মী যদি নির্ধারিত সময়ে কাজে যোগ দিতে না পারেন, তাহলে তাঁর অনুপস্থিতিকে কীভাবে বিবেচনা করা হবে? নিয়োগকর্তার সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে তাঁকে কে সহায়তা করবেন? চাকরিতে যোগদানের সময় বাড়ানোর জন্য প্রয়োজনীয় কাগজপত্র কীভাবে সংগ্রহ করবেন? এসব প্রশ্নের উত্তর একেকজনের ক্ষেত্রে একেক রকম হতে পারে। কিন্তু উত্তর খোঁজার পথে তাঁদের একা ফেলে রাখা উচিত নয়।

বাংলাদেশ দূতাবাস, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট সংস্থাগুলো সমন্বিতভাবে কাজ করতে পারে। কর্মীদের প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ, নিয়োগকর্তার সঙ্গে যোগাযোগ এবং জরুরি এরপর ২০ পৃষ্ঠায়

> তিনি কারও বাবা, কারও মা, কারও ভাই, কারও বোন। তাঁর অপেক্ষায় দেশে একটি পরিবার বেঁচে থাকে, তাঁর পাঠানো অর্থে একটি সংসার চলে, তাঁর নিরাপদে ফেরার আশায় একটি বাড়িতে আলো জ্বলে। সংকটের সময় রাষ্ট্রের সবচেয়ে বড় পরিচয় তার শক্তি নয়, তার মানবিকতা। সৌদি আরবে অস্থিরতার এই সময়ে বাংলাদেশের কাছে প্রত্যাশা একটাই প্রবাসীরা যেন নিরাপদ থাকেন, তাঁদের জীবিকা যেন অকারণে বিপন্ন না হয় এবং বিপদের মুহূর্তে তাঁরা যেন কখনো নিজেদের একা মনে না করেন। প্রবাসীর নিরাপত্তা নিশ্চিত হোক, পরিবারের উদ্বেগ কমুক, আর রাষ্ট্রের প্রতি আস্থা আরও দৃঢ় হোক। কারণ প্রবাসীরা শুধু দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করেন না, তাঁরা সমৃদ্ধ করেন দেশের প্রতিটি পরিবারের স্বপ্ন। তাঁদের পাশে দাঁড়ানো তাই কেবল দায়িত্ব নয়, আমাদের মানবিক অঙ্গীকার

ভারতে নির্বাচন কমিশন সংকট ও মোদির চ্যালেঞ্জ

ড. শেখ তৌফিক এম হক

> বাংলাদেশে আওয়ামী লীগের সময়ে আমরা যেমনটা দেখেছিলাম; বিরোধীদের কর্মসূচির সময় বাস-ট্রাক-লঞ্চ বন্ধ করে দিয়ে সরকার নিজেও হরতাল করত। ভারতে এমনটা আগে দেখা না গেলেও এবার তা দেখা গেল। এর ফলে গ্রেপ্তারের শিকার হয় হাজার হাজার মানুষ। পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও দিল্লির অরবিন্দ কেজরিওয়াল, ককরোচ পার্টির প্রধানকেও ধরে ছেড়ে দেওয়া হয়। ভারতে অবশ্য রাজনৈতিক নেতৃবৃন্দের ধরপাকড় নতুন কোনো বিষয় না। তবে এবারের ঘটনা আলাদা। এমনকি ইন্টারনেটও বন্ধ করতে হয় সরকারকে। সব মিলিয়ে আমি মনে করি, নরেন্দ্র মোদির সামনে কঠিন সময় অপেক্ষা করছে। ভারতের বর্তমান বিতর্কিত প্রধান নির্বাচন কমিশনার পদত্যাগ না করলে পরিস্থিতি আরও খারাপ হবে

ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগ দাবিতে অনেক দিন ধরে আন্দোলন চলছে। তবে শনিবার আন্দোলন যে মাত্রায় পৌঁছে এবং তা দমনে নরেন্দ্র মোদি সরকারের আচরণ অভাবনীয় মনে হয়েছে। ভারতে বিভিন্ন দাবিতে আন্দোলন হয় বটে, কিন্তু প্রধান নির্বাচন কমিশনারের বিরুদ্ধে এ ধরনের আন্দোলন আগে দেখা যায়নি। কারণ, নির্বাচন কমিশন সেখানে মোটামুটি নিরপেক্ষ প্রতিষ্ঠান হিসেবে দাঁড়িয়ে গেছে। ভারতের স্বাধীনতার পর থেকে এটি সবার কাছে গ্রহণযোগ্য প্রতিষ্ঠান হিসেবে ছিল। কিন্তু এবার অনেক ঘটনার পরিপ্রেক্ষিতে ভারতের নির্বাচন কমিশনের ব্যাপারে সে অবস্থান বদলে গেছে।

ভারতের নির্বাচন কমিশনের বিতর্কিত কিছু সিদ্ধান্তের কারণে জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবি উঠছে। দেশটির তরুণ সমাজ ও বিরোধী দল জোরদার আন্দোলন করছে। যদিও ভারতের রাজনৈতিক ইতিহাস পর্যালোচনায় আমরা দেখব, সেখানে সরকার পরিবর্তন সবসময় নির্বাচনের মধ্য দিয়ে হয়েছে। সামাজিক-রাজনৈতিক আন্দোলন কিংবা গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে ভারতে এখন পর্যন্ত কোনো সরকারের পরিবর্তন হয়নি। অন্যদিকে বাংলাদেশে আমরা নব্বইয়ের গণঅভ্যুত্থান কিংবা চব্বিশের গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে সরকার পরিবর্তন হতে দেখেছি। নেপাল ও শ্রীলঙ্কাতেও গণঅভ্যুত্থানে সরকার পরিবর্তন হয়েছে।

ইতিহাসের দিকে তাকালে আমরা দেখতে পাই, ভারতে ১৯৭৫ সাল থেকে বিরোধীদের আন্দোলনের কারণে দীর্ঘদিন জরুরি অবস্থা ছিল। সেখানকার বিশ্ববিদ্যালয়গুলোতে ইন্দিরা গান্ধীর শাসনের বিরুদ্ধে বিক্ষোভ প্রচণ্ড আকার ধারণ করেছিল। ফলে নির্বাচনে ইন্দিরা গান্ধীর ভরাডুবি হয়।

ভারতের বর্তমান প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ আন্দোলনের বড় প্রভাব আমরা নিশ্চয় দেখব। তিনি পদত্যাগ না করলে তা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পদত্যাগ আন্দোলনে পরিণত হতে পারে। তা ছাড়া আগামী নির্বাচনগুলোতে এর প্রভাব পড়বে। এ বছর এবং আগামী বছরে অনেকটি রাজ্যে নির্বাচন আছে। সেগুলোতে তো বটেই, ২০২৯ সালের জাতীয় নির্বাচনে এর প্রভাব পড়বে। ভোটারদের বিশেষ করে তরুণ ভোটারদের মনোভাবের ক্ষেত্রে একটা প্রভাব পড়তে পারে।

ভারতে সাম্প্রতিক সময়ের ককরোচ জনতা পার্টির আন্দোলনে সেখানকার শিক্ষামন্ত্রী পদত্যাগে বাধ্য হন। যেহেতু শিক্ষামন্ত্রী পদত্যাগ করেছেন, এখন হয়তো তাদের মূল দাবি থাকবে প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ। সেখানে ১৩ কোটি মানুষকে ভোটের অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে এবং অন্য দুজন কমিশনার ভিন্নমত দেওয়ার পরও প্রধান নির্বাচন কমিশনার কোনো রকম যাচাই-বাছাই না করে এটি করেছেন। এর ফলে বিরোধী দলগুলো মনে করছে, ভোটের ফলাফলে একটা বড় প্রভাব পড়বে।

সরকারের পক্ষপাতদুষ্টতা দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশে নির্বাচন কমিশনের ক্ষেত্রে কখনও কখনও দেখা গেছে। বিশেষ করে বাংলাদেশের অভিজ্ঞতা এ ক্ষেত্রে দুঃখজনক। কিন্তু ভারতে সেটি অকল্পনীয় হলেও নরেন্দ্র মোদি সরকারের এ সময়ে দেখা যাচ্ছে। ভারতের প্রতিষ্ঠানগুলোর যে নিরপেক্ষতা ছিল; নির্বাচন কমিশনের যে এক ধরনের গ্রহণযোগ্যতা; সেটি প্রশ্নবিদ্ধ হলো। আমার মনে হয়, ভারতে এই প্রধান কমিশনারকে রেখে আগামীতে কোনো নির্বাচন সুষ্ঠুভাবে করা সম্ভব না। বিরোধী দলগুলোর কাছে তো বটেই, অন্যদের কাছেও সেখানকার নির্বাচনে গ্রহণযোগ্যতা ও বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠবে।

টানা তৃতীয়বারের মতো ভারতের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করছেন নরেন্দ্র মোদি। মোদি সরকার এখন এই আন্দোলন ছাড়াও অর্থনীতি, প্রশাসনিক ব্যর্থতা এবং তরুণদের আন্দোলন- মানে একটা চতুর্মুখী সংকটের মধ্যে আছে। এমনিতেই ইসরায়েল-যুক্তরাষ্ট্র বনাম ইরান যুদ্ধের কারণে পুরো বিশ্ব সংকটে; বিশেষ করে যারা জ্বালানি আমদানিনির্ভর দেশ-বাংলাদেশ, পাকিস্তানের মতো সবারই সংকট আছে। ভারত বড় দেশ হিসেবে, বড় অর্থনীতি হিসেবে তারাও সংকটের মধ্যে আছে। যদিও তারা রাশিয়ান তেল কেনার মাধ্যমে সংকটকে কিছুটা মোকাবিলা করছে; সেটি করতে গিয়ে মার্কিন নিষেধাজ্ঞার মুখোমুখি হতে হচ্ছে। এর মধ্যে এই রাজনৈতিক সংকটও ঘনীভূত হয়ে বর্তমান সরকারের জন্য একটা চ্যালেঞ্জ তৈরি করল। সেই চ্যালেঞ্জ মোকাবিলায় মোদি সরকার কী করে- সেটিই দেখার বিষয়। আমার কাছে মনে হয়, শেষ পর্যন্ত প্রধান নির্বাচন কমিশনারকে পরিবর্তন করা ছাড়া এ সংকট সহজে কাটবে বলে মনে হয় না। কারণ আন্দোলন এখনও কমেনি। ধরপাকড়ের পরও দিল্লিতে আন্দোলনকারীরা তা অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে।

শনিবার ভারতের রাজধানী দিল্লিকে পুরোপুরি অচল করে ফেলেছিল কেন্দ্রীয় সরকার নিজে। জনজীবন স্তব্ধ করে দিয়েছিল। আন্দোলনস্থল যন্তরমন্তরকে কেন্দ্র করে ৫ কিলোমিটার এলাকার মধ্যে গত রোববার মোতায়েন করা হয়েছিল ৩৫ হাজার পুলিশ, র‍্যাফ ও আধা সামরিক বাহিনীর জওয়ান। যন্তরমন্তর ঘিরে তৈরি করা হয় সাতস্তরের ব্যারিকেড। বসানো হয় তিন হাজার সিসি ক্যামেরা। দিল্লি মেট্রোর ৪৫টি স্টেশন শুক্রবার রাত থেকে দিনভর যাত্রীদের জন্য বন্ধ রাখা হয়েছিল। সেখান থেকে কাউকে নামতে বা উঠতে দেওয়া হয়নি। বাংলাদেশে আওয়ামী লীগের সময়ে আমরা যেমনটা দেখেছিলাম; বিরোধীদের কর্মসূচির সময় বাস-ট্রাক-লঞ্চ বন্ধ করে দিয়ে সরকার নিজেও হরতাল করত। ভারতে এমনটা আগে দেখা এরপর ২৬ পৃষ্ঠায়

আপনার ঘর বা ব্যবসার জন্য
সিকিউরিটি ক্যামেরা ও ভিডিও ডোরবেল দরকার?
- রেসিডেনসিয়াল ও বিজনেসের জন্য ইনডোর ও আউটডোর ইনস্টলেশন।
- প্রফেশনাল সার্ভিস ।
বিস্তারিত জানতে যোগাযোগ করুন
929-365-1935

বাংলাদেশ সোসাইটির প্রথম নির্বাচনী ডিবেট এফবিডব্লিউ'র উদ্যোগে

৩ পৃষ্ঠার পর

অনুষ্ঠান সঞ্চালনা করেন সাংবাদিক খালেদ মহিউদ্দিন। অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ এবং বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

'আমরা ভবিষ্যতে একটি জনকল্যাণমূলক বাংলাদেশ সোসাইটি দেখতে চাই' এই প্রত্যয়কে সামনে রেখে আয়োজিত

বিতর্কে বাংলাদেশ সোসাইটিকে আরও কার্যকর, স্বচ্ছ, জবাবদিহিমূলক ও জনকল্যাণমুখী সংগঠন হিসেবে গড়ে তোলার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়।

বিতর্কে সভাপতি পদে দুই প্যানেলের প্রার্থী আতাউর রহমান সেলিম ও আজমল হোসেন কুনু অংশ নেন। সাধারণ সম্পাদক পদে দুই প্যানেলের প্রার্থী মোহাম্মদ আলী ও ফিরোজ আহমেদ এবং স্বতন্ত্র প্রার্থী রাব্বী সৈয়দ অংশগ্রহণ করেন। যুক্তরাষ্ট্রের নির্বাচনী বিতর্কের আদলে আয়োজিত এ অনুষ্ঠানে প্রার্থীরা সংগঠনের ভবিষ্যৎ পরিকল্পনা, নেতৃত্বের দায়বদ্ধতা এবং কমিউনিটির প্রত্যাশা নিয়ে নিজেদের বক্তব্য তুলে ধরেন। বাংলাদেশ সোসাইটির ৫০ বছরের ইতিহাসে এ ধরনের নির্বাচনী বিতর্ককে একটি ব্যতিক্রমী উদ্যোগ হিসেবে উল্লেখ করেন আয়োজকেরা। তাঁদের মতে, নির্বাচনের আগে প্রার্থীদের পরিকল্পনা, দৃষ্টিভঙ্গি ও অঙ্গীকার সম্পর্কে ভোটারদের সরাসরি জানার সুযোগ তৈরি করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য।

বিতর্কে বাংলাদেশ সোসাইটিকে আরও কার্যকর করার জন্য সাংগঠনিক মান উন্নয়ন, নতুন কর্মসূচি গ্রহণ, প্রবাসী বাংলাদেশিদের সম্মিলিত শক্তিকে জনকল্যাণে কাজে লাগানো এবং নতুন প্রজন্মকে সংগঠনের কার্যক্রমে সম্পৃক্ত করার বিষয়গুলো গুরুত্ব পায়। পাশাপাশি ভোটার পদ্ধতির সংস্কার, আর্থিক স্বচ্ছতা, ব্যয়ের লাগাম টেনে ধরে সদস্যদের কল্যাণে বেশি অর্থ ব্যয়, প্রশাসনিক জবাবদিহিতা এবং অতীতের ভুল থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে তোলার বিষয়েও আলোচনা হয়।

প্রার্থীরা বাংলাদেশ সোসাইটির কার্যক্রমকে আরও গতিশীল করার পাশাপাশি সংগঠনের সম্পদ ও অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করা এবং সদস্যদের স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার গুরুত্ব তুলে ধরেন। একটি আধুনিক, কার্যকর ও জনকল্যাণমুখী সংগঠন প্রতিষ্ঠায় পরিকল্পিত উদ্যোগ এবং নেতৃত্বের জবাবদিহিতা অপরিহার্য বলেও আলোচনায় উঠে আসে।

অনুষ্ঠানটি বিভিন্ন গণমাধ্যমে সরাসরি সম্প্রচার ও অনলাইনে প্রচার করা হয়। কমিউনিটির টিভি পুরো অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করে। এ ছাড়া অন্যান্য গণমাধ্যম, ব্লগার এবং সামাজিক যোগাযোগমাধ্যমের বিভিন্ন প্ল্যাটফর্মে অনুষ্ঠানটির প্রচার হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঠিকানা পত্রিকার এম এম শাহীন, ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের সভাপতি শহিদুল হক, বাংলাদেশ সোসাইটির সাবেক নির্বাচন কমিশনার নাসির খান পল, শাহজাহান শেখ, আরিফুল ইসলাম বাদল, এমএ আজিজসহ কমিউনিটির বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গ ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিরা।

অনুষ্ঠানের শেষপর্যায়ে ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ডের সভাপতি ইঞ্জিনিয়ার আব্দুল নুরমান এবং পরিচালক মাহফুজুর রহমান বিতর্কে অংশগ্রহণকারী প্রার্থী, গণমাধ্যমকর্মী, স্বেচ্ছাসেবক ও আয়োজন সফল করতে সহযোগিতাকারী সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরে উপস্থিত অতিথিদের সানাই রেস্টুরেন্টের নৈশভোজে আমন্ত্রণ জানানো হয়।

উল্লেখ্য, আগামী ২৫ অক্টোবর বাংলাদেশ সোসাইটির নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এ নির্বাচনকে সামনে রেখে যোগ্য প্রার্থী নির্বাচন এবং সংগঠনের ভবিষ্যৎ উন্নয়নে সচেতনভাবে ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটারদের প্রতি আহ্বান জানানো হয়।

আবাস'র নবনির্বাচিত কমিটি ঘোষণা

৩ পৃষ্ঠার পর

এই কমিটি আগামী দুই বছর সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী সংগঠনটি পরিচালনা করবে।

সংগঠনের নব নির্বাচিত দায়িত্ব প্রাপ্তরা হলেন সভাপতি-শরীফ খান (স্টাটেন আইল্যান্ড), সহ সভাপতি-দীপা দাস তিন্নি (কুইন্স নর্থ), সাধারণ সম্পাদক-জুবায়ের আহমেদ (কুইন্স সাউথ), কোষাধ্যক্ষ-আবুল হোসেন (কুইন্স নর্থ), সহ সাধারণ সম্পাদক- জাহাঙ্গীর আলম (কুইন্স নর্থ), সাংগঠনিক সম্পাদক - ইশিতা দাস (কুইন্স নর্থ), সাংস্কৃতিক সম্পাদক-তমা চক্রবর্তী (কুইন্স সাউথ), ক্রীড়া সম্পাদক - জুবায়ের বিন আবু মোল্লা (ব্রুকলিন নর্থ), কার্যকরী সদস্যরা হলেন- সেলিম চৌধুরী (ব্রুকলিন নর্থ), সারওয়ার চৌধুরী (ব্রুকলিন সাউথ), অসীম সরকার (ব্রুকলিন সাউথ), অমিত দে (সেন্ট্রাল), মুজিবুর রহমান (ম্যানহাটন সাউথ)।

এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ
Open 24 Hours
UA REPAIR
Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing
N.Y.S. Inspection
Low Price & Fully Guaranteed
United
Auto Repair & Body Shop, Inc.
Contact: Azam Tel: 718-786-6677
Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com
- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন
31 Street
38 Avenue
ইউনাইটেড অটো রিপেয়ার
ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়
38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101

ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
Tax Filing & Payroll
IRS Audit Assistance
Insurance &
Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432

PEOPLE N TECH
A Global Leader In IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
Selenium Automation Testing
SQL Server Database Administration
Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us

www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878
careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

Rtv
আজ ও আগামীর

"Quran for a Beautiful Life"

Under this title, Following the remarkable success of Seasons 1, 2 and 3, the holy Quran Telawat competition RTV Alokito Quran USA is returns with Season 4 for people living in North America.

GOLDEN AGE HOME CARE | সাপ্তাহিক আজকাল

PRESENTS

Rtv
Alokito Quran USA SEASON 4

POWERED BY
utshob.com

Get Registration before
20th November, 2026

Registration Process:

Record a 2 to 3 minute video of your recitation from the Holy Quran on your mobile and send it along with your name, mobile number, and address via any of the following media

WhatsApp: +880 1933 000 066, +880 1552 322 040
E-Mail: rtvalokitoquranusa@gmail.com
Call : 917 743 2917

Only On Rtv | Organize By: প্রিয়ন্তী USA INC

সেলিম-আলী পরিষদের পক্ষে বিভিন্ন সংগঠনের সমর্থন অব্যাহত

৬২ পৃষ্ঠার পর

ইয়র্কের বিভিন্ন বরো থেকে শত শত চট্টগ্রামবাসী এবং সচেতন ভোটাররা সশরীরে উপস্থিত হয়ে প্যানেলটির প্রতি তাদের পূর্ণ সমর্থন ব্যক্ত করেন। সংগঠনের সভাপতি মাকসুদুল হক চৌধুরী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ এম মিল্লা এবং সাধারণ সম্পাদক মোঃ মামুন হোসেন সিরাজী সহ সমাবেশে উপস্থিত চট্টগ্রামবাসীর শীর্ষ নেতৃবৃন্দ তাদের বক্তব্যে বলেন, বাংলাদেশ সোসাইটি প্রবাসীদের অধিকার রক্ষা ও সংকটকালীন মুহূর্তের এক পরম নির্ভরযোগ্য প্লাটফর্ম। বর্তমান সভাপতি আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর বিগত মেয়াদের কার্যক্রম অত্যন্ত প্রশংসনীয় ছিল। সোসাইটির চলমান উন্নয়নমূলক প্রজেক্টগুলোর সফল সমাপ্তি এবং নতুন প্রজন্মকে মূলধারায় সম্পৃক্ত করতে এই যোগ্য, সুপরিচিত ও পরীক্ষিত প্যানেলের কোনো বিকল্প নেই। প্রবাসে নিজেদের ঐক্য সুদৃঢ় রাখতে তারা দল-মত নির্বিশেষে পুরো চট্টগ্রামবাসীকে 'সেলিম-আলী' পরিষদের পাশে থাকার আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক পদপ্রার্থী মো-আলী ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং নির্বাচিত হলে তাদের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা পরিষ্কার করেন। তারা প্রতিশ্রুতি দেন যে, আগামী দিনে সোসাইটিকে পুরোপুরি আধুনিক ও ডিজিটাল প্লাটফর্মে রূপান্তর করা হবে। ওয়ান স্টপ সলিউশন ও স্থায়ী কমিউনিটি সেন্টার গঠন করা হবে যেখানে আরও বড় পরিসরে কার্যক্রম পরিচালনা করা হবে। ইয়র্কে আসা নতুন প্রবাসী এবং ইন্টারন্যাশনাল স্টুডেন্টদের মৌলিক সমস্যাগুলোর সমাধান দেয়া হবে। নতুন প্রবাসীদের কর্মসংস্থান ও কারিগরি দক্ষতা বৃদ্ধিতে বিশেষ প্রোগ্রাম চালু করা হবে। সেকেন্ড জেনারেশন বা নতুন প্রজন্মের কাছে দেশীয় সংস্কৃতি ও বাংলা ভাষাকে টিকিয়ে রাখতে তথা স্থায়ী ভবনে আরও বড় পরিসরে কার্যক্রম পরিচালনা করা হবে। প্রবীণ প্রবাসীদের নিয়ে একটি মেন্টরশিপ নেটওয়ার্ক এবং মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের মাধ্যমে কাউন্সেলিং সেবার ব্যবস্থা রাখা হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহবায়ক হাজী এনাম, কেন্দ্রীয় কমিটির প্রধান সমন্বয়কারী ও চিটাগাং এসোসিয়েশন এর সভাপতি মাকসুদুল হক চৌধুরী, জ্যামাইকা নির্বাচন কমিটির প্রধান সমন্বয়কারী সিরাজুল ইসলাম লিপন,জ্যামাইকার সেন্টারের আহবায়ক মোঃ ফারুক হোসেন মজুমদার, সদস্য সচিব জে মোল্লা সানি, যুগ্ম আহবায়ক জহিরুল ইসলাম, সদস্য সচিব কাজী এম আর খান সেলিম, যুগ্ম সদস্য সচিব ইসলাম হোসেন লিপন, যুগ্ম আহবায়ক ফারুক হোসেন।

প্যানেলের প্রার্থীদের প্যানেল পরিচিতি ও গণসমর্থন সভায় সেলিম-আলী পরিষদের প্রার্থীরা উপস্থিত থেকে প্রবাসীদের সাথে মতবিনিময় করেন এবং বক্তব্য রাখেন। অনুষ্ঠানে উপস্থিত সংবর্ধিত প্রার্থীরা হলেন: সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী,সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী: মোঃ মহিউদ্দীন দেওয়ান,সহ-সভাপতি পদপ্রার্থী: মোঃ কামরুজ্জামান কামরুল,সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী: হারুন চেয়ারম্যান, কোষাধ্যক্ষ পদপ্রার্থী: নওশাদ হায়দার,সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী: ছিদ্দিক খান, সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী: অনিক রাজ, জন সংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী: রিজু মোহাম্মদ, সমাজ কল্যাণ সম্পাদক পদপ্রার্থী: নূরুনুর আহমেদ, সাহিত্য সম্পাদক পদপ্রার্থী: রুমানা আহমেদ, ক্রিয়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী: হাসান খান, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক পদপ্রার্থী: এ এস এম মাইন উদ্দীন (বাবলু), মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী: শাহনাজ হোসেন, যুব ও তথ্যপ্রযুক্তি বিষয়ক সম্পাদক পদপ্রার্থী: জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী। কার্যকরী সদস্য পদপ্রার্থী মোঃ উজ্জ্বল বিপুল, সারোয়ার খান বাবু, মোঃ এ মান্নান,শামীম আহমেদ, মোঃ আব্দুল মালেক খান এবং কাজী রবিউজ্জামান। অনুষ্ঠানটির সভাপতি ছিলেন চিটাগাং এসোসিয়েশন এর ট্রাস্টি বোর্ড ও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ড এর সাবেক সদস্য, বীর মুক্তিযোদ্ধা শাহজাহান সিরাজী। পুরো আয়োজনে সংগঠনের সভাপতি মাকসুদুল হক চৌধুরী,সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ এম মিল্লা এবং সাধারণ সম্পাদক মোঃ মামুন হোসেন সিরাজী সহ সমাবেশে উপস্থিত ছিলেন পূর্ণাঙ্গ কমিটির প্রায় সকলে কর্মকর্তা ও সম্পাদকীয় মণ্ডলী। তারা হলেন : হাজী শফিউল আলম (সদস্য ও উপদেষ্টা, চট্টগ্রাম সমিতি ট্রাস্টি বোর্ড), আহসান হাবীব (সাবেক সভাপতি, চট্টগ্রাম সমিতি), ফখরুল ইসলাম চৌধুরী, ফজলুল কাদের চৌধুরী, মুজিবুর হক (সদস্য, চট্টগ্রাম সমিতি ট্রাস্টি বোর্ড)। চট্টগ্রাম সমিতির সম্মানিত কর্মকর্তাবৃন্দ: মুজাদির বিল্লাহ (সিনিয়র সহ-সভাপতি), আইয়ুব আনসারী (সহ-সভাপতি), মামুন হোসেন সিরাজী (সাধারণ সম্পাদক), ইকবাল হোসেন ভূঁইয়া (যুগ্ম সাধারণ সম্পাদক), সুমন উদ্দিন (কোষাধ্যক্ষ), শিমুল বড়ুয়া (দপ্তর সম্পাদক), জয়নাল আবেদীন আতিক (সহ-দপ্তর সম্পাদক), জাহেদুল আজম জাহিদ (ক্রীড়া সম্পাদক), তারেক চৌধুরী লিপু (চট্টগ্রামের কৃতি সন্তানখ্যাত), হাসান চৌধুরী (ট্রাস্টি বোর্ড সদস্য ও প্রতিষ্ঠাতা সদস্য) এছাড়া আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজউদ্দিন সোহাগ, চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি আহসান হাবীব, চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি আহসান হাবীব, চট্টগ্রাম সমিতির ট্রাস্টি বোর্ড সদস্য ও প্রতিষ্ঠাতা সদস্য হাসান চৌধুরী, ঢাকা জেলা এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি মো সালেক রহমান, ঢাকা জেলা এসোসিয়েশনের সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম স্বপন, ঢাকা জেলা এসোসিয়েশনের সাবেক সভাপতি আতিক চৌধুরী, বৃহত্তর কুমিল্লা সমিতির সাবেক সহ-সভাপতি খবির উদ্দিন, সেলিম পাটোয়ারী, ফারুক হোসেন রনি ও জালাল উদ্দিন আহমেদ। আয়োজক 'প্রবাসী চট্টগ্রামবাসী, নিউ ইয়র্ক'-এর নেতৃবৃন্দ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আগামী ২৫শে অক্টোবর ব্যালটের মাধ্যমে'সেলিম-আলী' পরিষদের পুরো প্যানেলকে জয়যুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সম্পূর্ণ আয়োজনটি অত্যন্ত উৎসবমুখর পরিবেশে এবং একটি চমৎকার নৈশভোজের মধ্য দিয়ে সম্পন্ন হয়।

নর্থ বেঙ্গলবাসীর মেগা নির্বাচনী সভা সম্পন্ন: 'সেলিম-আলী' পরিষদের পক্ষে এক বিশাল নির্বাচনী ও মতবিনিময় সভার আয়োজন করে নিউ ইয়র্কে বসবাসরত প্রভাবশালী আঞ্চলিক গ্রুপ 'নর্থ বেঙ্গলবাসী' (উত্তরবঙ্গবাসী)। গত ১২ই অক্টোবর ২০২৬, সোমবার সন্ধ্যা ৭:০০টায় জ্যামাইকার ঐতিহ্যবাহী পরিনীতা পার্টি হলে।এতে কুইন্স, ব্রুকলিন, ব্রঙ্কসসহ নিউ

ইয়র্কের বিভিন্ন বরো থেকে শত শত উত্তরবঙ্গের প্রবাসী এবং সচেতন ভোটাররা সশরীরে উপস্থিত হয়ে প্যানেলটির প্রতি তাদের পূর্ণ সমর্থন ও আস্থা ব্যক্ত করেন। উত্তরবঙ্গবাসীর পূর্ণ সমর্থন ও সংবর্ধনা সমাবেশের মূল আকর্ষণে ছিলেন 'সেলিম-আলী' পরিষদের অন্যতম শক্তিশালী স্তম্ভ, সহ-সভাপতি পদপ্রার্থী এবং উত্তরবঙ্গের কৃতি সন্তান মোঃ কামরুজ্জামান কামরুল সভায় উপস্থিত উত্তরবঙ্গবাসীর শীর্ষ নেতৃবৃন্দ ও সচেতন ভোটাররা মোঃ কামরুজ্জামান কামরুলসহ পুরো প্যানেলকে ফুলেল শুভেচ্ছা ও সংবর্ধনা জানান। বক্তারা বলেন, প্রবাসে নিজেদের একতা সুদৃঢ় রাখতে এবং বাংলাদেশ সোসাইটির চলমান উন্নয়নমূলক প্রজেক্টগুলোর সফল সমাপ্তির জন্য এই সুযোগ্য, সুপরিচিত ও পরীক্ষিত প্যানেলের কোনো বিকল্প নেই। তারা দল-মত নির্বিশেষে সর্বস্তরের উত্তরবঙ্গবাসীকে 'সেলিম-আলী' পরিষদের পাশে থাকার জোর আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক পদপ্রার্থী মো: আলী ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং নির্বাচিত হলে তাদের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা পরিষ্কার করেন। তারা প্রতিশ্রুতি দেন যে, আগামী দিনে সোসাইটিকে পুরোপুরি আধুনিক ও ডিজিটাল প্লাটফর্মে রূপান্তর করা হবে। 'ওয়ান স্টপ সলিউশন ও স্থায়ী কমিউনিটি সেন্টার' গঠন করা হবে যেখানে আরও বড় পরিসরে কার্যক্রম পরিচালনা করা হবে।ইয়র্কে আসা নতুন প্রবাসী এবং ইন্টারন্যাশনাল স্টুডেন্টদের মৌলিক সমস্যাগুলোর সমাধান দেয়া হবে। নতুন প্রবাসীদের কর্মসংস্থান ও কারিগরি দক্ষতা বৃদ্ধিতে বিশেষ প্রোগ্রাম চালু করা হবে। সেকেন্ড জেনারেশন বা নতুন প্রজন্মের কাছে দেশীয় সংস্কৃতি ও বাংলা ভাষাকে টিকিয়ে রাখতে তথা স্থায়ী ভবনে আরও বড় পরিসরে কার্যক্রম পরিচালনা করা হবে। প্রবীণ প্রবাসীদের নিয়ে একটি মেন্টরশিপ নেটওয়ার্ক এবং মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের মাধ্যমে কাউন্সেলিং সেবার ব্যবস্থা রাখা হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহবায়ক হাজী এনাম, কেন্দ্রীয় কমিটির প্রধান সমন্বয়কারী ও চিটাগাং এসোসিয়েশন এর সভাপতি মাকসুদুল হক চৌধুরী, জ্যামাইকা নির্বাচন কমিটির প্রধান সমন্বয়কারী সিরাজুল ইসলাম লিপন,জ্যামাইকার সেন্টারের আহবায়ক মোঃ ফারুক হোসেন মজুমদার, সদস্য সচিব জে মোল্লা সানি, যুগ্ম আহবায়ক জহিরুল ইসলাম, সদস্য সচিব কাজী এম আর খান সেলিম, যুগ্ম সদস্য সচিব ইসলাম হোসেন লিপন,যুগ্ম আহবায়ক ফারুক হোসেন, শামীম হাসান। প্যানেলের প্রার্থীদের প্যানেল পরিচিতি ও গণসমর্থন সভায় সেলিম-আলী পরিষদের প্রার্থীরা উপস্থিত থেকে প্রবাসীদের সাথে মতবিনিময় করেন এবং বক্তব্য রাখেন। অনুষ্ঠানে উপস্থিত সংবর্ধিত প্রার্থীরা হলেন: সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম ,সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী,সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী: মোঃ মহিউদ্দীন দেওয়ান,সহ-সভাপতি পদপ্রার্থী: মো. কামরুজ্জামান কামরুল,সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী: হারুন চেয়ারম্যান,কোষাধ্যক্ষ পদপ্রার্থী: নওশাদ হায়দার,সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী: ছিদ্দিক খান,সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী: অনিক রাজ,জন সংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী: রিজু মোহাম্মদ,সমাজ কল্যাণ সম্পাদক পদপ্রার্থী: নূরুনুর আহমেদ,সাহিত্য সম্পাদক পদপ্রার্থী: রুমানা আহমেদ,ক্রিয়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী: হাসান খান,স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক পদপ্রার্থী: এ এস এম মাইন উদ্দীন (বাবলু),মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী: শাহনাজ হোসেন,যুব ও তথ্যপ্রযুক্তি বিষয়ক সম্পাদক পদপ্রার্থী: জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী।কার্যকরী সদস্য পদপ্রার্থী মোঃ উজ্জ্বল বিপুল,সারোয়ার খান বাবু,মোঃ এ মান্নান,শামীম আহমেদ ,মোঃ আব্দুল মালেক খান এবং কাজী রবিউজ্জামান। অনুষ্ঠানটির সভাপতি ছিলেন প্রবাসী ওয়েলফেয়ার এসোসিয়েশনের সাবেক সভাপতি এবং নর্থ বেঙ্গল কাউন্সিলের সিনিয়র সহ-সভাপতি এ.বি.এম কামাল পাশা। আয়োজকরা 'নর্থ বেঙ্গলবাসী'র নেতৃবৃন্দ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আগামী ২৫শে অক্টোবর ব্যালটের মাধ্যমে'সেলিম-আলী' পরিষদের পুরো প্যানেলকে জয়যুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। সম্পূর্ণ আয়োজনটি অত্যন্ত উৎসবমুখর পরিবেশে এবং একটি চমৎকার নৈশভোজের মধ্য দিয়ে সম্পন্ন হয়।

নারায়ণগঞ্জ জেলা সোসাইটি নর্থ আমেরিকা ইনক: আসন্ন বাংলাদেশ সোসাইটির নির্বাচনকে ঘিরে সেলিম-আলী পরিষদের প্রতি প্রবাসের প্রায় সকল সমিতি ও সংস্থার কম বেশি সমর্থন প্রদান অব্যাহত রয়েছে। তারই পরিপ্রেক্ষিতে গত ১১ অক্টোবর রবিবার সেলিম-আলী পরিষদের পুরো প্যানেলকে সমর্থন জানিয়েছেন নারায়ণগঞ্জ জেলা সোসাইটি নর্থ আমেরিকা ইনক: সংগঠনটির বর্তমান কার্যকরী কমিটির পক্ষ থেকে সভাপতি-মোস্তফা জামান শামীম ও সাধারণ সম্পাদক-হাফিজ শাহীন আহমেদ এবং উপদেষ্টা মণ্ডলীর পক্ষ থেকে প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম হোসেন এ সমর্থনের কথা জানিয়েছেন। তারা বলেন শুধু মৌখিক সমর্থনই নয় পূর্ণ প্যানেলকে জয়-যুক্ত করতে তারা সমিতির পক্ষ থেকে নির্বাচনের দিন ভোটারদের ভোট কেন্দ্রে আসার ব্যাপারে সহায়তা ও ভোট প্রদানে ভোটারদের পরামর্শ দেয়ার ব্যাপারে নারায়ণগঞ্জবাসীকে আহবান জানিয়েছেন। তারা আরও বলেন প্রবাসে বাংলাদেশিদের কল্যাণে কাজ করার জন্য সেলিম-আলী পরিষদের বিকল্প নেই। তার প্রমান বিগত কার্য সময়ে সোসাইটির ও জনকল্যাণে তাদের অবদানের খতিয়ানই যথেষ্ট বলে উল্লেখ করেন। এই উন্নয়নের ধারা বজায় রাখতেই সকলকে সেলিম-আলী পরিষদকে মূল্যবান ভোট এর মাধ্যমে আবারো জয়-যুক্ত করতে সকলকে অনুরোধ জানান।

৯ মাসে সিটিতে মুসলিমবিদ্বেষী ৩২ হামলা

৬৪ পৃষ্ঠার পর

বছরের প্রথম নয় মাসে এ ধরনের অপরাধের সংখ্যা ছিল ১৮টি, এ বছর তা বেড়ে দাঁড়িয়েছে ৩২টিতে। একই সময়ে শহরটিতে সামগ্রিক অপরাধের হার কমে এলেও ধর্মীয় বিদ্বেষ থেকে সংঘটিত হামলার বৃদ্ধি উদ্বেগ বাড়াচ্ছে।

নিউইয়র্ক পুলিশের পরিসংখ্যান অনুযায়ী, ২০২৬ সালের প্রথম নয় মাসে শহরে বিদ্বেষমূলক অপরাধ গত বছরের একই সময়ের তুলনায় ১২ দশমিক ৯ শতাংশ বেড়েছে। চলতি বছরের তৃতীয় প্রান্তিকে এ বৃদ্ধির হার ১২ দশমিক ৬ শতাংশ। মুসলিমবিদ্বেষী অপরাধের পাশাপাশি ইহুদিবিদ্বেষী হামলা এবং যৌন অভিমুখিতাকে কেন্দ্র করে সংঘটিত বিদ্বেষমূলক অপরাধও আলোচনায় এসেছে। নিউইয়র্কের মেয়র জোহরান মামদানি মুসলিম হলেও শহরটিতে মুসলমানদের ওপর হামলা বন্ধ হয়নি। মুসলিম নেতারা বলছেন, ফেডারেল সরকারের ইহুদি কংগ্রেসের মুসলিম সদস্য ইলহান ওমরের বাসা তল্লাশি করা এবং তার স্বামীকে গ্রেপ্তার করার ঘটনা সাধারণ মুসলমানদের নিরাপত্তা ও ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন তৈরি করেছে। তাদের মতে, মুসলিম সম্প্রদায় ঐক্যবদ্ধভাবে দাঁড়ালেই নিরাপত্তা আরও জোরদার হবে।

চলতি বছরের প্রথম নয় মাসে নিউইয়র্কে যৌন অভিমুখিতাকে কেন্দ্র করে সংঘটিত বিদ্বেষমূলক অপরাধের সংখ্যা ৩৪ থেকে বেড়ে ৫২টিতে দাঁড়িয়েছে। অন্যদিকে, এ সময়ে নথিভুক্ত বিদ্বেষমূলক অপরাধের ৫২ দশমিক ৯ শতাংশই ছিল ইহুদিবিদ্বেষী হামলা। এ ধরনের অপরাধের সংখ্যা গত বছরের ২৪২টি থেকে বেড়ে ২৪৫টিতে দাঁড়িয়েছে। তবে তৃতীয় প্রান্তিকে ইহুদিবিদ্বেষী অপরাধ কমেছে ১৩ দশমিক ২ শতাংশ।

ধর্মকে কেন্দ্র করে সংঘটিত বিদ্বেষমূলক হামলার সংখ্যা গত বছরের ২৭টি থেকে বেড়ে ৩৭টিতে দাঁড়িয়েছে। লিঙ্গকে কেন্দ্র করে সংঘটিত হামলার সংখ্যা ৯ থেকে বেড়ে হয়েছে ২০টি। তবে তৃতীয় প্রান্তিকে বিদ্বেষমূলক অপরাধের কিছু ধরনে ভিন্ন প্রবণতা দেখা গেছে। গত বছরের একই সময়ে নথিভুক্ত ৬৮টি ঘটনা থেকে কমে এ বছর হয়েছে ৫৯টি।

মুসলিমবিদ্বেষী অপরাধের উল্লেখযোগ্য বৃদ্ধি সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করা এবং বিদ্বেষমূলক অপরাধ প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের গুরুত্ব সামনে এনেছে। সামগ্রিক অপরাধের হার কমলেও ধর্ম, পরিচয় ও যৌন অভিমুখিতার কারণে মানুষের ওপর হামলা বাড়ায় নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। নিউইয়র্ক পুলিশ বিভাগের পরিসংখ্যান অনুযায়ী, ১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত শহরে খুনের ঘটনা ৯১টি থেকে কমে ৭৩টিতে নেমেছে। একই সময়ে গাড়ি চুরির ঘটনা ১৭ দশমিক ১ শতাংশ, ডাকাতি ১৩ দশমিক ৬ শতাংশ, বাসাবাড়ি ও অন্যান্য স্থাপনায় চুরি ১১ দশমিক ৭ শতাংশ এবং বড় অঙ্কের সম্পদ চুরির ঘটনা ১০ দশমিক ২ শতাংশ কমেছে। গুরুতর শারীরিক হামলা কমেছে ১ দশমিক ৫ শতাংশ। ধর্ষণের অভিযোগও ৫২৭টি থেকে কমে ৫২৬টিতে দাঁড়িয়েছে।

বছরের প্রথম নয় মাসেও বড় ধরনের অপরাধ কমার প্রবণতা অব্যাহত ছিল। ১ জানুয়ারি থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত এ ধরনের অপরাধের সংখ্যা গত বছরের একই সময়ের তুলনায় ৬ দশমিক ৬ শতাংশ কমেছে। এ সময়ে খুনের ঘটনা ২৫৩টি থেকে কমে ২৩৩টিতে দাঁড়িয়েছে, যা ১৯ দশমিক ৮ শতাংশ হ্রাসের নির্দেশক।

নিউইয়র্ক পুলিশ কমিশনার জেসিকা টিশ জানান, চলতি বছরের প্রথম নয় মাস এবং তৃতীয় প্রান্তিকে শহরের পাঁচটি বরোতে গুলিবর্ষণের ঘটনা, গুলিতে আহত মানুষের সংখ্যা ও খুনের ঘটনা রেকর্ডভিত্তিক সর্বনিম্ন পর্যায়ে রয়েছে। তৃতীয় প্রান্তিকে গুলিবর্ষণের ঘটনা কমেছে ২২ দশমিক ৭ শতাংশ। বছরের প্রথম নয় মাসে এ হার কমেছে ১১ দশমিক ৬ শতাংশ।

গণপরিবহনে অপরাধ তৃতীয় প্রান্তিকে ৩ শতাংশ এবং বছরের প্রথম নয় মাসে শূন্য দশমিক ৯ শতাংশ কমেছে। সরকারি আবাসন প্রকল্পগুলোতেও অপরাধ কমেছে। কমিশনার টিশের মতে, অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার, সহিংসতা সৃষ্টিকারী অপরাধী চক্রের বিরুদ্ধে অভিযান এবং অপরাধপ্রবণ এলাকায় তথ্যভিত্তিক পুলিশি তৎপরতা বৃদ্ধির ফলে এ অগ্রগতি সম্ভব হয়েছে।

নিউইয়র্কের মেয়র জোহরান মামদানি জানান, সেপ্টেম্বর মাসেও শহরে গুলিবর্ষণের ঘটনা এবং এতে হতাহতের সংখ্যা ইতিহাসের সর্বনিম্ন পর্যায়ে ছিল। তবে সামগ্রিক অপরাধ কমলেও বিদ্বেষমূলক অপরাধের বৃদ্ধি এখনো বড় উদ্বেগের বিষয় বলে সতর্ক করেন তিনি। এ পরিস্থিতিতে সবাইকে সতর্কভাবে চলাফেরার আহ্বান জানান মেয়র।

সেরা মেলোডি গায়িকা বিভাগে ঢালিউড অ্যাওয়ার্ড ২০২৬ পেলেন রন্টি দাশ

আজকাল বিনোদন

গান, চলচ্চিত্র ও আন্তর্জাতিক মঞ্চে পথচলার ধারাবাহিকতায় নিউইয়র্কপ্রবাসী শিল্পীর অর্জনে যুক্ত হলো নতুন সম্মাননা। 'ঢালিউড অ্যাওয়ার্ড ২০২৬' পেয়েছেন সংগীতশিল্পী রন্টি দাশ। সেরা মেলোডি সিঙ্গার (ফিমেল) বিভাগে তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্রে আয়োজিত অনুষ্ঠানে তাঁর হাতে সম্মাননা তুলে দেন সংগীতশিল্পী রিজিয়া পারভীন। বর্তমানে নিউইয়র্কে বসবাস করা রন্টি ২০০৬ সালে 'ক্লোজআপ ওয়ান' প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে পরিচিতি পান। এরপর আধুনিক বাংলা গান, লোকসংগীত ও চলচ্চিত্রের গানে কাজ করার পাশাপাশি টেলিভিশন এবং বিভিন্ন মঞ্চে নিয়মিত শ্রোতাদের সামনে এসেছেন তিনি।

তাঁর গানের তালিকায় রয়েছে 'ভালো বৃষ্টি', 'অনন্ত যেখানে', 'রং', 'উড়ালিয়া', 'একেলা' ও 'অভিমানী'। 'শুভ বিবাহ' এবং 'খোঁজ: দ্য সার্চ'সহ বিভিন্ন চলচ্চিত্রেও কণ্ঠ দিয়েছেন তিনি। একক গান ও চলচ্চিত্রের সংগীতজুড়েই ক্ষেত্রেই বিস্তৃত হয়েছে তাঁর কাজ।

দেশের বাইরেও গান নিয়ে শ্রোতাদের কাছে পৌঁছেছেন রন্টি। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশে পরিবেশনার অভিজ্ঞতা রয়েছে তাঁর। এসব আয়োজন প্রবাসী বাংলাভাষী শ্রোতাদের সঙ্গে তাঁর সংগীতের সম্পর্ককে আরও বিস্তৃত করেছে।

তাঁর সংগীতজীবনের পূর্ববর্তী সম্মাননার মধ্যে রয়েছে ২০২০ সালের আরটিভি মিউজিক অ্যাওয়ার্ড এবং ২০২৩ সালে টি অ্যান্ড টি কনসালটেন্সি ও আর্টিস্ট জার্নালিস্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ অ্যাওয়ার্ডে স্বীকৃতি। সেই ধারাবাহিকতায় এবার যুক্ত হলো ঢালিউড অ্যাওয়ার্ড।

গানের পাশাপাশি সংগীতশিক্ষা নিয়েও কাজের পরিকল্পনা করছেন এই শিল্পী। 'রন্টিস মিউজিক কিচেন' নামের উদ্যোগে অনলাইন ও সরাসরি পাঠদানের সঙ্গে বিশেষ ভয়েস ট্রেনিং রাখার পরিকল্পনা রয়েছে। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিনামূল্যে গান শেখানোর ব্যবস্থাও এই উদ্যোগের অংশ।

চট্টগ্রামে জন্ম নেওয়া রন্টির সংগীতের প্রতি আগ্রহ তৈরি হয় শৈশবেই। পরিবারের উৎসাহে শুরু হওয়া সেই পথচলায় নতুন সম্মাননার পাশাপাশি এখন যুক্ত হচ্ছে শিক্ষাদানের ভাবনা। নতুন গান প্রকাশ এবং আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের সংগীতকে আরও বেশি শ্রোতার কাছে পৌঁছে দেওয়ার ইচ্ছা রয়েছে তাঁর।

এই সপ্তাহের কবিতা

হেমন্তের ডাক

জাহাঙ্গীর চৌধুরী
jahangirxn@gmail.com

ডাকছে আমায় হেমন্ত সে-ই পাড়াগাঁয়,
যেখানে বীনের অশির ন্যায়
উঁচিয়ে আছে শিমের শির,
কঁচি কঁচি লাউ ঝুলছে মাচার নিচে।
মুলার সারি, থোকায় থোকায় লাল টমেটো,
গাছে গাছে গোল আর লম্বা বেগুন।
রাঙ্গাশাক ও বহুগুণী পালংশাকের আকর্ষণ।
মাঠে মাঠে সোনালী ধান কৃষাণের প্রাণ,
ধানশালিকের কিচিরমিচির,
পাঁচমিশালি মীনের সমাহার,
নবান্নের উৎসব পিঠাপুলির আয়োজন,
মায়ের হস্তে চিরচেনা সুস্বাদু রসনা রন্ধন।
ভোরের শিশিরভেজা ঘাসে পায়ের ছোঁয়া,
মৃদু হিমেল সমীরণ রবির কোমল কিরণ।
সবই নন্দন দর্শন আর নির্ভেজাল তরুণ,
চারিদিকে রবিশস্যের হৈমন্তিক সুখ এখন।

কবিতা!

রকিবুল ইসলাম
hasnahena10011983@gmail.com

কবিতা!
কতদিন দেখিনি তোমায়! লিখিনি তোমায়!
ঝরে যাওয়া পত্র পল্লব এখন বেঁচে উঠেছে নিশ্চয়!
নিরব, নিথর, মৌন আবহাওয়ায় অথবা মন খারাপের মেঘলা
দিনে লিখতাম তোমায় ওই ঝরা পাতার উপর।
জড় পদার্থ বেচারা শারীরিক ও মনোকষ্টে ধুঁকড়ে যেত
আর দুমড়ে মুষড়ে ভেঙে পড়ত মর্মর ধ্বনিতে।

আমার কবিতা!
তুমি তো আমার দুঃখের উপাখ্যান!
রক্ত মাংসের গড়া মানবী যেখানে ব্যর্থ
আমার বেদনার ভার বইতে সেখানে শুকনো
পাতার আর কি দোষ দিই বলতো?

কবিতা! ও কবিতা! ও আমার আত্মার আকুতি!
সিদ্ধান্ত নিলাম শুকনো পাতার কষ্টের কারণ
না হয়ে আমার মানস পটের ক্যানভাসে হৃদয়ের
তুলিতে রক্তের কালি দিয়ে লিখব তোমায়।

কবিতা!
আজ যখন বৃষ্টি নামল, দেখলাম:
একগুচ্ছ শুভ্র মেঘের দল একসাথে জমাট বেঁধে
ঘন গাঢ় হয়ে কালো বর্ণ ধারণ করেছে,
কাঁদছে অঝোর
ধারায় আর সংহতি জানাচ্ছে আমার সাথে।

কবিতা!
ও আমার আত্মার ব্যাকুলতা!
ও আমার হৃদয়ের ক্রন্দন!
হারাতে দেব না কভু তোমায়,
রেখে দেবো আমার অন্তরের অন্তস্থলে অথবা
হৃদয় ভূমির মানস পটের অন্তরালে।
পড়লে মনে পড়ব তোমায় প্রভাত সাঁঝে।

কবিতা!
একদিন তোমায় ছুটি দিয়ে ভাসিয়ে দেব
আশার পালকে মেঘের ভেলায়।
পথ চলতে চলতে তখন তোমার যদি আমার
তরে একটু মন খারাপের আবহ তৈরি হয়,
প্রবল অভিমান মেশানো কান্নার গীত গেয়ে
ঝিমঝিম রবে বারি হয়ে নেমে এসো ধরায়!
হিমশীতল সেই বর্ষা গায়ে মেখে জুড়াবে
আমার তপ্ত বক্ষ, অতৃপ্ত আত্মা।

কবিতা!
অতঃপর, হয়ত একদিন আমারও মিলবে ছুটি!
আমিও তখন ওপারে গিয়ে মিলব তোমার সাথে।
হয়ত তখন লেখা হবে না নতুন কোন দুঃখের কবিতা।
সুখের সাগরে ভেসে যেতে যেতে লিখব
মোরা শুধুই সুখের কবিতা।

আত্মোপলব্ধি

আসাদুজ্জামান খান মুকুল
mukulkhanq@gmail.com

রাতের আঁধারে নিরিবিলি পথে
পথিক চলেছে একা,
গন্তব্য তার নিজেও অজানা
বুকে যে আলোর রেখা।

ভাঙিল যেদিন গর্বের কারা
পশিল প্রথম আলো,
নিজেরে ভুলিয়া স্রষ্টাকে চিনে
সকলি লাগিল ভালো।

শিশুর হাসিতে ঝরনার সুরে
তাঁহারই পরশ লাগে,
চোখ মেলে দেখে বিশ্বের মাঝে
তাঁহার মহিমা জাগে।

ভবের মেলায় কেনা-বেচা শেষে
সন্ধ্যায় ফেরে ঘরে,
বোঝা যত আছে নামাইয়া দিয়ে
প্রেমটুকু বুকে ধরে।

মৌনতা নিয়ে শুনে তাঁর বাণী
বসিয়া নিরালা ক্ষণে,
যে নামেই ডাকে, যে রূপেই আসে,
মিশে যায় তাঁরই সনে।

অদৃশ্য তুলির ছোঁয়া

নাসির খলিল
nasirrana1976@gmail.com

বিভো, তব আয়ত সৃষ্টি ব্যাপিয়া
তৃতীয় অভিরাম দৃশ্য আভাস হেরিয়া,
মম প্রমত্ত চিত্ত বীজন মেলিয়া
বেড়াইতে চাহে কুট সিন্ধু লাফিয়া।
শিল্পী স্রষ্টা, নিখুঁত তব চিত্র তুলি
যথা চুমিয়াছ তব গূঢ় পাণি,
রাঙিয়াছে অপরূপ সাজে একধা অবনী
ব্যাঞ্জনা জাগে উৎপত সাজে সমুদয় হেরি।
ঈশ, কি মনোরম তব অবধান
অজস্র রঙের ভান্ডারে তুমি মহান,
শ্বেত-পীত, শুভ্র-কৃষ্ণ যাহা চাহে মন
রচে যাও অবিরাম দ্বিধা বাধাহীন।
তব অজস্র সৃষ্টি সম্ভার ব্যাপিয়া
তৃতীয় রূপ সমাহার পরে উপহিয়া,
যতটুকু হেরি তরিতে চাহেনা আঁখি
মন চাহে পুন:পুন আবার দেখি।
বিভো, সাধ আছে নাই অর্থ নাই ক্ষতি
তাই নর হয়ে হেরিনু তব বিন্দু সৃষ্টি,
নর স্থলে যদি কীট খেচর হতাম
রাকা মেহির লালিত্য সক চুমিতাম।
প্রভু, জিউ মোর বর্ধিত কর অন্তর্যামী
হেরিতে পারি যেন তব সৃষ্টি ধমনী,
সব সৃষ্টির মাঝে দেখিব তোমা ধনি
তব দ্বারে মম এই প্রার্থনা মাগি।

সেই জমিদার

এম আলী হুসাইন
alisylbd661www@gmail.com

সেই জমিদারের দুইটি পুট
লোক শুন্য আজ,
কেউ তো যায় না সেখানে
খুঁজে না কোন কাজ।

শক্তি দিয়ে এতিমের সম্পদ ভোগ
দ্রুত বানায় বাড়ি,
সেই জমিদারের প্রভাব ছিল
ছিল লম্বা লম্বা দাঁড়ি।

জমি থাকলে জমিদার হয়
এই তো ছিল গ্রামের প্রথা,
কেউ তো বলত তালুকদার
হিংসায় ভর্তি ছিল যার মাথা।

পাগল ছাগল দুই ছেলের জন্য
করেছিল সেই বিশাল বাড়ি,
আজ তো কেউ থাকে না সেখানে,
নেই তাহার ঝাড়ি।

কোথায় গেল জমিদার বাবু
কোথায় গেল অহংকার,
পাগল হয়েই মারা গেল
বাহ বেশ চমৎকার।

জমিদারের দুইটি মেয়ের
দুই ছাগলের সাথে প্রেম,
এই বুঝি ছিল 'তোমার' পরিকল্পনা
এইটা 'তোমার' গেম।

দুপুরের গল্প

রওশন মতিন
matinrawsan@gmail.com

এক অনন্ত দুপুর যেন আমার জন্য অপেক্ষা করেছিল
ধূ-ধূ নিঝুম শূন্য উদাস এক দুপুর,
একরাশ শূন্যতা নিয়ে কার জন্য তার এই ব্যাকুল প্রতীক্ষা
এবং সে এক অন্তহীন প্রতীক্ষাই শুধু---

প্রসন্ন অথবা বিষন্ন এই শান্ত দুপুর কিন্তু জমাট নির্জন
তার কণ্ঠে ছিল অনেক অনেক গান
জলে জল খেলছিল আর বৃক্ষরাজি ও নিমগ্ন
সম্পূর্ন শিষ্টাচারী ভদ্র -অমায়িক
যা কিছু চারপাশের পরিবেশ হার্দ-একাত্ম তার সাথে
এবং আমার এই শান্ত চোখ মনের জানালায় দেখেছিল
এই মধ্য দুপুরের আশ্চর্য জীবন্ত রূপ

আর জীবনের কাব্যে কাব্যময় অটল সেই দীপ্ততা
যেন কিছু একটা ঘটতে যাচ্ছে তার অস্ফুট আভাষ
অথবা কারো আগমন এখনই আসবে কেউ
যেন ঘুমুচ্ছে, সে ঘুম ভাঙবে একটু পরেই এক আশ্চর্য ভঙ্গিমায়
আর জেগে উঠবে এক উত্তাল মিছিল হয়ে
বিস্তৃত বিশাল কোনো জীবন্ত কলরবে।

বিষাদ

ফারুক আহম্মেদ জীবন
kobifarukahammedjibon@gmail.com

নভোমণ্ডল ছায়াতে মানব কায়াতে
মায়াতে জড়ায়
যতোটুকু না খুশির রৌদ্রর ঝিলিক ছড়ায়
গগন দেখায় সেতো বহুদূর...
একবার হৃদয় হলে ব্যথাতুর,
কি- যে, দুঃখের মাদল তোলে হঠাৎই
ব্যথিত বেদনার সুর।
অন্তর জুড়ে বিধুর সুরে কি- যে করে...
পলক পড়তে যতোটুকু দেরি
মন গগনে কালো মেঘ জমে ভারী
সেইনা ক্ষনে ভীষণ যন্ত্রণার মাদল বাজায়
বিষাদ ঝঞ্ঝা হাওয়ায়
আঁখি কোণে বাদল ঝরে ঠিক,
এতোটুকুও করে না তো কালক্ষেপণ
বিষাদ দেখে না সময়
মানে নাতো কোনো সে দিন তারিখ।
কয়জনেই- বা হয়
সে ব্যথার সম ব্যথিত জনা?
ব্যথিত বিনে ব্যথিতের ব্যথা কি আর
বোঝে কভু অন্যজনা?
এ ভবে যা-কিছু বেচাকেনা হয় সমানে সমান
সুখ হয়তো- দুঃখের বাজারে যায় বেচা
দুঃখের বাজারে কি আর
সুখটাকে কখনো কি যায় কেনা?
যেমন তামা বিক্রি হয় ঠিক তামার দামে
সোনার দামে বিক্রি হয় সোনা।

শরৎ রাণী দেশ

আবুল কালাম তালুকদার
kalam.talukdar74@gmail.com

শিউলি তলার স্মৃতিতে ভেসে ওঠে শৈশব
সাদা মেঘের ভেলায় পুলকিত মন
দূর্বা ঘাসের শিশিরে সরস প্রকৃতি
সকালের আয়নায় নন্দিত ক্যানভাস
সোনা ফলা মাঠে কৃষকের উচ্ছ্বাস
দিনের কাঁচা রোদে লুকিয়ে থাকা সুখের সময়
নদীর ধারে শোভিত কাশফুলে সুখের আস্ফালন
পাখি প্রেম বিকেলে আকাশের সাজ ঘরে
নীল সবুজে মেতে ওঠে শরৎ রাণী দেশ।

তোরা মানুষ হবি কবে?

সাগর আহমেদ
masoom.bh17@gmail.com

নাক-মুখ-চোখে মানুষ,
অথচ বিবেকের আয়নায় হায়েনা-
রক্তের নেশায় ছিঁড়ে খায় মানুষ, মায়ের আঁচল, শিশুর স্বপ্ন;
সভ্যতার মুখোশে লুকিয়ে রাখে নরপশুর দাঁত।

বৃদ্ধা, বনিতা, অবুঝ প্রাণ-কারও জন্য থামে না সেই ক্ষুধা;
সবশেষে চিবিয়ে খায় মানচিত্র,
অথচ মাতৃভূমি বুক পেতে রাখে তার ক্ষতচিহ্ন।

শিক্ষার দলিল হাতে নির্দোষ ঝোলে ফাঁসির মঞ্চে,
আর রঙিন উৎসবে মিথ্যার জয়গান;
সত্য নির্বাসিত, বিবেক মৃত
কলমও কখনো হয়ে ওঠে হত্যার অস্ত্র।

হে স্রষ্টার শ্রেষ্ঠ জীব,
মানুষের অবয়ব পেলেই কি মানুষ হওয়া যায়,
বিবেকের শেষ প্রদীপটুকুও নিভিয়ে?
তবে তোরা মানুষ হবি কবে?

Why is Saudi Arabia not secure despite purchasing billions of dollars' worth of weapons?

Shah Nawaz

Saudi Arabia is one of the world's largest military spenders. The country possesses state-of-the-art fighter jets, powerful radar systems, Patriot missile defense systems, and technologies like THAAD. Vast sums of money have been spent acquiring these weapons. Yet, Riyadh remains unable to fully protect its airports, oil facilities, and critical infrastructure from missile and drone attacks by Yemen's Houthi rebels. Naturally, the question arises: why do security gaps persist in Saudi Arabia despite such massive military investment? Does the problem lie in the effectiveness of US weaponry, or in the changing realities of modern warfare?

A recent analysis by the US media outlet CNN has brought this question back into focus. According to data from the Stockholm International Peace Research Institute (SIPRI), Saudi Arabia's military expenditure in 2025 stood at approximately $83 billion. Despite this, the country's vital installations remain at risk of attack. To understand the reason, one cannot simply look at the cost of weapons or their technological sophistication; one must consider the broader picture involving geography, combat strategy, military logistics, intelligence capabilities, and regional politics.

First, it is essential to consider Saudi Arabia's geographical reality. Spanning an area of approximately 2.15 million square kilometers, the country's critical facilities are scattered across a vast region: oil fields and refineries in the east, the capital Riyadh in the center, ports and energy infrastructure in the west, and the border with Yemen in the south. Consequently, it is impossible to ensure equal protection for the entire country merely by deploying a few advanced defense systems.

Threats also emerge from multiple directions. Iran to the east, armed groups in Iraq to the north, and the Houthi rebels in Yemen to the south have all complicated Saudi Arabia's security planning. Decisions regarding where to deploy the defense system, which installations to prioritize, and how to utilize a limited number of interceptors are of critical importance.

The second question concerns the effectiveness of the Patriot missile defense system. Just as it is incorrect to label the Patriot ineffective, it is equally unrealistic to view it as an impenetrable shield. The PAC-2 version of the Patriot is used to counter aircraft and various Continued on page 26

Portraits of Rokeya Sakhawat Hossain, Jasim Uddin, and Jibanananda Das have now been added to the wall painting of Segunbagicha. **Photo: Collected**

Sanjib Chowdhury's portrait gone, Rokeya, Jashim Uddin and Jibanananda appear

Anik Raj

New portraits of Rokeya Sakhawat Hossain, a pioneer of women's awakening, folk poet Jashim Uddin, and poet Jibanananda Das have been added to the wall beside the sidewalk opposite of Shilpakala Academy in Segunbagicha in the capital. At the same time, the portrait of musician and journalist Sanjib Chowdhury has been removed from the wall.

These portraits were painted yesterday, Tuesday, as part of the sidewalk beautification initiative undertaken by Dhaka South City Corporation (DSCC).

DSCC Chief Waste Management Officer Air Commodore Mahbubur Rahman Talukder told Agami'r Samoy on Wednesday, "Three new portraits have been painted here. We have finalized some more walls, and work on painting portraits there will also begin." Regarding the removal of Sanjib Chowdhury's portrait, he said, "This change has been made with the aim of arranging them by Continued on page 26

Trump Administration Raids Home of US Congresswoman Ilhan Omar

Ajkal Desk

The Trump administration conducted a raid on Monday at the Washington-area home of US Democratic Congresswoman Ilhan Omar. The operation took place in the early hours of Monday as part of an investigation into immigration-related documents. Fox News Digital reported this information, citing a source familiar with the raid. A spokesperson for the US Department of Justice told Fox News Digital, "Today, in the Washington, D.C. area, Homeland Security Investigations executed a court-authorized search warrant obtained by the Continued on page 26

My wife isn't a source of worry for me-why are you worried?

Ajkal Desk

Omar Sani, a once-popular hero of Dhallywood cinema, has spoken out against rumors circulating on social media regarding his wife, actress Moushumi, and their son, Fardin. He warned that he would take legal action if the spread of false information about his family did not stop. At the same time, he questioned why there is so much discussion surrounding their personal lives.

The actor spoke to journalists at the BFDC premises at 4:30 PM on Wednesday. During the interaction, he also spoke to his son via video call. Omar Sani said, "My wife isn't a source of worry for me—why are *you* worried? My son spoke about this matter just a short while ago. He suggested seeking legal recourse. Is it absolutely necessary to write about us? Brother, we have become quite senior in the industry. Did we commit a sin by entering the film world? I am doing very well with my family. I am happy with my work, too. I don't steal. We still want to act in films. There might be photos of me with various people, but we are solid in our own standing."

The actor added, "I don't need a lot of money. Let me live my life the way I want. The time for us to depart [from the limelight] is approaching. Do not spread lies about us. If the posts containing false information are not removed within 24 hours, I will file a lawsuit."

Criticizing the tendency to discuss others' personal lives, Omar Sani asked, "Some people live abroad. Now is the time to do something for one's family! How much money do you expect to earn by doing this to us?"

Recently, rumors circulated on social media claiming that Fardin—the only son of Omar Sani and Moushumi—had cunningly transferred all family assets into his own name and evicted his mother from their home in the United States. However, Omar Sani has dismissed these reports as completely false and baseless. The actor stated that Fardin currently resides in Dubai, while Moushumi is in the United States. He also claimed that they own no property in the US, dismissing reports that Moushumi had been thrown out of the house as untrue.

Meanwhile, Fardin—the son of Omar Sani and Moushumi—has decided to take legal action against the various discussions and negative comments circulating on social media regarding his family. When Fardin joined a press conference via video call, he mentioned that he initially laughed when he saw the news reports about himself. However, the situation took a different turn after the story reached millions of people; he became particularly Continued on page 26

Advocates push Mamdani for more accountability after NYPD mishandles Rozario case

Ajkal Desk

Criminal justice advocates and Win Rozario's family want Mayor Zohran Mamdani to go deeper on a set of police reforms he introduced on Monday, which he said were an "obligation" to the Queens teen and his family.

Mamdani announced new reforms to the NYPD's use-of-force policies and practices in response to the department's mishandling of the Rozario case – an officer involved in the teen's shooting was improperly allowed to retire while still under investigation by both the NYPD and the Civilian Complaint Review Board.

However, criminal justice advocates who have represented the Rozario family since his death in a 2024 shooting involving NYPD officers said this week that the mayor's new reforms aren't enough.

"While we appreciate Mayor Mamdani's intent behind these reforms, they fall far short of what New Yorkers, including Win Rozario's family, need and deserve," Justice Committee Executive Director Loyda Colon said in a statement. "The problem is not that the NYPD needs more training or to revise its policies, but that the Department consistently evades oversight, transparency and meaningful change, violates the law and its own rules to do so, and shields officers who harm and kill New Yorkers from facing discipline."

Mamdani's new policy announcement came a few days after it was reported that Salvatore Alongi, one of the officers involved in the shooting, had retired, avoiding disciplinary charges from the Civilian Complaint Review Board in an apparent violation of the watchdog group's agreement with the NYPD.

"Alongi's retirement with an enhanced pension and the NYPD's failure to notify the CCRB and report him for decertification is a glaring example of this," Colon said. "Previous administrations tried to require the NYPD to review and adjust its own policies and it has never worked."

The Eagle reported on Friday that Alongi qualified for accidental disability retirement, which he applied for before being hit with the CCRB's charges. Accidental disability retirement, often known as "three-quarters," allows an officer to retire early due to a mental or physical injury sustained in the line of duty and includes a yearly

Trump Claims He Deserves Eight Nobel Prizes

Ajkal Report

US President Donald Trump stated that he should have received eight Nobel Prizes. Last Friday and Saturday, President Trump took to social media to criticize the decision to award the Nobel Peace Prize to Navi Pillay and condemned the Norwegian Nobel Committee. President Trump reverted to his familiar tone of criticism regarding the Nobel Prize. He fiercely condemned the Norwegian Nobel Committee for awarding the 2026 Peace Prize to South African human rights lawyer and international judge Navi Pillay. Trump, who has openly campaigned to be honored with this award, published a post of approximately 600 words on 'Truth Social' at 11:39 PM on Friday. In it, he argued that he had ended eight wars and that he "should have received not just one, but 8 Nobel Peace Prizes." The global community is treating this claim as a laughingstock.

He termed the decision "an indelible stain on Norway." Just hours earlier, he had shared a post describing Ms. Pillay as someone Continued on page 26

US Treasury Fines Bank of America $1.2 Billion

Monowarul Islam

The US Treasury Department has fined Bank of America—the second-largest bank in the United States—more than $1.21 billion for violating anti-money laundering and sanctions laws. The fine, announced on Tuesday, is the third-largest in the department's history.

US Treasury Secretary Scott Bessent said, "When a bank of this magnitude fails to meet its obligations regarding anti-money laundering and sanctions compliance, the impact is not limited to the bank itself. It places the entire US financial system at significant risk of illicit financing."

He added, "This action sends a clear message that even the largest financial institutions are not above the law." According to the US Treasury, the Financial Crimes Enforcement Network (FinCEN) fined Bank of America $1.2 billion. The fine was imposed due to the bank's failure to address and Continued on page 26

Why does Aishwarya not want to talk about her breakup with Salman?

Ajkal Desk

When discussing Bollywood's most talked-about romances—and the subsequent bitter breakups—the names that immediately come to mind are Salman Khan and Aishwarya Rai. Their love story, which began on the set of "Hum Dil De Chuke Sanam" in the late 1990s, spiraled into extreme turmoil by 2002.

But why has Aishwarya remained silent about Salman ever since the split? An old interview from 2012 on Simi Garewal's popular podcast has recently resurfaced and is once again a topic of discussion.In that interview, when Simi Garewal asked the former Miss World if she could look back at that past chapter with Salman objectively, Aishwarya stated clearly, "I have completely closed that chapter. I do not wish to revisit those old matters, especially on a public platform."

When Simi sensitively asked if old, negative memories resurfaced when speaking about it, Aishwarya gave a straightforward reply: "I banished all the ghosts and negativity of my past long ago. What is in the past should remain in the past."

Despite being a Miss World, Aishwarya considers herself an ordinary girl from a regular family. Explaining why she does not speak publicly about the breakup, she said, "I don't think only about myself. I have a family and loved ones whom I cherish. I am not alone, so I have to be restrained. And the people I would be talking about are human beings too; they also have parents and families." "I have no objection if the media calls me diplomatic, but I cannot speak in a way that hurts anyone's feelings." Continued on page 26

কবি ওমর খৈয়াম এবং তাঁর রুবাইয়াত

৭ পৃষ্ঠার পর

আর একটি বড় অবদান হলো ইউক্লিডের সমান্তরাল স্বীকার্যের সমালোচনা।
যা পরবর্তী সময়ে অ-ইউক্লিডীয় জ্যামিতির সূচনা করা হয়।
১০৭০ খ্রিস্টাব্দে এই বিষয়ের উপর তাঁর গ্রন্থ 'মাকালাত ফি আল জবর্ আল মুকাবিলা'নামে গ্রন্থ প্রকাশিত হয়। এই বইটিতে তিনি ঘাত হিসাবে সমীকরণের শ্রেণীকরণ করেন। সেখানে দ্বিঘাত সমীকরণের সমাধানের নিয়মাবলী লিপিবদ্ধ করা হয় এবং একইসঙ্গে তিনি ত্রিঘাত সমীকরণেরও সমাধান করেন।
ওমর খৈয়াম জ্যোতির্বিদ হিসাবেও সমধিক পরিচিত ছিলেন। ইরানের খোরাসানে বাদশাহ জালাল উদ্দীন মালিক শাহের পক্ষ থেকে একটি মানমন্দির নির্মাণের জন্য ১০৭৩ সালে আরও কয়েকজন বিজ্ঞানীর সঙ্গে ওমরকেও আমন্ত্রণ জানানো হয়।
ওমর তখন অত্যন্ত সফলভাবে (দশমিকের পর ছয় ঘর পর্যন্ত) সৌর বছরের দৈর্ঘ্য পরিমাপ করেন। ১০৭৯ সালের ১৫ মার্চ সুলতান জালাল আল-দিন মালিক শাহ সালজুক ওমর খৈয়ামের সংশোধিত বর্ষপঞ্জীটিই রাষ্ট্রীয়ভাবে চালু করেন।
প্রকাশ থাকে যে, সুলতানের মৃত্যুর বহু আগেই সেই বর্ষপঞ্জি তৈরির কাজ সম্পূর্ণ হয় এবং সুলতানের নামানুসারেই এটিকে জালালি বর্ষপঞ্জি নামকরণ করা হয়। তখন সূর্যের অবস্থানের ভিত্তিতে একেকটি রাশির সংখ্যানুপাতে এই বর্ষপঞ্জির মাধ্যমে মাস গণনা করা হতো।
ওমরের আরো অনেক কীর্তির মধ্যে অ্যাস্ট্রোল্যাব অথবা ঘড়িচিত্রও উদ্ভাবন ছিল একটি বিশেষ গুরুত্বপূর্ণ অবদান।
উল্লেখ্য যে, ওমর খৈয়াম ছিলেন মূলত মধ্যযুগের একজন বিখ্যাত মুসলিম গণিতবিদ ও জ্যোতির্বিদ। যদিও তিনি তাঁর কাব্যগ্রন্থ 'রুবাইয়াতে ওমর খৈয়াম'-এর কারণে বিশ্বখ্যাতি লাভ করেন।
আগেই উল্লেখ করা হয়েছে যে,
কাব্য-প্রতিভার আড়ালে তাঁর গাণিতিক ও দার্শনিক ভূমিকা পুরোটাই ঢাকা পড়েছিল। পরবর্তীকালে পর্যায়ক্রমে তাঁর সাফল্য ও বিজ্ঞানবিষয়ক গুণাবলীর মূল্যায়ন শুরু হয়। এজন্যেই সৃষ্টিশীলতার বহুমুখী প্রতিভার অধিকারী এই মনীষী বিশ্বসাহিত্যের ইতিহাসে অমর হয়ে আছেন।
কাব্যছন্দে, এডওয়ার্ড ফিটজেরাল্ড কর্তৃক ওমরের বিখ্যাত রুবাইয়াৎ অনুবাদের মাধ্যমে ফিটজেরাল্ড নিজেও খ্যাতিমান হয়েছেন। তখনই তাঁর এই অনুবাদগ্রন্থটি দশ বার মুদ্রিত হয়েছিল। পরবর্তীতে 'ওমর খৈয়াম'সম্পর্কে বিশ্বের বিভিন্ন দেশে হাজার হাজার প্রবন্ধ ও বই লিখিত হয়েছে।
ফার্সি কাব্য-জগতে ওমর খৈয়াম এক বিশেষ চিন্তাধারা ও বিশ্বদৃষ্টির পথিকৃৎ। তিনি এমন সব চিন্তাশীল ও নীরব কবিদের মনের কথা বলেছেন, -যাঁরা সেসব বিষয়ে কথা বলতে চেয়েও প্রতিকূল পরিস্থিতির কারণে তা বিশদভাবে প্রকাশ করতে পারেননি।
মার্কিন কবি জেমস রাসেল লোয়েল (James Russell Lowell) তাঁর বিখ্যাত কবিতা [illegible] কাব্যগ্রন্থ-এ ওমর খৈয়ামের রুবাই বা চতুষ্পদী কবিতাগুলোকে "পারস্য উপসাগরের চিরায়ত মণিমুক্তা" বলে অভিহিত করেছেন।
ওমর খৈয়ামের রুবাই বা চতুষ্পদী কবিতাগুলো প্রথমবারের মতো ইংরেজিতে অনূদিত হয় খ্রিস্টীয় ১৮৫৯ সালে। এডওয়ার্ড ফিটজেরাল্ডের এই অনুবাদের সুবাদেই ওমর খৈয়াম বিশ্বব্যাপী কবি হিসেবেও খ্যাতি অর্জন করেন।
যুক্তি ও আবেগের করুণ রসের প্রভাবে 'ওমর খৈয়াম'-এর চার-লাইন বিশিষ্ট কবিতাগুলো কবিতা জগতকে বিমোহিত করেছে, বিশ্বসাহিত্যে একটি স্বাতন্ত্রিক অনন্যতার জন্ম দিয়েছে।
দার্শনিকরা একটি বই লিখেও যে ভাব পুরোপুরি পাঠকের মনন ও অনুধাবনে আনতে পারেন না, গভীর অর্থবহ চার-লাইনের একটি কবিতার মধ্য দিয়ে 'ওমর খৈয়াম' সেটিকে সহজেই তুলে ধরেছেন।
যেহেতু ওমরের রুবাইয়াৎ শরাব ও মদের উপর ভিত্তি করে রয়েছে। যার ফলে, পশ্চিমা বিশ্বের বিভিন্ন মহল ওমর খৈয়ামকে ঈশ্বরবিশ্বাসহীন মানবতাবাদ কিংবা ভোগবাদীর দর্শনের সঙ্গে যুক্ত করার চেষ্টা করেন। কিন্তু কাজী নজরুল ইসলাম, সৈয়দ মুজতবা আলীসহ বিশ্বের সেরা ব্যক্তিদের মতামত হলো, ওমর খৈয়াম কোনো ধরনের মানবতাবাদ কিংবা উচ্ছৃঙ্খল যাওয়ার মতো কোনো কর্মকাণ্ডে জড়িত ছিলেন না। ওমরকে নিয়ে যারা এধরনের মন্তব্য করেছেন, তাঁদেরকে স্পষ্টত বুঝতে হবে তিনি কখনোই সেটি ছিলেন না।
কোনো কোন ধর্মগুরুদের কাছে সেসব রুবাই-কে কুফুরীর সাথে তুলনা করার চেষ্টাও করা হয়েছে। কিন্তু এক্ষেত্রে ওমর খৈয়াম ছিলেন অত্যন্ত দৃঢ় ও সাহসী। ফলে সাহিত্যিক মহলে তাঁকে কুপোকাত করা কিংবা তাঁকে অতিক্রম করা কারুর পক্ষে সম্ভব ছিল না। এই সাহসী মনোভাবের জন্য কাজী নজরুল ইসলাম ওমরের প্রতি এতটাই আকৃষ্ট হয়েছিলেন যে, তিনি সম্পূর্ণরূপে তাঁর (ওমরের) সাহিত্যকর্মকেও সম্মানজনক মর্যাদায় অভিষিক্ত করেছিলেন।
আমাদের মনে রাখতে হবে যে, ভুল বুদ্ধি ও জ্ঞানহীন ভাবে অথবা সংকীর্ণ মানসিকতা নিয়ে কাউকে জয় করা যায় না। ওমর খৈয়ামের বিজ্ঞান মনস্কতা ও জীবন দর্শন তাঁকে চিরকালের জন্য পৃথিবীর শ্রেষ্ঠতম মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করেছে।
বাংলা ভাষায় বিদ্রোহী কবি 'কাজী নজরুল ইসলাম'-'রুবাইয়াত-ই ওমর খৈয়াম'নামে ওমরের বেশকিছু কবিতা অনুবাদ করেন।
বাংলায় অনুবাদ সংক্রান্ত এই অসাধারণ কাজটি নজরুলের দ্বারা কীভাবে সম্ভব হয়েছে, তা ছিল রীতিমতো বিস্ময়কর। শুধু তাই নয়, এই অনুবাদের মাধ্যমে বিভিন্ন ভাষায় নজরুলের মেধা ও দক্ষতার উপর বহুমুখী প্রতিভার প্রকাশ ঘটেছে।
রুবাইয়াৎ অনুবাদ করার পর কাজী নজরুল ইসলাম সে সম্পর্কে একটি দীর্ঘ ভূমিকা দিয়েছেন।
ওমর খৈয়াম সম্পর্কে কাজী নজরুল ইসলামের মন্তব্য হলো-
"ওমরকে Epicurean কতকটা বলা যায় শুধু তাঁর 'খুমরিয়া'শ্রেণির কবিতার জন্য। এছাড়া ওমর যা, তা ওমর ছাড়া আর কারুর সঙ্গে তুলনা হয় না।
ওমরের কাব্যে শরাব-সাকির ছড়াছড়ি থাকলেও তিনি তাঁর জীবনে ছিলেন আশ্চর্য রকমের সংযমী। তাঁর কবিতায় যেমন ভাবের প্রগাঢ়তা, অথচ সংযমের আঁটসাঁট বাঁধুনি, তাঁর জীবনও ছিল তেমনি।"
এখানে নজরুল অনূদিত আরেকটি রুবাইয়াৎ তুলে ধরা হলো:
"কারুর প্রাণে দুঃখ দিওনা, করো বরং হাজার পাপ
পরের মনে শান্তি নাশি বাড়িও না আর মনস্তাপ।
অমর-আশিস লাভের আশা রয় যদি হে বন্ধু মোর,
আপনি সয়ে ব্যথা, মুছো পরের বুকের ব্যথার ছাপ।"
-রু, ওমর খৈয়াম-পৃ-১৮)।
ওমর খৈয়াম জীবন এবং জগতের ও পারলৌকিক জীবনের রহস্য বা দর্শন সম্পর্কে অনেক প্রশ্ন উত্থাপন করেছেন। এসব প্রশ্ন শুধু তার মনেই নয়, যুগে যুগে জ্ঞান-তৃষ্ণার্ত অনুসন্ধানী মানুষের মনের গহীনে ও সৃষ্টি হয়েছে।
ব্যক্তিগতভাবে বিশ্বের অন্যতম জ্ঞানতাপস ওমর খৈয়ামের বিশাল জ্ঞানভিত্তিক কর্মযজ্ঞ, জীবনদর্শন ও তাঁর সৃষ্টিশীলতার বিশ্লেষণ করা অসম্ভব। কারোর দ্বারাই তাঁর সম্পূর্ণ জীবনদর্শন ও সৃজনশীলতার সন্ধান হয়ে ওঠেনি। পারস্যের এমন বহুসংখ্যক কবি, দার্শনিক জ্ঞানতাপস রয়েছে।
ওমর খৈয়াম, শেখসাদী, রুমী, হাফিজ এবং ফেরদৌসীর পারস্যের এমন অসংখ্য কবি সাহিত্যিক ছিলেন যাঁদের সম্পর্কে আমাদের অনেকের ধারণা নেই।
একইভাবে রবীন্দ্রনাথ ও কাজী নজরুল ইসলামের শিল্প সাহিত্য ও জীবনদর্শনের সম্পূর্ণ বিশ্লেষণ করাও অসম্ভব।
নজরুলের শিল্পকর্ম, শিল্প সাহিত্য ও বিশাল সাংস্কৃতিক দর্শনকে বুঝতে হলে তাঁর জীবনদর্শনের প্রতি ধারণা থাকতে হবে। নজরুলের বিস্ময়কর মেধা ও সৃজনশীলতার পাশাপাশি তাঁর উত্থান-পতন এবং সাফল্য ব্যর্থতার সামগ্রিক জীবনের চৈতন্যের নানা বৈচিত্র্যের বর্ণনা করা কঠিন।
বেশিরভাগ জীবনীকার নজরুলের পারিবারিক, সাংসারিক, রাজনৈতিক, সাহিত্যিক ও সাংবাদিক জীবনের নানা দিক সম্পর্কে মোটামুটি রচনা লিখেছেন, কিন্তু কারো দ্বারাই কোনো নির্দিষ্ট বিষয়ের উপর সম্পন্ন করতে পারেন নি। সেই ক্ষেত্রে নজরুলের শিল্প সাহিত্যকর্ম, অমর গীতধ্বনি, সাঙ্গীতিকজীবন ও সাংস্কৃতিক জীবন এবং তাঁর অনুবাদ সাহিত্য সম্পর্কে আলোকপাত করার অনেক বিশিষ্ট দিক রয়েছে, -সেসবের আলোচনা হওয়া প্রয়োজন।
বিশেষ করে ওমর খৈয়ামের রুবাইয়াত অনেক রুবাই নজরুলের অনুবাদ করা হচ্ছে বিরাট বাংলা সাহিত্যের বিরাট সম্পদ। এছাড়া বাংলা ভাষায় বিদেশি ভাষায় ও সাহিত্যে সংযোজিত করার মধ্য দিয়ে তাঁর ভাবাদর্শের দক্ষতা ও যোগ্যতা সম্পর্কে অনেকেরই ধারণা নেই।
'ওমর খৈয়াম' সৃষ্ট 'রুবাইয়াতের' সংখ্যা কী পরিমাণ তা নির্ণয় করা যায় নি। তবে সৈয়দ মুজতবা আলী'র লেখা থেকে জানা যায় যে হাজার অথবা আরও অধিক পরিসংখ্যান পাওয়া যায়।
কিন্তু অধিকাংশের মতে ওমর রচিত রুবাইয়াতের সংখ্যা সহস্রাধিক এবং আরও অনেক বেশি।
কাজী নজরুল ইসলাম 'রুবাইয়াত-ই ওমর খৈয়াম'নামে কিছু কবিতা অনুবাদ করেন। এই অসাধারণ কাজটি নজরুলের দ্বারা কিভাবে সম্ভব হয়েছে, তা রীতিমতো বিস্ময়কর। শুধু তাই নয়, এই অনুবাদের মাধ্যমে নজরুলের বহুমুখী প্রতিভার বিস্ময়কর প্রকাশ ঘটেছে। অনুবাদটি করার পর তিনি এ সম্পর্কে একটি দীর্ঘ ভূমিকা লিখেছেন।
ওমর খৈয়াম সম্পর্কে কাজী নজরুল ইসলামের মন্তব্য হলো-
"ওমরকে উচ্ছৃঙ্খলতার কতকটা বলা যায় শুধু তাঁর 'খুমরিয়া' শ্রেণির কবিতার জন্য। এছাড়া ওমর যা, তা ওমর ছাড়া আর কারুর সঙ্গে তুলনা হয় না।
ওমরের কাব্যে শারাব-সাকির ছড়াছড়ি থাকলেও তিনি জীবনে ছিলেন আশ্চর্য রকমের সংযমী। তাঁর কবিতায় যেমন ভাবের প্রগাঢ়তা, অথচ সংযমের আঁটসাঁট বাঁধুনি, তাঁর জীবনও ছিল তেমনি।"
ভূমিকায় নজরুল আরো বলেন, -"আমি ওমরের রুবাইয়াৎ বলে প্রচলিত প্রায় এক হাজার থেকেই কিঞ্চিদধিক রুবাই থেকে বেছে নিয়েছি এবং তা ফার্সি ভাষার রুবাইয়াৎ থেকে।"
-(রু, ওমর খৈয়াম:ভূমিকা)।
শুধু তাই নয় নজরুল এতটাই বিচক্ষণতার সঙ্গে রুবাইয়াৎ অনুবাদ করেছেন। এপ্রসঙ্গে তিনি বলেন,
আমি ওমরের লেখার জন্য ওমর খৈয়ামের ভাব-ভাষা বা স্টাইলকে বিকৃত করিনি- অবশ্য আমার সাধ্যমতো। এর জন্য আমার অজস্র পরিশ্রম করতে হয়েছে, বেগ পেতে হয়েছে। কাগজ-পেন্সিলের, যাকে বলে আদ্যশ্রাদ্ধ, তা-ই করে ছেড়েছি। ওমরের রুবাইয়াতের সবচেয়ে বড় জিনিস ওর প্রকাশের ভঙ্গি ও ঢঙ।"
তিনি আরও বলেন-" ওমরের রুবাইয়াৎ বা চতুষ্পদী হলেও তার চারটি পদই ছুটেছে আরবি ঘোড়ার মতো দৃপ্ত তেজে সম-তালে-অথামি, মিথ্যা বিশ্বাস, সংস্কার, বিধিনিষেধের পথে ধূলি উড়িয়ে তাদের বুক চূর্ণ করে।"
নজরুল অনূদিত রুবাইয়াৎ তিনি দক্ষতার সঙ্গে সম্পন্ন করেছেন। যেমন:
"মুগ্ধ করো নিখিল হৃদয় প্রেম নিবেদন কৌশলে,
হৃদয়-জয়ী যে বীর, উড়াও নিশান প্রিয়ার অঞ্চলে!
এক হৃদয়ের সমান নহে লক্ষ মসজিদ আর 'কাবা';
কি হবে তোর তীর্থে কাবা'র শান্তি খোঁজ হৃদয়-তলে।"....
-(রু, ওমর খৈয়াম:পৃ-২২)।
" দুঃখে আমি মগ্ন প্রভু, দুয়ার খোলো করুণার! আমায় করো তোমার জ্যোতি, অন্তর মোর অন্ধকার।
স্বর্গ যদি অর্জিতে হয় একটি পরিশ্রম করে-
সে ত আমার পারিশ্রমিক, নয় সে দয়ার দান তোমার।"
-(রু, ওমর খৈয়াম:পৃ-৩৬)।
আশ্চর্যের বিষয় যে, নজরুল কীভাবে এই ফার্সি ভাষার উপর এতটা পারদর্শী হয়েছিলেন। সেনাবাহিনীর চাকরিতে (মাত্র সতেরো বছর বয়সে) বাঙালি পল্টনে থাকাকালীন সময় (মাত্র তিন মাস বা আরও অধিক সময়) তিনি নিজে নিজে ইংরেজি, আরবি, উর্দু ও ফার্সি ভাষা চর্চার করেন এবং সবকটি ভাষার ওপর যথেষ্ট দক্ষতা ও বুৎপত্তি অর্জন করেন।
এভাবেই সেরা মানুষের কীর্তি পৃথিবীতে অমর হয়ে থাকে। ওমর খৈয়াম তাঁর জীবনের ঘাত-প্রতিঘাত নিয়েই বিশ্বসাহিত্যে তাঁর স্থান করে নিয়েছিলেন। মানুষ চলে যাবে।
হাঁ, তা-ই মহা সত্য। তাই তো নিজ উক্তিটি আমি মনে মনে বলি-
"শত কোলাহলের মাঝে যখন তুমি থাকবে না। কেউ মনে রাখবে, - কেউই মনে রাখবে না !
মাটির চাদরে লীন হয়ে যাবে
শূন্যতার নিকষ আঁধারে!
তোমাকে ছেড়ে সবে যাবে চলে,
-শূন্যেই তোমার ঠিকানা।"
এই প্রসঙ্গে 'ওমর খৈয়ামের পংক্তি থেকে
নজরুল অনূদিত আরেকটি রুবাইয়াৎ:
" মৃত্যু যেদিন নিঠুর পায়ে দলবে, আমার এই পরান
আঙুর পাতার ছিন্ন করি' করবে হৃদয়-রক্ত পান,
আমায় মাটির ছাঁচে ফেলে পেয়ালা করে গড়বে মন,
হয়ত গন্ধে সেই শরাবের আবার হবে আয়ুষ্মান !"
-(রু, ওমর খৈয়াম:পৃ-৩৪)।
মূল ফার্সি থেকে নজরুলই শুধুমাত্র রুবাইয়াৎ অনুবাদ করেন নি। নজরুল পরবর্তীতে হয়ত অনেকেই তা করেছেন।
তবে (নজরুলের আগে কিংবা পরে) 'সত্যেন দত্ত' ও 'কান্তি ঘোষ' বাংলায় ওমরের অনেক রুবাইয়াৎ
অনুবাদ করেছেন। তাঁদের অনুবাদও বেশ পোক্ত।
সৈয়দ মুজতবা আলী তাঁর ভূমিকায় উল্লেখ করেন-
"ওমরকে যখন (তৎকালীন রাজা) নিজাম-উল-মুল্ক উচ্চ পদ দিতে চাইলেন তখন তিনি তা প্রত্যাখ্যান করে নির্জনে অনতিবিহীন জ্ঞানসাধনের সুবিধাটুকু মাত্র চাইলেন। এ তো জানা কথা।
এখানে কান্তি ঘোষের রুবাইয়াৎ অনুবাদের দৃষ্টান্ত দেওয়া হলো-
যে ব্যক্তি স্বর্গ-সুখ কল্পে বোঝে, -
" সেই নিরালা পাতায় ঘেরা বনের ধারে
শীতল ছায়,
খাদ্য কিছু পেয়ালা হাতে ছন্দ গেঁথে দিনটা যায়।
মৌন ভাঙি মোর পাশেতে গুঞ্জে তব মঞ্জু সুর-
সেই তো সখি স্বপ্ন আমার, সেই বনানী স্বর্গপুর।"
-(কান্তি ঘোষের রুবাইয়াৎ অনুবাদ :৬৪)।
কিংবা-
" আমার সাথে আসবে যেথায়-দূর সে রেখে শস্যগ্রাম/ এক ধারেতে মরু আবার, আর একদিকে শস্য শ্যাম।
বাদশা-সম্রাট নাইকো সেথা-রাজ্য-নীতির চিন্তা-ভার:/ মামুদ শাহঃ-দূরে থেকে ই করব তাঁকে নমস্কার।
-(কান্তি ঘোষের রুবাইয়াৎ অনুবাদ :৬৫)।
ওমর খৈয়াম যে একজন বড়মাপের বিজ্ঞানী ছিলেন। বিশেষ করে গণিত ও জ্যোতিষ্কচর্চার ক্ষেত্রেও ওমর কাব্যে পাওয়া যায়।
এখানে সৈয়দ মুজতবা তাঁর ভূমিকায় উল্লেখ করেন-
গণিত এবং বিশেষ করে জ্যোতিষ্কচর্চার ফল ওমরের কাব্যে পদে পদে পাওয়া যায়। বহুত গ্রহ-নক্ষত্র যে অলঙ্ঘ্য প্রাকৃতিক নিয়মে চলে তার থেকেই তিনি দৃঢ় মীমাংসায় উপনীত হন যে, মানুষের কোনও প্রকারের স্বাধীনতা নেই, তার কর্মপদ্ধতি স্বেচ্ছায় নিয়ন্ত্রণ করার কোনও অধিকার সে পায়নি। তাই
সত্যেন দত্ত অনুবাদের হাত এবং
সত্যেন দত্তের রুবাইয়াৎ অনুবাদ থেকে এমনটিই উঠে আসে-
"প্রথম মাটিতে গড়া হয়ে গেছে শেষ মানুষের কায়
শেষ নবান্ন হবে যে ধান্যে তারো বীজ আছে তায়।
সৃষ্টির সেই আদিম প্রভাতে লিখে রেখে গেছে তাই,
বিচার -কর্মী প্রলয় রাত্রি পাঠ যা করিবে তাই।"
-(রু, ওমর খৈয়াম:পৃ-৬৬)।
একইভাবে সৈয়দ মুজতবা আলী নিজেও কয়েকটি রুবাইয়াৎ অনুবাদ করেছেন। যেমন:
অর্থহীন, অর্থহীন সবই অর্থহীন। তাই ওমরের বারবার কাতর রোদন, দরদী ফরিয়াদ-
"যেথায় আমার আনাতে প্রভু হননি তো সাক্ষ্যবান
চলে যাবো যবে হবেন না তিনি কোনো মতে গরিয়ান।
এ কর্ণে আমি শুনিনি কভু কোনো মানবের কাছে
এই আসা-যাওয়া কি এর অর্থ-খামখা পোড়েন টানা।"
-(রু, ওমর খৈয়াম:পৃ-৬৭)।
ব্যক্তিগতভাবে ওমর খৈয়ামের আধ্যাত্মিক শক্তি ছিল আকাশ ছুঁই। তৎকালীন সময়ে তাঁকে টপকে কেউ ওপরে ওঠার চেষ্টায় অনেকেই ব্যর্থ হয়েছেন।
তিনি লোকদেরই জোরের সঙ্গে বলতে পারেন:
"ওমর রে, তোর কুলাহে অন্য হয়ত নয়কেই জ্বলি,
আমার বহ্নি-মহোৎসবে হয়ত হবি অঞ্জলি।
খোদার সভায় শিখতে যাস্ নেই যে তুই, কি ভুলাবল।/
তুই শিখাবার কে, তাঁহারে শিখতে যাস্ কি বলি?"
-(রু, ওমর খৈয়াম:পৃ-৪৫)।
হাজার বছর পূর্বে ওমর খৈয়ামের জীবন দর্শন পৃথিবীতে প্রতিষ্ঠা লাভ করেছে। ইতিহাসের পাতায় ওমর খৈয়ামের অবদান অবিস্মরণীয়। তাঁর অসাধারণ পাণ্ডিত্য পৃথিবীতে অনাগত মানুষের জন্য পাথেয় হয়ে থাকবে। পৃথিবীর সেরা বিজ্ঞানীর বাইরেও তাঁর সাহিত্য ও কাব্য প্রতিভা তা-ই প্রমাণ করে।
তিনি অবিস্মরণীয়। চির অনির্বাণ।
লেখক: কবি ও প্রাবন্ধিক।

যুক্তরাষ্ট্রে অভিবাসীদের কাজের মেয়াদ সুবিধা বাতিল

৬২ পৃষ্ঠার পর

তাদের কাজ বন্ধ রাখতে হতে পারে। এ ছাড়া বিদেশি কর্মীরা তাদের কাজের অনুমতিপত্রের মেয়াদ শেষ হওয়ার ১৮০ দিনের বেশি আগে নবায়নের আবেদন করতে পারবেন না। অর্থাৎ মেয়াদ শেষ হওয়ার ছয় মাসের মধ্যে আবেদন করার সুযোগ থাকলেও আবেদন জমা দেওয়ার পর অনুমোদন পেতে দেরি হলে কর্মীদের কর্মসংস্থানে অনিশ্চয়তা তৈরি হতে পারে। প্রতিবেদন অনুযায়ী, নতুন বিধিটি ১৪ অক্টোবর যুক্তরাষ্ট্রের ফেডারেল রেজিস্টারে বিধিটি প্রকাশের সঙ্গে কার্যকর হওয়ার কথা।
নতুন এই সিদ্ধান্তের ফলে যেসব বিদেশি কর্মী কাজের অনুমতির নবায়নের ওপর নির্ভর করে যুক্তরাষ্ট্রে চাকরি করছেন, তাদের আগেভাগে আবেদন করার পাশাপাশি নবায়ন প্রক্রিয়ার সময়সীমার প্রতিও সতর্ক থাকতে হবে। বিশেষ করে যাদের অনুমতির মেয়াদ শেষ হওয়ার কাছাকাছি, তাদের ক্ষেত্রে নবায়নে বিলম্ব হলে কাজের ধারাবাহিকতা ব্যাহত হওয়ার আশঙ্কা রয়েছে।

বাপার দশম প্রতিষ্ঠাবার্ষিকী আনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

আমন্ত্রিত অতিথিরা অংশগ্রহণ করেন। কার্যত এ আয়োজন বাংলাদেশি আমেরিকান পুলিশ সদস্য ও কমিউনিটির মানুষের মিলনমেলায় পরিণত হয়। অনুষ্ঠানে পুলিশ সদস্যদের পেশাগত সাফল্য, নেতৃত্ব ও জনসেবায় অবদানের স্বীকৃতি প্রদান করা হয়। অনুষ্ঠানের শুরুতে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন করা হয়। পরে ইমাম অফিসার কুর্কিভির পরিচালনায় দোয়া অনুষ্ঠিত হয়। বাপার প্রেসিডেন্ট ক্যাপ্টেন একেএম খ্রিস আলম স্বাগত বক্তব্যে সংগঠনের কার্যক্রম এবং পুলিশ বিভাগ ও কমিউনিটির মধ্যে সুসম্পর্ক বজায় রাখার গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানে নিউইয়র্ক সিটি পুলিশ কমিশনার জেসিকা এস টিশ এনওয়াইপিডিতে কর্মরত বাংলাদেশি আমেরিকান পুলিশ সদস্যদের নিষ্ঠা, পেশাদারিত্ব ও অবদানের প্রশংসা করেন। তিনি উল্লেখ করেন, এনওয়াইপিডিতে দুই হাজারেরও বেশি বাংলাদেশি আমেরিকান সদস্য কর্মরত রয়েছেন, যারা নিউইয়র্কের বহুজাতিক সমাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। তিনি তার বক্তব্যে ডিটেকটিভ দিদারুল ইসলামের আত্মত্যাগ ও অবদানের কথাও বিশেষভাবে স্মরণ করেন। অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ বিশিষ্ট ব্যক্তিদের হাতে সম্মাননা তুলে দেওয়া। এ বছর লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করা হয় নিউইয়র্ক সিটি পুলিশ কমিশনার জেসিকা এস টিশকে। ম্যান অব দ্য ইয়ার অ্যাওয়ার্ড লাভ করেন চিফ অব ট্রানজিট জোসেফ এম. গুলোটা এবং উইম্যান অব দ্য ইয়ার অ্যাওয়ার্ড পান ডেপুটি কমিশনার মারিয়া সি. ওয়েস্তো। অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড পান ডেপুটি চিফ ব্রায়ান ও'সুলিভান। কমান্ডিং অফিসার অব দ্য ইয়ার অ্যাওয়ার্ড লাভ করেন ডেপুটি ইন্সপেক্টর মোহাম্মদ ইসলাম। লিডারশিপ অ্যাওয়ার্ড প্রদান করা হয় পিবিএ প্রেসিডেন্ট প্যাট্রিক হেনড্রিকে এবং সিভিলিয়ান অব দ্য ইয়ার অ্যাওয়ার্ড পান ডেপুটি ডিরেক্টর হরজিন্দর সিং। এ ছাড়া কপ অব দ্য ইয়ার অ্যাওয়ার্ড লাভ করেন সার্জেন্ট ওমর ভুঁইয়া ও পুলিশ অফিসার আনির আহমেদ। কমিউনিটি সার্ভিস অ্যাওয়ার্ড প্রদান করা হয় ফয়সাল আজিজকে। সম্মাননাপ্রাপ্ত ব্যক্তিদের পেশাগত অর্জন, নেতৃত্ব ও জনসেবায় অবদানের স্বীকৃতিস্বরূপ এসব পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রাপ্ত সম্মাননার বক্তব্য ও ভিডিও উপস্থাপনার পাশাপাশি বাপার নির্বাহী কমিটি ও ট্রাস্টি বোর্ডের সদস্যদের পরিচয় করিয়ে দেওয়া হয়। বাপার সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সার্জেন্ট এনডিএম এরশাদুর সিদ্দিকী তার বক্তব্যে সদস্যদের ঐক্য, পেশাগত উন্নয়ন ও কমিউনিটির কল্যাণে সম্মিলিতভাবে কাজ করার গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে বাপার সাধারণ সম্পাদক ডিটেকটিভ জামিল সরোয়ার স্পনসর, সহযোগী, স্বেচ্ছাসেবক ও অতিথিসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান। তিনি অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বও পরিচালনা করেন। অনুষ্ঠানে বাংলাদেশের জনপ্রিয় সংগীতশিল্পী শুভ্রদেব এবং প্রবাসের পরিচিত শিল্পী রাজীব ভট্টাচার্য ও শশী সংগীত পরিবেশন করেন। তাদের পরিবেশনা ও ডিনার পর্বে অতিথিরা আনন্দে মেতে ওঠেন।

মধ্যপ্রাচ্য : প্রবাসীর চোখে জল, পাশে থাকুক বাংলাদেশ!

১২ পৃষ্ঠার পর

অভিযোগ গ্রহণের জন্য কার্যকর সহায়তা ব্যবস্থা গড়ে তোলা সম্ভব। এমন উদ্যোগ হয়তো সব সমস্যার সমাধান করবে না। কিন্তু একজন বিপদগ্রস্ত কর্মীকে এটুকু আশ্বাস দিতে পারবে, দেশ তাঁর সমস্যার কথা শুনছে। রাষ্ট্রের মানবিক উপস্থিতি কখনো কখনো মানুষের সবচেয়ে বড় শক্তি হয়ে ওঠে। এই পরিস্থিতিতে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদের মক্কা ও মদিনার নিরাপত্তা নিয়ে বক্তব্যও তাৎপর্যপূর্ণ। তিনি বলেছেন, সৌদি আরবের এই দুই পবিত্র নগরীর ওপর কোনো হুমকি এলে বাংলাদেশ বসে থাকবে না; সাহায্যের হাত বাড়িয়ে দেবে। বিশ্বের কোটি কোটি মুসলমানের কাছে মক্কা ও মদিনা গভীর ধর্মীয় অনুভূতির কেন্দ্র। বাংলাদেশের মানুষের কাছেও এই দুই নগরীর নিরাপত্তা ও মর্যাদা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফলে এ বিষয়ে উদ্বেগ স্বাভাবিক। তবে আবেগকে দায়িত্বশীল কূটনীতির সঙ্গে যুক্ত করাই রাষ্ট্রের প্রজ্ঞার পরিচয়। আন্তর্জাতিক আইন, শান্তিপূর্ণ সমাধান, বেসামরিক মানুষের সুরক্ষা এবং আঞ্চলিক স্থিতিশীলতা, সবকিছুকে বিবেচনায় রেখে বাংলাদেশকে তার অবস্থান নির্ধারণ করতে হবে। কোনো সংকটে বাংলাদেশের কার্যকর ভূমিকা হতে পারে শান্তির পক্ষে দৃঢ় অবস্থান নেওয়া, প্রয়োজনীয় কূটনৈতিক উদ্যোগ গ্রহণ করা এবং মানবিক সহায়তার পথ খোলা রাখা। পবিত্র স্থানগুলোর নিরাপত্তা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি গুরুত্বপূর্ণ সেখানে বসবাসরত ও কর্মরত বাংলাদেশিদের নিরাপত্তাও। ধর্মীয় অনুভূতি এবং নাগরিকের জীবন-জীবিকা দুটিই রাষ্ট্রের বিবেচনায় সমান গুরুত্ব পাওয়া উচিত। প্রবাসীর পাশে দাঁড়ানোর এখনই সময়: এই সংকট আমাদের সামনে একটি সুযোগও তৈরি করেছে, প্রবাসীদের সুরক্ষাব্যবস্থাকে আরও শক্তিশালী করার সুযোগ।
প্রথমত, সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশিদের জন্য নিয়মিত ও হালনাগাদ নিরাপত্তা নির্দেশনা প্রকাশ করতে হবে। শুধু সামাজিক যোগাযোগমাধ্যমের ওপর নির্ভর না করে কমিউনিটি সংগঠন, শ্রমিকদের আবাসস্থল ও নিয়োগকর্তাদের মাধ্যমেও তথ্য পৌঁছে দিতে হবে।
দ্বিতীয়ত, ফ্লাইট বাতিলের তথ্য দ্রুত যাত্রীদের কাছে পৌঁছানোর ব্যবস্থা করতে হবে। যাত্রীরা যেন বিমানবন্দরে গিয়ে প্রথম খবর জানতে না পারেন যে তাঁদের ফ্লাইট বাতিল হয়েছে। এ জন্য এসএমএস, ফোনকল ও ডিজিটাল যোগাযোগব্যবস্থার কার্যকর ব্যবহার জরুরি।
তৃতীয়ত, দূতাবাসের জরুরি যোগাযোগব্যবস্থাকে কার্যকর রাখতে হবে। বিশেষ করে যাঁরা আবাসন সমস্যা, আর্থিক সংকট কিংবা নিয়োগকর্তার সঙ্গে যোগাযোগের জটিলতায় পড়েছেন, তাঁদের জন্য সহায়তা নিশ্চিত করা দরকার।
চতুর্থত, প্রবাসীদের পরিবারকেও নির্ভরযোগ্য তথ্য দেওয়া উচিত। বিদেশে থাকা স্বজনের সঙ্গে যোগাযোগ না হলে দেশে থাকা পরিবারের সদস্যরা আতঙ্কিত হয়ে পড়েন। নিয়মিত তথ্যপ্রবাহ তাঁদের উদ্বেগ কিছুটা হলেও কমাতে পারে।
পঞ্চমত, সংকট-পরবর্তী পরিস্থিতির জন্যও প্রস্তুতি থাকা দরকার। ফ্লাইট কখন স্বাভাবিক হবে, কতজন কর্মী ফিরতে পারবেন না এবং তাঁদের কী ধরনের সহায়তা লাগতে পারে, এসব বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সমন্বিত পরিকল্পনা থাকা জরুরি।
এসব উদ্যোগ বাস্তবায়নে সময় ও সমন্বয় প্রয়োজন। তবে এখন থেকেই কার্যকর পদক্ষেপ নেওয়া গেলে ভবিষ্যতের অনিশ্চয়তা মোকাবিলা করা সহজ হবে।
মধ্যপ্রাচ্যের পরিস্থিতি কখন স্বাভাবিক হবে, তা নিশ্চিত করে বলা সম্ভব নয়। নিরাপত্তার স্বার্থে ফ্লাইট বাতিল বা স্থগিত করার সিদ্ধান্তও অনেক সময় অনিবার্য। এই বাস্তবতাকে অস্বীকার করার সুযোগ নেই। কিন্তু সংকটের মধ্যেও মানুষের পাশে দাঁড়ানোর সুযোগ থাকে। বিমানবন্দরে অপেক্ষমাণ একজন শ্রমিক যদি জানতে পারেন তাঁর টিকিটের কী হবে, কর্মস্থলে যোগাযোগ করবেন কীভাবে এবং প্রয়োজনে কোথায় সহায়তা পাবেন, তাহলে তাঁর অনিশ্চয়তা কিছুটা হলেও কমবে। সৌদি আরবে অবস্থানরত একজন বাংলাদেশি যদি বিপদের সময় দূতাবাসের সহায়তা পান, তাহলে তিনি অনুভব করবেন, হাজার মাইল দূরেও তাঁর দেশ তাঁর পাশে আছে। আমরা প্রবাসীদের পাঠানো রেমিট্যান্সের হিসাব রাখি। তাঁদের অবদানের কথা বলি। দেশের অর্থনীতিতে তাঁদের ভূমিকার প্রশংসা করি। এখন সময় এসেছে তাঁদের নিরাপত্তা ও মর্যাদার প্রশ্নেও একই গুরুত্ব দেখানোর। কারণ প্রবাসী বাংলাদেশি কেবল অর্থনীতির একটি সংখ্যা নন। তিনি কারও বাবা, কারও মা, কারও ভাই, কারও বোন। তাঁর অপেক্ষায় দেশে একটি পরিবার বেঁচে থাকে, তাঁর পাঠানো অর্থে একটি সংসার চলে, তাঁর নিরাপদে ফেরার আশায় একটি বাড়িতে আলো জ্বলে। সংকটের সময় রাষ্ট্রের সবচেয়ে বড় পরিচয় তার শক্তি নয়, তার মানবিকতা। সৌদি আরবে অস্থিরতার এই সময়ে বাংলাদেশের কাছে প্রত্যাশা একটাই প্রবাসীরা যেন নিরাপদ থাকেন, তাঁদের জীবিকা যেন অকারণে বিপন্ন না হয় এবং বিপদের মুহূর্তে তাঁরা যেন কখনো নিজেদের একা মনে না করেন।
প্রবাসীর নিরাপত্তা নিশ্চিত হোক, পরিবারের উদ্বেগ কমুক, আর রাষ্ট্রের প্রতি আস্থা আরও দৃঢ় হোক। কারণ প্রবাসীরা শুধু দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করেন না, তাঁরা সমৃদ্ধ করেন দেশের প্রতিটি পরিবারের স্বপ্ন। তাঁদের পাশে দাঁড়ানো তাই কেবল দায়িত্ব নয়, আমাদের মানবিক অঙ্গীকার।

লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট
email: niazjournalist@gmail.com

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা

TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

The Tuition Fee is Free but the cost of books and materials varies on Schedule & Location

- Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com (আল আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

MONIR SECURITY TRAINING SCHOOL

37-22 73 Street Suite # 1C
Jackson Heights, NY 11372

347-659-8842

7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

KARNAFULLY
TRAVEL INC.

বিশেষ সুবিধা:
মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা রয়েছে।

এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
নভেম্বর ২০২৬

ভ্রমণ তারিখ

জেএফকে - জেদ্দা	মদিনা - জেএফকে	মোট দিন
৪ নভেম্বর	১৪ নভেম্বর	৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়)

প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

সবাই পারলে, বাংলাদেশ কেন পারবে না

৫ পৃষ্ঠার পর

কারণ হলো, এই দেশ দুটি শুধু যে একে অপরের প্রতিবেশী তাই নয়, ২৬ কিলোমিটার দীর্ঘ কিং ফাহাদ কজওয়ে ব্রিজ দ্বারা সরাসরি সংযুক্তও বটে। যার ফলে এটি ব্যবহারের মাধ্যমে প্রতিদিন ট্রাকে করে সৌদি আরব থেকে খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্য বাহরাইনে আসে, যা তাদের বাজারকে সচল রাখে। এ ছাড়া বাহরাইনের অর্থনীতি বিশেষ করে তেল পরিশোধন এবং পর্যটন খাতে সৌদি আরবের রয়েছে বিশাল বিনিয়োগ। অর্থাৎ সৌদি আরব বাহরাইনের বৃহত্তম বাণিজ্যিক অংশীদার। যখনই বিশ্বের কোনো খারাপ দেশকে নিয়ে কথা ওঠে তখনই আমাদের মাথায় আসে থাইল্যান্ডের ব্যাংকক, যুক্তরাষ্ট্রের লাস ভেগাস ও ব্রাজিলের কথা। অবাক হওয়ার মতো ব্যাপার যে রাষ্ট্রধর্ম ইসলাম হওয়ার পরও বাহরাইন ভোগবাদিতার দিক থেকে ব্যাংকক, লাস ভেগাসের চেয়ে কোনো অংশে কম নয়। অনেকে দেশটিকে পাপের কারখানাও বলে। অফিশিয়ালি কোনো অবৈধ কর্মকাণ্ডের অনুমোদন না থাকলেও রাতের আঁধারে সবই চলে সেখানে। দেশটিতে হারাম-হালালের কোনো বালাই নেই। বেশির ভাগ মুসলিম দেশে নেশাজাতীয় দ্রব্য নিষিদ্ধ থাকলেও বাহরাইনে ঠিক তার উল্টো। এমন কোনো হোটেল-মোটেল নেই, যেখানে সুন্দরী ললনাদের পদচারণা নেই। বেশির ভাগ হোটেলেই রয়েছে মেসেজ পারলার। আবার এই মেসেজ পারলারগুলোর আড়ালেই রয়েছে অনৈতিক ব্যবসা, যা দেশটির প্রশাসন দেখেও না দেখার ভান করে।

বিনোদনের সব ধরনের ব্যবস্থা রয়েছে বিধায় দিনদিন পর্যটকের সংখ্যা বেড়েই চলেছে। বাহরাইনে মধ্যপ্রাচ্যের দেশগুলো বিশেষ করে সৌদি আরবের ধনাঢ্য যুবকদের আনাগোনাই বেশি লক্ষণীয়। এ রাজতন্ত্রের দেশে ইসলামের কঠোর অনুশাসন থাকলেও পাশাপাশি রয়েছে পশ্চিমা দেশের অনুকরণে নাইট ক্লাব, বার, ডিসকো ক্লাব যেখানে সুন্দরীদের ভিড় থাকে গভীর রাত পর্যন্ত। প্রতিবেশী দেশগুলোর বিত্তবান যুবকরা ছুটিতে উপলক্ষে আমোদফুর্তি করার জন্য বেশি ভিড় জমায়। তখন কোনো হোটেলে থাকে না তিলধারণের ঠাঁই। অনেকেই আবার আনন্দ উপভোগের জন্য আগে থেকেই মাসিক ভিত্তিতে প্রয়োজন মাফিক ভাড়া নিয়ে রাখেন, যাতে হোটেল বুকিংয়ের ঝামেলা না হয়। বেশির ভাগ বাহরাইনি আরাম-আয়েশ ও ভোগবিলাসে অভ্যস্ত। সম্পদশালী হওয়ায় একাধিক স্ত্রী থাকা কোনো ব্যাপার নয়। শিক্ষাদীক্ষায় এগিয়ে থাকলেও এখনো তারা মেয়েদের ভোগের সামগ্রী হিসেবে বিবেচনা করে। ও দেশের মেয়েরা ঘরের বাইরে হিজাব বা বোরকা পরে চলাফেরা করলেও প্রায় সবাই বোরকার নিচে স্কার্ট পরে। অর্থাৎ পর্দার আড়ালে তারা পাশ্চাত্য ভাবধারায় প্রভাবান্বিত। সৌদি আরব ও বাহরাইনের মধ্যে স্থলপথে যাতায়াতব্যবস্থা অত্যন্ত উন্নত। বিশেষ করে কিং ফাহাদ কজওয়ে ব্রিজ দেশ দুটিকে সংযুক্ত করাতে আরও সুবিধা হয়েছে। নারী, মদ, অ্যালকোহল ও জুয়ার জন্য সৌদিবাসীর কাছে বাহরাইন খুব পছন্দের জায়গা। সৌদি আরব থেকে এখানে এসে তারা রাতভর মদপান করে এবং মাতাল অবস্থায় ফেরার পথে কজওয়ে ব্রিজে প্রায়ই দুর্ঘটনা ঘটায়। এ কারণে কিং ফাহাদ কজওয়ে ব্রিজটি 'ড্রাঙ্ক বর্ডার' নামে পরিচিত।

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। এখনো বহু লোক দারিদ্র্যসীমার নিচে বসবাস করে। বেকারত্বের অভিশাপ থেকে পরিত্রাণ পাওয়ার জন্য পুরুষের পাশাপাশি নারীরাও আজ প্রবাসের দিকে ধাবিত হচ্ছেন। বর্তমানে বাহরাইনে প্রায় ৮ হাজার নারী হাউসমেইড হিসেবে কর্মরত। বাহরাইনিরা একাধিক নারী ভোগে অভ্যস্ত বিধায় এসব হাউসমেইডের অনেকে ক্রমে ক্রমে তাদের লালসার শিকার হন। পরবর্তী সময়ে বাধ্য হয়ে এদের অনেকেই আবার নাইট ক্লাব বা হোটেলে দেহব্যবসায় জড়িয়ে পড়েন। বিষয়টি বাহরাইনে প্রবাসী বাংলাদেশিদের জন্য লজ্জাজনক হলেও এটা নিয়ন্ত্রণের বাইরে। বাংলাদেশ দূতাবাস থেকে এ ব্যাপারে বিভিন্ন সময়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েও লাভ হয়নি। কারণ যাদের আশ্রয়ে তারা এ অনৈতিক কাজগুলো করে থাকে তারা ও দেশের মাফিয়া চক্রের লোক। মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশের মতো বাহরাইনেও বিপুলসংখ্যক বাংলাদেশি নারী কর্মী কর্মরত, যাঁরা মূলত গৃহকর্মী, পরিচ্ছন্নতাকর্মী, তৈরি পোশাক খাত এবং বিভিন্ন সেবা খাতে কাজ করছেন। যদিও পুরুষ কর্মীদের তুলনায় তাঁদের গড় আয় কম, তবু তাঁরা নিয়মিত এবং সততার সঙ্গে তাঁদের উপার্জিত অর্থের সিংহভাগ বৈধ ও অবৈধ চ্যানেলে দেশে পাঠান। হাউসমেইডরা অনেক সময় প্রথাগত ব্যাংকিংব্যবস্থা সম্পর্কে কম জানেন বা তাঁদের ছুটি কম থাকে। ফলে তাঁরা অনেক সময় স্থানীয় দালাল বা অনানুষ্ঠানিক মাধ্যম (হুন্ডি) ব্যবহার করে দেশে টাকা পাঠাতে বাধ্য হন। মোদ্দা কথা বাহরাইন থেকে নারী কর্মীদের রেমিট্যান্স প্রেরণ দেশের অর্থনীতিতে যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, তা আজ অনস্বীকার্য। বাহরাইনের যিনি রাজা, তাঁর নাম হামাদ বিন ইসা আল খলিফা। বসবাসের জন্য প্যালেস রয়েছে ১২টি। সেগুলো কোথায়, তা কেউ জানে না। কোনো কোনোটি মরুভূমির মধ্যেও অবস্থিত বলে ধারণা করা হয়। তিনি কখন কোন প্যালেসে থাকবেন-এ ব্যাপারে কঠোর গোপনীয়তা রক্ষা করা হয়।

ও দেশের যে জিনিসটি দেখে সবচেয়ে বেশি বিস্মিত হয়েছি তা হলো, ধু-ধু মরুভূমির ঠিক মাঝখানে একটি বিশাল রহস্যময় গাছ যা বছরের পর বছর ডালপালা ছড়িয়ে দাঁড়িয়ে আছে। গাছটি 'ট্রি অব লাইফ' নামে খ্যাত। দিগন্ত বিস্তৃত মরুভূমি। কোথাও একটুকু মাটি বা পানির চিহ্ন নেই। অথচ গাছটি দিব্যি বেঁচে আছে। শুধু কি তা-ই? এর বয়সও নাকি ৪০০ বছর পেরিয়ে গেছে। অথচ কোনো পরিবর্তন নেই। একই রকম রয়ে গেছে।

পানিশূন্য মরুভূমিতে কী করে গাছটি এত বছর বেঁচে আছে, তা এক রহস্যই বটে। খটখটে মরুভূমির বুকে বৃষ্টিহীন পরিবেশে এতে নিয়মিত পাতা গজাচ্ছে। কী অদ্ভুত, অলৌকিক ব্যাপার!!! এই দৃশ্য যুগ যুগ ধরে মানুষকে বিস্মিত করে আসছে। প্রতি বছর হাজার হাজার দর্শনার্থী ও পর্যটক গাছটি দেখতে ভিড় করেন। বাহরাইনে বাংলাদেশের জন্য একটি চমৎকার জনশক্তি রপ্তানির বাজার গড়ে উঠছে। দেশটিতে প্রাচুর্যের অভাব নেই বিধায় রাস্তাঘাট ও দালানকোঠা নির্মাণসহ আরও বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড প্রতিদিন সম্প্রসারিত হচ্ছে। ফলে প্রবাসী শ্রমিকদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। জনশক্তি রপ্তানির এ সম্ভাবনাময় বাজারের প্রতি আমাদের আরও যত্নবান হওয়া বাঞ্ছনীয়। পর্যটন ক্ষেত্রে বাহরাইন এগিয়ে যাওয়া দেশ। বাংলাদেশকে এ ক্ষেত্রে এগিয়ে যেতে হলে পর্যটনবান্ধব পরিবেশ গড়ে তুলতে হবে। পৃথিবীতে অন্য সব দেশ পর্যটন ক্ষেত্রে এগিয়ে যেতে পারলে আমরা কেন পারব না।

লেখক : গবেষক ও প্রাবন্ধিক

আবারও সেই একই ভুল!

১০ পৃষ্ঠার পর

রক্ষা করতে বাঁচাতে হবে রাজনৈতিক দলগুলোকে। কারণ, যেকোনো রাজনৈতিক দল রাতারাতি গড়ে ওঠে না।

দলের একক প্রার্থী দিয়ে স্থানীয় সরকার নির্বাচন দিনশেষে বিএনপির জন্য ক্ষতি বয়ে আনবে। আওয়ামী লীগ চেষ্টা করেছে। পারেনি। বিএনপিও পারবে বলে মনে হয় না; বরং স্থানীয় পর্যায়ে বিভেদ বাড়বে এবং দল ক্ষতিগ্রস্ত হবে। এর চেয়ে বরং অরাজনৈতিকভাবে নির্বাচন করার ব্যবস্থা করা হোক।

গত ১৫-১৬ বছর স্বাধীনভাবে রাজনৈতিক কর্মকাণ্ড করতে না পারায় বিএনপিতে যোগ্য নেতার সংকট দেখা দিয়েছে। অরাজনৈতিকভাবে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠান করা গেলে জনগণের পছন্দমতো কিছু নেতা নির্বাচিত হবেন এবং তারা ভবিষ্যতে সংকটময় পরিস্থিতিতে বিএনপির হাল ধরতে পারবেন।

আওয়ামী লীগের অভিজ্ঞতা থেকে বিএনপি শিক্ষা নিলে দল বাঁচবে। দেশের এ সংকটময় পরিস্থিতিতে বিএনপির মতো একটি মধ্যপন্থী দল খুবই প্রয়োজন। এর অন্যথা হলে মাশুল দিতে হবে দলকে ও দেশকে।

লেখক: সাংবাদিক

সমুদ্রের নীল জলেই বাংলাদেশের নতুন সম্ভাবনা

৬ পৃষ্ঠার পর

সমন্বিত মেরিন ডাটা প্ল্যাটফর্ম, তৈরি করা যেতে পারে।

পুঁজি ছাড়া সমুদ্রের সম্ভাবনা অধরাই

সমুদ্রের সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে অর্থায়ন একটি বড় বিষয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে ফিশারিজ, একোয়া কালচার, শিপ বিল্ডিং, মেরিন লজিস্টিক, রিনিউয়েবল এনার্জি এবং কোস্টাল ইনফ্রাস্ট্রাকচারের জন্য বিশেষায়িত অর্থায়ন পণ্য তৈরি করতে হবে।

সরকার চাইলে ব্লু ফিন্যান্স এর জন্য নীতিমালা তৈরি করে প্রকল্পের পরিবেশগত ও আর্থিক মানদণ্ড নির্ধারণ করতে পারে। একই সঙ্গে সরকারি-বেসরকারি অংশীদারত্বের মাধ্যমে বড় অবকাঠামো প্রকল্পে দীর্ঘমেয়াদি পুঁজি আনার সুযোগ বাড়ানো দরকার।

২০২৬ সালের জুনে ব্লু ইকোনমি গবেষণা, উদ্ভাবন ও উন্নয়নের জন্য ২০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এই অর্থের একটি অংশকে বিশ্ববিদ্যালয়-শিল্প অংশীদারত্ব, মেরিন টেকনোলজি এবং বাণিজ্যিকভাবে সম্ভাবনাময় গবেষণায় ব্যবহার করা গেলে ফল বেশি কার্যকর হতে পারে।

উন্নয়ন হোক, সমুদ্রও বাঁচুক

সমুদ্র অর্থনীতি গড়তে গিয়ে সমুদ্রের স্বাস্থ্য নষ্ট করা যাবে না। অতিরিক্ত মাছ ধরা, প্লাস্টিক দূষণ, উপকূল ক্ষয় এবং জলবায়ু পরিবর্তন সামুদ্রিক সম্পদের ওপর চাপ বাড়াচ্ছে।

তাই প্রতিটি বড় সামুদ্রিক প্রকল্পের আগে বাধ্যতামূলক ইনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট এসেসমেন্ট নিয়মিত মনিটরিং এবং নির্দিষ্ট পরিবেশগত মানদণ্ড নিশ্চিত করতে হবে। উপকূলীয় জীববৈচিত্র্য রক্ষার জন্য মেরিন প্রোটেক্টেড এরিয়া ব্যবস্থাপনাও শক্তিশালী করা প্রয়োজন।

বাংলাদেশের করণীয়: পরিকল্পনা থেকে বাস্তবায়ন

সবচেয়ে জরুরি কাজ হলো একটি সমন্বিত জাতীয় ব্লু ইকোনমি একশন প্ল্যান তৈরি করা। শুধু নীতিপত্র নয়, এতে পাঁচ ও দশ বছরের নির্দিষ্ট লক্ষ্য, দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান, বিনিয়োগের পরিমাণ এবং পরিমাপযোগ্য ফলাফল থাকতে হবে।

প্রথম পর্যায়ে বাংলাদেশ মৎস্য ও সী-ফুড প্রসেসিং, শিপ রিপেয়ার, মেরিন লজিস্টিক, এবং মেরিন টুরিজমের মতো তুলনামূলক দ্রুত ফল দিতে পারে এমন খাতে জোর দিতে পারে। একই সঙ্গে মেরিন বায়োটেকনোলজি, অফশোর এনার্জি, এডভান্স শিপ বিল্ডিংয়ের মতো দীর্ঘমেয়াদি খাতে গবেষণা ও দক্ষতা তৈরি করতে হবে।

একটি ন্যাশনাল ব্লু ইকোনমি কাউন্সিল বা সমন্বয় কাঠামোর মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কাজের মধ্যে সমন্বয় আনা যেতে পারে। বিশ্ববিদ্যালয় ও শিল্পপ্রতিষ্ঠানের যৌথ গবেষণা, মেরিন ইঞ্জিনিয়ারিং ও ওশান সাইন্স-এ বিশেষ প্রশিক্ষণ এবং উপকূলীয় তরুণদের দক্ষতা উন্নয়নও পরিকল্পনার অংশ হওয়া দরকার।

আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হলো সামুদ্রিক সম্পদ ও কর্মকাণ্ডের নির্ভরযোগ্য তথ্যভাণ্ডার তৈরি করা। কোন এলাকায় কী সম্পদ রয়েছে, কতটুকু আহরণ নিরাপদ, কোন খাতে বিনিয়োগের সুযোগ বেশি-এসব তথ্য ছাড়া কার্যকর নীতি তৈরি করা কঠিন।

সমুদ্রের হাতছানি, অর্থনীতির নতুন দিগন্ত

বাংলাদেশকে সমুদ্র অর্থনীতি শূন্য থেকে শুরু করতে হবে না। আমাদের রয়েছে সমুদ্র, বন্দর, জেলে সম্প্রদায়, শিপ বিল্ডিং শিল্প, নৌপরিবহন, শিল্পভিত্তি এবং বিপুল কর্মক্ষম জনগোষ্ঠী।

এখন প্রয়োজন এসব সক্ষমতাকে একটি সুসংগঠিত অর্থনৈতিক পরিকল্পনার সঙ্গে যুক্ত করা।

বঙ্গোপসাগর থেকে শুধু মাছ নয়-জাহাজ, পর্যটন, পরিবহন, প্রযুক্তি, গবেষণা, শিল্প ও কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরি করা সম্ভব। তবে তার জন্য দরকার দীর্ঘমেয়াদি দৃষ্টি, সঠিক বিনিয়োগ, দক্ষ মানুষ এবং পরিবেশের প্রতি দায়িত্বশীলতা।

সামুদ্রিক সীমানা বাংলাদেশকে সম্ভাবনার জায়গা তৈরি করে দিয়েছে। এখন সেই সম্ভাবনাকে বাস্তব অর্থনীতিতে রূপ দেওয়ার পালা।

সমুদ্রের নীল জল আমাদের চোখের সামনেই। সেটিকে শুধু সীমানা হিসেবে দেখব, নাকি ভবিষ্যতের সম্পদ হিসেবে গড়ে তুলব-সিদ্ধান্ত আমাদের।

লেখক : ব্যাংকার

রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।

আমরা Binghamton এ কাজ করে থাকি

আমাদের কাজসমূহ:

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার প্লাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

যোগাযোগ:

WOVENA CONSTRUCTION INC
172-11, 93 Ave, Jamaica, NY 114333
Phone: 347-822-9052, 716-828-6677
wovenatexusa@gmail.com

সামার সেল! সামার সেল!
Mybestfly
New York, United States
Dhaka, Bangladesh
Nov 21
Return Date
DISCOUNT
Plan your next flight
Emirates
Scan Me
এই সামারে বিমান, এমিরেটস, কাতার, টার্কিশ এবং
সৌদি এয়ারলাইন্স এর ফ্লাইট বুকিংয়ে পাচ্ছেন বিশেষ ছাড়
ভিজিট করুন আমাদের ওয়েবসাইট
www.mybestfly.com
Emirates
QATAR AIRWAYS القطرية
TURKISH AIRLINES
السعودية SAUDIA
Biman BANGLADESH AIRLINES
এছাড়াও আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বিশ্বের সকল দেশের ইন্টারন্যাশনাল
এবং ডোমেস্টিক ফ্লাইট বুক করতে পারবেন
BOOK ONLINE
mybestfly.com
CALL TO BOOK
718-406-9745
Global Tours & Travel
USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA
Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka-1000

My wife isn't a source of worry for me-why are you worried?

Continued from page 18

ইলহান ওমর যুক্তরাষ্ট্রের কংগ্রেসে নির্বাচিত প্রথম দিকের মুসলিম নারী সদস্যদের একজন। তার বাসায় ফেডারেল তদন্তকারীদের এই অভিযানকে কেন্দ্র করে রাজনৈতিক বিতর্ক আরো তীব্র হওয়ার আশঙ্কা রয়েছে। তবে তদন্তের প্রকৃত অভিযোগ ও পরবর্তী আইনি পদক্ষেপ সম্পর্কে আনুষ্ঠানিকভাবে বিস্তারিত তথ্য প্রকাশ না হওয়া পর্যন্ত বিষয়টির অনেক দিকই অনিশ্চিত রয়ে গেছে।

জমি নেই, চাকরি নেই : এ কেমন রাষ্ট্রীয় বিচার

৫ পৃষ্ঠার পর

সঙ্গে পদের যোগ্যতা বা রাষ্ট্রের নিরাপত্তার কি যুক্তিসংগত সম্পর্ক? জমির মালিকানা কোনো কনস্টেবলের সততা, কোনো শিক্ষকের দক্ষতা বা কোনো পাসপোর্টধারীর নাগরিকত্ব প্রমাণ করে না। উদ্দেশ্যের সঙ্গে যোগসূত্র না থাকায় এ ধরনের বিভাজন সাংবিধানিক পরীক্ষায় টিকবে না বলেই আশা করা যায়।

৩৬ অনুচ্ছেদে আরও সরাসরি বলা হয়েছে, প্রত্যেক নাগরিকের দেশের সর্বত্র অবাধ চলাফেরা এবং যেকোনো স্থানে বসবাস ও বসতিস্থাপনের অধিকার আছে। কাজের খোঁজে গ্রাম ছেড়ে শহরে বসতি গড়া নাগরিককে গ্রামের ভিটার প্রমাণ দিতে বাধ্য করার অর্থ সাংবিধানিক অধিকার প্রয়োগের জন্য শাস্তি দেওয়া। ৪০ অনুচ্ছেদে পেশার স্বাধীনতা, ১১ অনুচ্ছেদে মানবসত্তার মর্যাদা, ১৯ অনুচ্ছেদে সুযোগের সমতা-সবই একই দিকে ইঙ্গিত করে। আর ৭(২) অনুচ্ছেদ বলছে, সংবিধানের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ কোনো আইন ততখানি বাতিল হবে। পরিপত্র ও ফরম তো আইনেরও নিচের স্তরের; সেগুলো আরও সহজে প্রশ্নবিদ্ধ হতে পারে।

প্রতিকার কেন মেলে না

সবচেয়ে বড় সমস্যা হলো, ভুক্তভোগীর হাতে কার্যকর প্রতিকারের পথ নেই। ভেরিফিকেশন-প্রতিবেদন সাধারণত গোপন থাকে; প্রার্থী জানতেই পারেন না ঠিক কোন কারণে তিনি বাদ পড়লেন। লিখিত কারণ না থাকলে আপিল করাও অসম্ভব। রিট মামলার খরচ, সময় আর আইনজীবী খোঁজার সামর্থ্য এমন পরিবারের থাকে না, যাঁদের ইতিমধ্যে জমি-ঠিকানা কিছুই নেই।

ফলে প্রতিকার মেলে প্রধানত তখনই, যখন ঘটনাটি সংবাদমাধ্যমে আসে এবং আদালত স্বতঃপ্রণোদিত হন। অর্থাৎ, ন্যায়বিচার নির্ভর করছে সৌভাগ্য ও প্রচারের ওপর, নিয়মের ওপর নয়। একজন মিমের ঘটনা আলোচিত হয়; কিন্তু তাঁর পেছনে এমন আরও কত তরুণ নীরবে ঝরে পড়েন, তার কোনো হিসাব কোথাও নেই। যে ব্যবস্থায় প্রত্যাখ্যানের কারণ নথিভুক্ত হয় না, সেখানে বৈষম্যের মাত্রাও মাপা যায় না, আর যা মাপা যায় না, তা সংশোধনও করা যায় না।

দেশে দেশে ঠিকানার সংজ্ঞা

অন্যান্য দেশ ঠিকানাকে মালিকানা থেকে আলাদা করেছে। ভারতের সুপ্রিম কোর্ট ১৯৮৫ সালে ওলগা টেলিস বনাম বোম্বে মিউনিসিপ্যাল করপোরেশন মামলায় বলেছিল, জীবনের অধিকারের মধ্যে জীবিকার অধিকারও অন্তর্ভুক্ত; ফুটপাতবাসীকেও উচ্ছেদের আগে ন্যায্য প্রক্রিয়া ও শুনানির সুযোগ দিতে হবে। এই রায় ঠিকানাহীন মানুষকে 'অদৃশ্য' নয়, অধিকারধারী নাগরিক হিসেবে দেখার ভিত্তি গড়ে দিয়েছে।

যুক্তরাজ্যে ১৯৮৩ সালের জনপ্রতিনিধিত্ব আইনের 'স্থানীয় সংযোগের ঘোষণা'র মাধ্যমে নির্দিষ্ট ঠিকানাহীন মানুষও ভোটার হতে পারেন-এমনকি পার্কের বেঞ্চ বা আশ্রয়কেন্দ্রের বিবরণ দিয়েও। ব্রাজিলে ১৯৮৩ সালের এক আইনের অধীনে নাগরিকের নিজের স্বাক্ষরিত আবাসের ঘোষণা সরকারি কাজে সত্য বলে গণ্য হয়; মিথ্যা প্রমাণিত হলে শাস্তির বিধান থাকে। শিক্ষা একটাই-ঠিকানা যাচাইয়ের উদ্দেশ্য ব্যক্তিকে শনাক্ত করা ও তাঁর সঙ্গে যোগাযোগের পথ রাখা, তাঁর সম্পত্তির হিসাব নেওয়া নয়। এসব ব্যবস্থায় আস্থা রাখা হয় নাগরিকের সত্য ঘোষণার ওপর, আর মিথ্যার জন্য রাখা হয় কঠোর দায়।

এখন কী করণীয়

কখনো আদালতের হস্তক্ষেপে, কখনো গণমাধ্যমের চাপে দু-একজন প্রতিকার পেয়েছেন। কিন্তু ব্যক্তিগত ত্রাণ কোনো স্থায়ী সমাধান নয়। জনপ্রশাসন ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যৌথ নির্দেশনায় স্পষ্ট করতে হবে, স্থায়ী ঠিকানা মানে জমি বা বাড়ির মালিকানা নয়; ভূমিহীনতা চাকরি, পাসপোর্ট বা অন্য রাষ্ট্রীয় সেবা পাওয়ার ক্ষেত্রে অযোগ্যতার কারণ হতে পারে না। চাকরি, পুলিশ ভেরিফিকেশন ও পাসপোর্টের ফরমে 'বর্তমান ঠিকানা' ও 'আদি নিবাস' আলাদা করতে হবে এবং জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, ভোটার তথ্য, ভাড়ার চুক্তি, ইউটিলিটি বিল, শিক্ষাপ্রতিষ্ঠান বা নিয়োগকর্তার প্রত্যয়নসহ একাধিক নথিকে ঠিকানা প্রমাণ হিসেবে গ্রহণ করতে হবে। যাচাই হবে পরিচয়, বসবাসের সত্যতা ও নিরাপত্তা নিয়ে-জমি, বংশ বা পৈতৃক ভিটা নিয়ে নয়। কোনো আবেদন বাতিল হলে লিখিত কারণ, দ্রুত আপিল এবং নির্ধারিত সময়ে সিদ্ধান্ত না হলে জবাবদিহির ব্যবস্থাও থাকতে হবে।

এই সংস্কারকে আইনি ভিত্তি দিতে বৈষম্যবিরোধী আইনে সম্পত্তি বা আবাসিক অবস্থার ভিত্তিতে বৈষম্য নিষিদ্ধ করা এবং জাতীয় মানবাধিকার কমিশনকে এ ধরনের অভিযোগে কার্যকর ভূমিকা দেওয়া প্রয়োজন। প্রশাসন উদ্যোগ না নিলে সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীনে জনস্বার্থে রিটের পথও খোলা থাকবে। একই সঙ্গে প্রতিবছর ঠিকানা-সংক্রান্ত যাচাইয়ে কতজন প্রত্যাখ্যাত হয়েছেন, কী কারণে এবং আপিলে কতজন প্রতিকার পেয়েছেন-তার তথ্য প্রকাশ করা উচিত। কারণ, স্থায়ী সমাধান কোনো একজনের চাকরি ফিরিয়ে দেওয়া নয়; এমন ব্যবস্থা তৈরি করা, যেখানে নাগরিকের অধিকার তাঁর নিজের নামে কতটুকু জমি আছে তার ওপর নির্ভর করবে না।

শেষ কথা

একটি পরিপত্রেই বহু ক্ষেত্রে এই অন্যায়ের অবসান সম্ভব। খরচ প্রায় শূন্য, সুফল অপরিসীম। যে নীতিনির্ধারকেরা মেধাভিত্তিক নিয়োগ, সুশাসন ও ডিজিটাল বাংলাদেশের কথা বলেন, তাঁদের কাছে প্রশ্ন এই যে রাষ্ট্রের ফরমে একজন নাগরিকের পরিচয় কি তাঁর জমির দলিলে, নাকি তাঁর নাগরিকত্বে? ঠিকানা থাকে মানুষের কাছে, কাগজের ভিটায় নয়। মিমের মতো তরুণেরা ঠিকানা হারান না; হারিয়ে যায় তাঁদের প্রতি রাষ্ট্রের কর্তব্য। সংসদ, প্রশাসন ও আদালত-এই তিন পক্ষই এ বিষয়ে ভূমিকা রাখতে পারে।

লেখক : গবেষক ও সাংবাদিক

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি

ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

Marriage Media

পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সি ড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

খান ভাই

646-637-7590

Email: khanma663@gmail.com

COOL Multiservices LLC
Real Estate, Tax, Insurance & Consultancy
We Offer Mortgage
Wireless Communication Limo Service

শাহ্ হামজার স্মরণে
বিশ্বাসের উত্তরাধিকার, উৎকর্ষতার ভবিষ্যৎ

১৯৯৯ সাল থেকে কুল মাল্টিসার্ভিসেস এলএলসি আমাদের কমিউনিটির একটি নির্ভরযোগ্য ভরসার নাম। দীর্ঘ এই পথচলায় আমরা সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করেছি।
আজ আমরা গর্বের সাথে জানাচ্ছি—আপনার পরিবারের ভবিষ্যৎ আরও নিরাপদ ও সুন্দর করে গড়ে তুলতে আমরা আমাদের সেবার পরিধি ও দক্ষতা আরও বিস্তৃত করেছি।
আপনি যদি ট্যাক্স সংক্রান্ত সহায়তা চান, কিংবা নিজের স্বপ্নের একটি বাড়ির খোঁজে থাকেন—যে দলকে আপনি বছরের পর বছর বিশ্বাস করেছেন, সেই দল আজও আপনার পাশে আছে।

আমাদের প্রধান সেবাসমূহ

* ট্যাক্স প্রস্তুতি ও পরামর্শ
  দ্রুত, নির্ভুল ও সর্বোচ্চ রিটার্ন নিশ্চিত করার জন্য অভিজ্ঞ সহায়তা।
* মর্টগেজ ও ঋণ সমাধান (প্রি এপ্রোভাল)
  সহজ শর্ত, প্রতিযোগিতামূলক সুদের হার ও ব্যক্তিগত গাইডলাইন।
* রিয়েল এস্টেট সেবা
  বাড়ি কেনা বা বিক্রি—বাজার বিশ্লেষণ করে আপনাকে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে সহায়তা।

আপনার স্বপ্নের বাড়ির শুরু এখান থেকেই

প্রথমবার বাড়ি কিনছেন?
আপনাকে আন্তরিক স্বাগতম।
এই প্রক্রিয়াকে জটিল মনে করার কোনো কারণ নেই। আমরা প্রথমবার বাড়ি কিনতে আগ্রহীদের জন্য প্রি-অ্যাপ্রুভালসহ প্রতিটি ধাপে পাশে থেকে সহায়তা করি, যাতে আপনার "স্বপ্নের বাড়ি" বাস্তবে রূপ নেয়।

কুল-এর সাথে যুক্ত হয়ে উপভোগ করুন
২৫ বছরেরও বেশি সময়ের সততা, অভিজ্ঞতা ও পেশাদার সেবার নিশ্চয়তা।

: যোগাযোগ :
১৯৭০১ হিলসাইড অ্যাভিনিউ, হলিস, নিউ ইয়র্ক ১১৪২৩
৭১৮-৮০৩-৮২০০
ইমেইল: coolmultiservicesllc@gmail.com

হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100

হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়

ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

বিসমিল্লাহির রাহমানির রাহিম
BANGLADESH SOCIETY INC, ELECTION-2026
বাংলাদেশ সোসাইটি ইনক
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬
সেলিম-আলী
পরিষদ
আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর
আরও অগ্রগতি • আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি
অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
B1
আতাউর রহমান সেলিম
সভাপতি পদপ্রার্থী
Athaur Rahman Salim, President
B4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Mohammad Ali, General Secretary
B2
মো: মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Mohiuddin Dewan, Sr. Vice President
B3
মো: কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Kamruz Zaman, Vice President
B5
হারুন চেয়ারম্যান
সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Harun Chairman, Asst. General Secretary
B6
নওশাদ হায়দার
কোষাধ্যক্ষ পদপ্রার্থী
Nowshad Haider, Treasurer
B7
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
Md. Z.H. Khan (Duke Khan), Organizing Secretary
B8
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
Mostofa Anik Raj, Cultural Secretary
B9
রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী
Rezu Mohammed, Public Relation & Publicity Sec.
B10
মুনসুর আহমেদ
সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী
Mansur Ahammad, Social Welfare Secretary
B11
রুমানা আহমেদ
সাহিত্য সম্পাদক পদপ্রার্থী
Rumana Ahmed, Literary Secretary
B12
হাসান খান
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী
Hasan Khan, Sports & Ent. Secretary
B13
এএসএম মাইন উদ্দীন (বাবলু)
স্কুল ও শিক্ষা সম্পাদক পদপ্রার্থী
Asm Main Uddin (Bablu), School & Edu. Secretary
B14
শাহনাজ হোসেন
মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী
Shahanaz Hossain, Woman & Children Secretary
B15
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী
যুব ও তথ্যপ্রযুক্তি সম্পাদক পদপ্রার্থী
Jahangir Shahid Suhrawardhy, Youth & IT Secretary
B16
মো: উজ্জ্বল বিপুল
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Uzzal Bipul, Executive Member
B17
সারওয়ার খান বাবু
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Sarwor Khan Babu, Executive Member
B18
মো: এ মান্নান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Mohammed A Mannan, Executive Member
B19
শামীম আহমেদ
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Shamim Ahmed, Executive Member
B20
মো: আব্দুল মালেক খান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Abdul Maleque Khan, Executive Member
B21
কাজী রবিউজ্জামান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Kazi Rabiuzzaman, Executive Member
অনুগ্রহ করে সেলিম-আলী পরিষদে আপনার মূল্যবান ভোট দিন
মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL
প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি

'কুনু-ফিরোজ' প্যানেলকে ঢাকাবাসী'র সমর্থন

৩ পৃষ্ঠার পর

আয়োজিত এই সভায় বিপুল সংখ্যক ঢাকাবাসী সপরিবারে অংশ নেন। এছাড়াও বিপুল সংখ্যা বাংলাদেশী-আমেরিকান সভায় উপস্থিত হওয়ায় সভাটি উৎসবমুখর হয়ে উঠে। বিশিষ্ট রাজনীতিক, ব্যবসায়ী, সংগঠক ঢাকা জেলা এসোসিয়েশনের প্রধান উপদেষ্টা গিয়াস আহমেদের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি ও সাবেক ট্রাস্টিবোর্ড চেয়ারম্যান, বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ এ আজিজ। প্রধান বক্তা ছিলেন বিশিষ্ট রাজনীতিক ও ঢাকা জেলা এসোসিয়েশনের অন্যতম উপদেষ্টা গিয়াস উদ্দিন। আমন্ত্রিত অতিথি ছিলেন বিশিষ্ট রাজনীতিক জিল্লুর রহমান জিলু, সাবেক ছাত্রনেতা আলাউদ্দিন দুদু, বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি মোহাম্মদ রব মিয়া, সাবেক প্রধান নির্বাচন কমিশনার নাসির খান পল ও জামাল আহমেদ জনি, 'কুনু-ফিরোজ' প্যানেলের সভাপতি পদপ্রার্থী আক্তারুল হোসেন কুনু ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী ফিরোজ আহমেদ, নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক রুহুল আমীন সিদ্দিকী, যুগ্ম আহ্বায়ক জিপি জহির মোল্লা ও প্রধান সমন্বয়কারী বাবুল চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সভাপতি ফারুক চৌধুরী, সাবেক স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক নুরুল হক, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাবেক সভাপতি বদরুজ্জামান খান মিন্টু, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র (একাংশ) সভাপতি মইনুল ইসলাম, নারায়ণগঞ্জ সমিতির সাবেক সভাপতি মোহাম্মদ মহসিন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও তৃণমূলের রাজনীতিক শেখ শাহজাহান।

সভায় স্বাগত বক্তব্য রাখেন ঢাকা জেলা এসোসিয়েশনের উপদেষ্টা ও সাভার উপজেলা এসোসিয়েশনের সভাপতি এবং অনুষ্ঠান আয়োজক কমিটির আহ্বায়ক আমানুল্লাহ আমান। সভায় দুলাল হেবেজু সহ অতিথিবৃন্দ ছাড়াও অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা জেলা এসোসিয়েশনের উপদেষ্টা শেখ সালাউদ্দিন খোকন ও মুক্তিযোদ্ধা আক্তার হোসেন, মুন্সিগঞ্জ-বিক্রমপুর সমিতির সাবেক সভাপতি শাহাদৎ হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী আনজুল হোসেন সেলিম, কমিউনিটি অ্যাক্টিভিস্ট নূর আমিন, মিজানুর রহমান মিজান, সৈয়দ এ আর ফারুক প্রমুখ বক্তব্য রাখেন। যৌথভাবে সভা পরিচালনা করেন আসাদ জামান ও আয়োজক কমিটির সদস্য সচিব সেলিম ইব্রাহীম। আক্তারুল হোসেন কুনু বলেন, নির্বাচন ঘিরে আমার এবং প্যানেলের বিরুদ্ধে নানা অপপ্রচার চলছে। আমরা অপপ্রচারে বিশ্বাসী নই, কাজে বিশ্বাসী। যা বলবো তাই তাই করবো। তিনি তার নির্বাচনী প্রতিশ্রুতির কথা তুলে ধরে বলেন, আগেও বলেছি, এখনো বলছি সোসাইটির নির্বাচন ঘিরে কোন মিথ্যা প্রতিশ্রুতি, আশ্বাস দেবো না। সোসাইটির কোন অর্থ অপচয় করবো না। তবে প্রয়োজনের জন্য যা করা দরকার তাই করবো। তিনি বলেন, আমরা নির্বাচিত হলে আমাদের প্রথম কাজ হবে ফিউনেরাল হোম প্রতিষ্ঠা করা। ফিরোজ আহমেদ বলেন, আমরা স্বচ্ছ আর জবাবদিহিমূলক সোসাইটি গড়তে চাই। নিউ ইমিগ্রান্টদের চাকরীর সুযোগের পথ দেখানো, নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক রুটে বিমান চালু সহ প্রবাসীদের সমস্যা মোকাবেলায় তিনি কতিপয় কর্মসূচী বাস্তবায়নের প্রতিশ্রুতি দেন এবং নতুন প্রজন্মকে সোসাইটিমুখী করার প্রত্যয় ব্যক্ত করে।

ট্রাম্পকে নির্বাচনে ২৭৬ মিলিয়ন ডলার দিলেন ইলন মাস্ক

৩ পৃষ্ঠার পর

রিপাবলিকান গভর্নরস অ্যাসোসিয়েশনকে ১০ মিলিয়ন এবং রিপাবলিকান অ্যাটর্নি জেনারেলস অ্যাসোসিয়েশনকে ২ মিলিয়ন ডলার দিয়েছেন তিনি।

টেক্সাসের সিনেট নির্বাচন মাস্কের বিশেষ মনোযোগের কেন্দ্রে রয়েছে। সেখানে রিপাবলিকান প্রার্থী প্যাক্সটনের প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাট জেমস তালারিকোর সঙ্গে প্রতিযোগিতা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। কংগ্রেসের নিয়ন্ত্রণ নির্ধারণে প্রভাব ফেলতে পারে, এমন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ আসনগুলোতে অর্থ ব্যয় করে রিপাবলিকানদের অবস্থান শক্তিশালী করার চেষ্টা চলছে।

২০২৫ ও ২০২৬ সালের নির্বাচনী চক্রে ফেডারেল পর্যায়ের রাজনৈতিক কমিটিগুলোতে মাস্কের মোট অনুদান প্রায় ৩৬৬ মিলিয়ন ডলারে পৌঁছেছে।

এর আগে ২০২৪ সালের নির্বাচনী চক্রে তিনি প্রায় ২৯০ মিলিয়ন ডলার ব্যয় করেছিলেন। ফলে বর্তমান নির্বাচনী চক্রে তার রাজনৈতিক অনুদান আগের রেকর্ডকেও ছাড়িয়ে গেছে।

তবে প্রকাশ্যে জানা ৩৬৬ মিলিয়ন ডলারের হিসাবই তার রাজনৈতিক ব্যয়ের সম্পূর্ণ চিত্র নয়। নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, যেসব সংগঠনকে দাতাদের পরিচয় প্রকাশ করতে হয় না, সেসব মাধ্যমেও মাস্ক সাত অঙ্কের ডলারের অনুদান দিয়েছেন। ফলে তার মোট রাজনৈতিক ব্যয় আরো বেশি হতে পারে।

উল্লেখযোগ্য বিষয় হলো, ২০২৫ সালের মে মাসে মাস্ক বলেছিলেন, রাজনৈতিক ব্যয় কমানোর সময় এসেছে। কিন্তু মধ্যবর্তী নির্বাচনের আগে রিপাবলিকানদের জন্য তার বিপুল অর্থায়ন সেই অবস্থান থেকে পরিবর্তনের ইঙ্গিত দিচ্ছে। তবে ২০২৪ সালের তুলনায় এবার তিনি প্রকাশ্য প্রচার-সমাবেশে তুলনামূলক কম সক্রিয় রয়েছেন।

যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে প্রতিনিধি পরিষদের ৪৩৫টি আসন এবং সিনেটের প্রায় এক-তৃতীয়াংশ আসনে ভোট হবে। ফলাফলের ওপর নির্ভর করবে কংগ্রেসের দুই কক্ষের নিয়ন্ত্রণ কোন দলের হাতে থাকবে। রিপাবলিকানরা সংখ্যাগরিষ্ঠতা ধরে রাখতে পারলে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের আইন ও নীতি বাস্তবায়নের পথ সহজ হতে পারে। অন্যদিকে ডেমোক্র্যাটরা এক বা উভয়কক্ষে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলে প্রশাসনের ওপর কংগ্রেসের নজরদারি বাড়তে পারে।

মাস্কের বিপুল অনুদান রিপাবলিকানদের নির্বাচনী প্রচারে আর্থিক সুবিধা দিচ্ছে। তবে এই অর্থ ভোটারদের সিদ্ধান্ত কতটা প্রভাবিত করবে, তা নির্ভর করবে প্রার্থীদের অবস্থান, অর্থনীতি ও জীবনযাত্রার ব্যয় নিয়ে জনমত এবং ভোটদানের হারের ওপর।

KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী আপনাদের সেবায় নিয়োজিত

কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets

সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

718 205 6050, 718 205 6055, 917 691 7721

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

Web: www.karnafullytravel.com

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

Amader Service.com

Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি , ফুড ষ্ট্যাম্প , রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IT ON App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন

STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

সোসাইটিতে স্বতন্ত্র প্রার্থী রাব্বি সৈয়দের ইশতেহার

৬৪ পৃষ্ঠার পর

আধুনিকায়ন ও অনৈতিক ভোটার নিবন্ধন ব্যবস্থার বিলুপ্তিকরণ, স্বচ্ছ প্রশাসন ও আর্থিক জবাবদিহি, নিজস্ব কমিউনিটি সেন্টারের বাস্তবসম্মত রোডম্যাপ, সোসাইটি ভবনের অ্যাক্রেডিটেশন নিরসন, সমন্বিত সদস্যসেবা কেন্দ্র ও মোবাইল ক্লিনিক, এজাই সংযুক্ত ২৪ ঘণ্টার কাস্টমার কেয়ার, পাঁচ বরো থেকে মোট ১৫ জন শিক্ষার্থীকে মেধাভিত্তিক বৃত্তি, দাফন/সৎকার ও মরদেহ বাংলাদেশে পাঠাতে সহায়তা, নতুন প্রজন্মের অংশগ্রহণ, কর্মসংস্থান ও পেশাজীবী নেটওয়ার্ক এবং প্রশাসনিক কার্যক্রমের বিকেন্দ্রীকরণ।

ঘোষণায় রাব্বি বলেছেন, নেতৃত্ব মানে শুধু প্রতিশ্রুতি দেওয়া নয়। সবার কথা শোনা, স্বচ্ছতার সঙ্গে কাজ করা এবং বাস্তবসম্মত পরিকল্পনাকে ধাপে ধাপে কার্যকর করা আঞ্চলিকতা, দলাদলি ও বিভাজনের ঊর্ধ্বে উঠে আমি সবার অংশগ্রহণে একটি আধুনিক, মানবিক ও জবাবদিহিমূলক বাংলাদেশ সোসাইটি গড়ে তুলতে চাই।

প্রবাসী নাট্য ও মিডিয়া কর্মীদের পিকনিক অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

পার্ক মুখরিত ছিল মুখরোচক আড্ডা, কালজয়ী নাটকের স্মৃতিচারণ, গান। অনুষ্ঠানটিকে ঘরোয়া ও উৎসবমুখর করতে আমন্ত্রিত অতিথিরা নিজেদের বাড়ি থেকে 'পটলাক' বা ওয়ান-ডিশ পদ্ধতিতে হরেক রকমের সুস্বাদু খাবার নিয়ে আসেন। প্রখ্যাত সাংস্কৃতিক ব্যক্তিত্ব শামসুল আলম বকুলের ঐকান্তিক প্রচেষ্টায় মিলনমেলাটি সফলভাবে সম্পন্ন হয়েছে। সাংস্কৃতিক এই মিলনমেলায় প্রবাসের একঝাঁক গুণী ও শীর্ষস্থানীয় তারকা শিল্পীরা উপস্থিত ছিলেন। আমন্ত্রিতদের মধ্যে সিনিয়র নাট্যশিল্পী রেখা আহমেদ, শুভ্রকুমার দত্ত, রোকেয়া রফিক বেবী, শিরিন বকুল, স্বপ্না কাউসার, তমালিকা কর্মকার, এজাজ আলম, লায়লা ফারজানা, তৌকির আহমেদ উপস্থিত থেকে আয়োজনকে সমৃদ্ধ করেন।

এছাড়াও নাট্যাঙ্গনের একাত্মতা প্রকাশ করে অনুষ্ঠানে যোগ দেন- ডিগ্রোল, আলমগীর চঞ্চল, আবু সুফিয়ান বিপুল, শামীম নাহেদ, পার্থী মুখার্জী, হারুন আহমেদ, বাবর খালেদি, সুলতান বুখারী, বনুলিয়া, রনি, তানজীর, হীরা চৌধুরী, মিল্টন, মুজিব বিন হক, জহির আহমেদ, জিয়া উদ্দিন শিপন, রিপন, সুলতানা, আনিকা মাহিন এর্না সহ আরও অনেকে।

বড় ভাইয়ের মৃত্যু : শোক না কাটতেই ছোট ভাইয়ের চলে যাওয়া

১ পৃষ্ঠার পর

কয়েক দিনের ব্যবধানে দুই ছেলেকে হারিয়ে শোকের গভীর সাগরে ডুবে গেছে পরিবারটি। বড় ভাই শাহ মো. আরদি (৩৩) মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার পর এগারো দিনের ব্যবধানে মারা গেছেন ছোট ভাই শাহওয়ার্দি (৯)। পরিবারের তথ্য অনুযায়ী, বুধবার দুপুর ১টা ৩০ মিনিটে ব্রুকলিনের মাইমোনিডস হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান চতুর্থ শ্রেণির শিক্ষার্থী শাহ মোহাম্মদ ওয়ার্দি। জ্বর ও মস্তিষ্কে রক্তক্ষরণজনিত জটিলতার কারণে তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল।

গত ৩ অক্টোবর (শনিবার), স্থানীয় সময় ভোর আনুমানিক সাড়ে ৪টার দিকে কাজ শেষে মোটরসাইকেলে করে বাসায় ফেরার পথে নিউইয়র্কের মেজর ডিগান এক্সপ্রেসওয়েতে মর্মান্তিক এক সড়ক দুর্ঘটনার শিকার হন শাহ মো. আরদি। গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গভর্নর নির্বাচনে জরিপে এগিয়ে হোকুল

১ পৃষ্ঠার পর

রয়েছেন বলে জানা যায়। নির্বাচনের এক মাসেরও কম সময় আগে প্রকাশিত নতুন এক জরিপে হোকুলের প্রতি ৫২ শতাংশ ভোটারের সমর্থন পাওয়া গেছে। সেখানে ব্লেকম্যানের পক্ষে রয়েছেন ৪০ শতাংশ। তবে জীবনযাত্রার ব্যয়, কর ও আবাসন সংকট নিয়ে ভোটারদের উদ্বেগ এবং স্বতন্ত্র ভোটারদের মধ্যে ব্লেকম্যানের শক্ত অবস্থান নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতায় নতুন মাত্রা যোগ করেছে।

এমারসন কলেজ পোলিং, পিক্স ১১ নিউজ ও দ্য হিলের যৌথ জরিপে হোকুলের পক্ষে ৫২ শতাংশ এবং ব্লেকম্যানের পক্ষে ৪০ শতাংশ ভোটারের সমর্থন পাওয়া গেছে। ৮ শতাংশ ভোটার এখনো সিদ্ধান্তহীন। তবে ব্যবধান বড় হলেও হোকুলের নিজের চাকরির অনুমোদন হার ৪০ শতাংশে রয়েছে। অন্যদিকে স্বতন্ত্র ও কোনো দলের সঙ্গে যুক্ত নন-এমন ভোটারদের মধ্যে ব্লেকম্যান ৫৫ শতাংশ সমর্থন পেয়েছেন।

এমারসন কলেজ পোলিংয়ের পরিচালক স্পেন্সার কিমবল বলেন, নিউইয়র্কের মতো ডেমোক্র্যাটপ্রধান অঙ্গরাজ্যে ব্যবধান ধরে রাখতে ব্লেকম্যানকে স্বতন্ত্র ভোটারদের মধ্যে আরও বড় ব্যবধান তৈরি করতে হবে। তার মতে, এবারের নির্বাচনে ডেমোক্র্যাট ভোটারদের ভোট দেওয়ার আগ্রহও তুলনামূলক বেশি-জরিপে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জনপ্রিয়তাও নিউইয়র্কে তুলনামূলক কম দেখা গেছে। অঙ্গরাজ্যে ট্রাম্পের চাকরির অনুমোদন হার ৩৫ শতাংশ বলে জরিপে উঠে এসেছে। ব্লেকম্যানের সঙ্গে ট্রাম্পের ঘনিষ্ঠ রাজনৈতিক সম্পর্ক রয়েছে। এদিকে নিউইয়র্কের রাজ্যজুড়ে সবচেয়ে বেশি চাকরির অনুমোদন পাওয়া রাজনীতিক হিসেবে উঠে এসেছেন নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি। জরিপে তার কার্যক্রমে ৪৭ শতাংশ ভোটার অনুমোদন জানিয়েছেন।

পাশা সেলিমের হাতে : কুনু'র ভরসা বিয়ানীবাজার

১ পৃষ্ঠার পর

সভাপতি ও বিয়ানীবাজারের সন্তান ফারুক চৌধুরী। তিনি বলেন, বিয়ানীবাজারের সন্তান কুনু। আপনাদের সন্তান। তার মানসম্মান মানেই বিয়ানীবাজারের মানসম্মান। তা রক্ষায় আজমল হোসেন কুনুকে ভোট দিন। তার জন্য হাতজোড় করে একটা ভোট ভিক্ষা চাচ্ছি। আসুন বিয়ানীবাজারবাসী, ২৫ অক্টোবর কুনু ভাইয়ের পাশে দাঁড়াই। অপর সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিমের জন্মস্থান সিলেটের গোলাপগঞ্জ। বেড়ে ওঠা ফেঞ্চুগঞ্জে। তারা দু'জনই ব্যবসায়ী। ম্যানহাটনের একটি রেস্টুরেন্টের যৌথ মালিকানা তাদের। বড় ভাই ছোট ভাই সম্পর্ক। ২ বছর আগের নির্বাচনে এই কুনুই সেলিম-আলী প্যানেলের নির্বাচনী প্রচারণা কমিটির চেয়ারম্যান ছিলেন। তার রানিংমেট ফিরোজ আহমেদও ছিলেন সেলিম-আলী প্যানেলের অন্যতম সংগঠক। আজ তারা একে অপরের মুখোমুখি। একই ঘরের ৪ ভাইয়ের লড়াই। ভাগ্য নির্ধারিত হবে ২৫ অক্টোবর। কুনু তার হোমটাউন কেন্দ্রে জিতবেন? জিতলে কত ভোটে এগিয়ে থাকবেন। তা নিয়ে হিসেব নিকেশ চলছে। নাকি সেলিম ভোটের পাশা উল্টে দেবেন। তার সমর্থকরা বলছেন, সেলিম বিয়ানীবাজারবাসীর মধ্যে শক্ত অবস্থান গড়ে তুলেছেন। তার ভোট ব্যাংক শক্তিশালী। এই উপজেলার ৪ জন প্রার্থী সেলিমের প্যানেলে। পক্ষান্তরে কুনু ছাড়া বিয়ানীবাজারের মাত্র একজন রয়েছেন কুনু-ফিরোজ প্যানেলে। এই কেন্দ্রে উভয় পক্ষই হাজারের বেশি ভোট পেয়ে জিতবেন বলে মনে করছেন। তবে লড়াইটা কুনু বা সেলিম কারোর জন্যই সহজ হবে না। একদিকে কুনুর আঞ্চলিকতার টিকেট ও সহানুভূতি ভোটের প্রচেষ্টা। অন্যদিকে সেলিমের দিকে স্থানীয় নেতাদের জোড়ালো সমর্থন। যোগ হয়েছে নোয়াখালি সমিতির সাধারণ সম্পাদক মঈনুদ্দিন পিন্টু ও লক্ষ্মীপুরের মুক্তিযোদ্ধা বাবর উদ্দীনের সমর্থন। তারা দীর্ঘদিন ধরে ওজনপার্কে বসবাস করছেন।

কুনু-ফিরোজ প্যানেলের অন্যতম উপদেষ্টা মাওলানা আহমেদ রশীদ প্রতিবেদককে বলেন, 'বিয়ানীবাজারের ভোট রয়েছে প্রায় ৫ হাজার। এরমধ্যে আজমল হোসেন কুনু প্রায় ৩ হাজার ভোট করেছেন। এরমধ্যে ২ থেকে আড়াই হাজার ভোট পাবেন আজমল হোসেন কুনু। তার বিয়ানীবাজারের সাধারণ ভোটারদের মধ্যে একটি সহানুভূতি কাজ করছে। এই ওজনপার্কে তিনি বাস করছেন যুগের পর যুগ। তার প্রতিদান এবার পাবেন। আমার বিশ্বাস, আজমল হোসেন কুনু এই কেন্দ্রে ১ হাজার থেকে ১৫০০ ভোটের ব্যবধানে জিতবেন।' এই কেন্দ্রে কুনু-ফিরোজের হয়ে কাজ করছেন বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি কফিল উদ্দীন, বর্তমান সভাপতি আব্দুল মান্নান, মাহফুজ আহমেদ, ইকবাল আহমেদ, ফখরুল ইসলাম, হাফিজ উদ্দীন ও সাবেক নির্বাচন কমিশনার আনোয়ার হোসেন সহ অনেকে। একটি দায়িত্বশীল সূত্র জানায়, ফুলা নেটওয়ার্কের প্রায় ৪০০ ভোট কুনু-ফিরোজ এ কেন্দ্রে পাবেন তা নিশ্চিত। কুনু-ফিরোজ প্যানেলের সাংগঠনিক সম্পাদক জামিল আনসারি প্রতিবেদককে বলেন, ঘরের সন্তানের টানে আজমল হোসেন কুনু বিপুল ভোটে ওজনপার্কে জিতবেন।

বিয়ানীবাজারের পরিচিত মুখ মকবুল রহিম চুনুই নির্বাচনে সেলিম-আলী প্যানেলের অন্যতম সংগঠক। অন্যদিকে আজমল হোসেন কুনুর ঘনিষ্ঠ আত্মীয়। তিনি প্রতিবেদককে বলেন, ওজনপার্কে শুধু আঞ্চলিকতার স্লোগানে কুনু পাশ করতে পারবেন না। সেলিম-আলী প্যানেল বিপুল ভোটে পাশ করবেন ওজনপার্কে। প্রতিবেদকের সাথে আলাপকালে তার পাশেই বসেছিলেন প্রকৌশলী কামাল চৌধুরী। তিনি প্রতিবেদককে বলেন, বাস্তব চিত্রটি ভিন্ন। ১০ অক্টোবর আলাউদ্দীন রেস্টুরেন্টে বসে তিনি বলেন, আতাউর রহমান সেলিম ১ ভোট হলেও বেশি পেয়ে পাশ করবেন। ২৬ অক্টোবর আপনার সাথে এখানে দেখা হবে। ওজন পার্ক এলাকায় সেলিম-আলীর পক্ষে কাজ করছেন বিয়ানীবাজারের পরিচিত মুখ আজিজুর রহমান সানু, গওহর চিনু চৌধুরী, মোস্তফা কামাল, লক্ষ্মীপুরের মুক্তিযোদ্ধা বাবর উদ্দীন (ওজনপার্ক কেন্দ্রে নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান), সাহাবুদ্দিন চৌধুরী, আব্দুল করিম, আব্দুর রাজ্জাক, আজিজুর রহমান সোহাগ ও বিয়ানী বাজার সমিতির সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু। সেলিম-আলীর প্রতি সমর্থন থাকার পরও ট্রাস্টি বোর্ডের সদস্য হওয়ায় আজিজুর রহমান সোহাগ ও ফখরুল ইসলাম সেলোয়ার আনুষ্ঠানিকভাবে কিছু বলছেন না। বদরুল খান প্রেসিডেন্ট পদে সেলিমকে সমর্থন করলেও নির্বাচন কমিশন সদস্য হবার কারণে নীরব রয়েছেন। বিয়ানী বাজার সমিতির সাবেক ৭ জন সভাপতির মধ্যে ৪ জন সেলিমের পক্ষে। ২ জন কুনুর সমর্থনে। একজন নীরব।

সেলিম-আলী প্যানেলে প্রচার সম্পাদক পদপ্রার্থী রিজু মোহাম্মদ বলেন, আমাদের পক্ষে বিয়ানীবাজারবাসীর প্রায় ৩ হাজার মানুষ ভোটার হয়েছেন। উপজেলার শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ আতাউর রহমানকে সমর্থন দিচ্ছেন। আমাদের প্যানেলে ৪ জন প্রার্থী রয়েছেন বিয়ানীবাজার উপজেলার। এতেই বুঝে নিতে পারেন ওজন পার্কে আমরা কেমন করবো।

ভোটের স্টেকহোল্ডারদের দাবির সাথে ভোট যুক্ত সমান্তরালে। সেলিম-আলীদের দাবি ওজনপার্কে বিয়ানীবাজারের ভোট করেছেন প্রায় ৩ হাজার, কুনু-ফিরোজের প্যানেলের দাবি ওজনপার্ক কেন্দ্রে বিয়ানীবাজারের ভোট সাড়ে ৩ হাজারের কাছাকাছি। বৃহত্তর নোয়াখালির ভোট রয়েছে ৭ শতাধিক। চট্টগ্রাম এলাকার মানুষের ভোট রয়েছে ৫ শতাধিক। প্রার্থীদের এই দাবি যোগ করলে ওজন পার্কের ভোট দাঁড়ায় ৮ হাজারের উপরে। তাদের দাবির ভেতরেও যে ফারাক রয়েছে তা হিসেবেই বেরিয়ে আসছে।

ওজনপার্ক কেন্দ্রের স্থানীয় প্রার্থী কারা : সেলিম-আলী পরিষদের প্রার্থীদের তালিকা: হারুন চেয়ারম্যান-সহ সাধারণ সম্পাদক (নোয়াখালি), আব্দুল মালেক খান-কার্য নির্বাহী সদস্য (নোয়াখালি), অনিক রাজ-সাংস্কৃতিক সম্পাদক (বিয়ানীবাজার), রিজু মোহাম্মদ -জন সংযোগ ও প্রচার সম্পাদক (বিয়ানীবাজার), রুমানা আহমেদ-সাহিত্য সম্পাদক (বিয়ানীবাজার) ও হাসান খান-ক্রিড়া ও আপ্যায়ন সম্পাদক (বিয়ানীবাজার)

কুনু-ফিরোজ প্যানেলে ওজনপার্কের স্থানীয় প্রার্থী

আজমল হোসেন কুনু-সভাপতি (বিয়ানীবাজার), মাহবুবুল হক সানু-কার্যকরি কমিটির সদস্য (বিয়ানীবাজার, আগে ওজনপার্কে বাস করতেন।এখন এস্টোরিয়ায়), মোরশেদ আলম-ক্রিড়া ও আপ্যায়ন সম্পাদক (নোয়াখালি, ওজনপার্কের ভোটার)।

ব্রুকসে সেলিম-আলী পরিষদের নির্বাচনী সভা অনুষ্ঠিত

১ পৃষ্ঠার পর

সমর্থন। বক্তারা বলেন, বাংলাদেশ সোসাইটিকে যোগ্যতার সাথে নেতৃত্ব দেয়ার যোগ্য প্যানেল 'সেলিম-আলী' প্যানেল। এই প্যানেল বিগত নির্বাচনে জয়ী হয়েই তার প্রমাণ রেখেছে। এবারের নির্বাচন ঘিরে 'সেলিম-আলী' প্যানেলের বিরুদ্ধে অপপ্রচারের জবাব দেয়া হবে ব্যালটের মাধ্যমে। বক্তারা আগামী ২৫ অক্টোবরের নির্বাচনে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে 'সেলিম-আলী' প্যানেল-কে ভোট দিয়ে জয়ী করার জন্য সকল ভোটারের প্রতি আহবান জানান।

গত ১১ অক্টোবর রোববার সন্ধ্যায় ব্রুকলিনের পিৎজা ১০৬ মিলনায়তনে প্যানেল পরিচিত ও নির্বাচনী জনসভার আয়োজন করা হয়। 'সেলিম-আলী' প্যানেলের ব্রুকলিন নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মাহবুব আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন শফিকুল আলম এবং গীতা থেকে পাঠ করেন শ্রী পল্লব সরকার। এরপর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। সভায় স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সাবেক সহ-সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ।

সভামঞ্চে উপবিষ্ট ছিলেন প্রবীণ প্রবাসী আব্দুর রব খসরু মিয়া, 'সেলিম-আলী' প্যানেলের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক নাজমুল হাসান মানিক, কো চেয়ারম্যান আব্দুল হাসিম হাসনু, এম আমিনুর রাজ্জাক, দুলাল মিয়া এনাম ও তাজু মিয়া, উপদেষ্টা আব্দুল শহীদ, যুগ্ম সদস্য সচিব এএসএম মাইনুদ্দীন পিন্টু, বীর মুক্তিযোদ্ধা বাবর উদ্দিন ও লিয়াকত আলী, বাংলাদেশ সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আজমুরুল ইসলাম, বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি মকবুল রহিম চুনুই এবং উপদেষ্টা গওহর চৌধুরী চিনু, চট্টগ্রাম এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি মাকসুদুল হক চৌধুরী, জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক ফারুক হোসেন মজুমদার, ওজনপার্ক নির্বাচন পরিচালনা কমিটির কো কনভেনর নজরুল ইসলাম লিটন ও প্রধান উপদেষ্টা সামির উদ্দিন, খসির ভূঁইয়া, কবি রুমি রহমান, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সহ সভাপতি লোকমান হোসেন লুকু, ঢাকা জেলা সমিতি ইউএসএ'র সভাপতি সাইফুল ইসলাম, মুন্সিগঞ্জ-বিক্রমপুর সমিতির সাবেক সভাপতি রফিকুল ইসলাম, ব্রুকলিন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি সামাদ মিয়া জাকারিয়া, বাংলাদেশী-আমেরিকান কালচারাল এসোসিয়েশন (বাকা)'র সভাপতি সারওয়ার চৌধুরী ও সাধারণ সম্পাদক শাহ নজরুজ্জামান রুবেল, স্বদেশ বাংলাদেশ-এর সভাপতি সাইদুর রহমান শিংকন, জামালপুর জেলা সোসাইটি ইউএসএ'র সভাপতি মোহাম্মদ রবিউল ইসলাম ও সাধারণ সম্পাদক আব্দুর রহমান বাবু, মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র সভাপতি সোহান আহমেদ টুটুল, সাবেক সভাপতি তোফাজ্জেল আলী ও সাধারণ সম্পাদক সৈয়দ রুহুল আলী, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি ইউএসএ'র সভাপতি সাব্বির আহমেদ, বাংলাদেশ সোসাইটি অব ব্রুকলিন-এর সাধারণ সম্পাদক শেখ আলি আহাদ, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ'র সাধারণ সম্পাদক মইনুর রহমান সুহেল, প্রকৌশলী কামাল চৌধুরী, ড. ওয়াব জোয়ারদার, বিশ্বনাথ সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি মনির আহমেদ, নবীগঞ্জ ওয়েলফেয়ার সোসাইটির সাধারণ সম্পাদক ইমরান আলী টিপু, নিউজার্সীর পেটারসন সিটির সাবেক কমিশনার এহিয়া খান, 'সেলিম-আলী' প্যানেলের ব্রুকলিন নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী মমিনুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শাহ কামাল, কফিল আহমেদ চৌধুরী, লিয়াকত আলী, গণেশ কীর্তনীয়া, রবিউল ইসলাম (কমিশনার), সোহেল আহমেদ, ফয়সাল আহমেদ, কাজী কিং জাকির, আব্দুল ইসলাম প্রমুখ। যৌথভাবে সভা পরিচালনা করেন 'সেলিম-আলী' প্যানেলের ব্রুকলিন নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব জিয়া আব্দুল্লাহ ও শামীম মিয়া।

সভার মাঝে 'সেলিম-আলী' প্যানেলের প্রার্থীদের পরিচয় করিয়ে দেন কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব জে মোল্লা সানি। এসময় সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী ছাড়াও ব্রুকলিন থেকে এই প্যানেলের চার প্রার্থী যথাক্রমে সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী মুনসুর আহমেদ, সাহিত্য সম্পাদক পদপ্রার্থী রুমানা আহমেদ, কার্যকরী সদস্য শামীম আহমেদ ও কাজী রবিউজ্জামান।

'সেলিম-আলী' প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক- মোহাম্মদ আলী, সহ সাধারণ সম্পাদক- হারুন রশিদ (চেয়ারম্যান), কোষাধ্যক্ষ- নওশাদ হাওলাদার, সাংগঠনিক সম্পাদক- ফিটিক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী মুনসুর আহমেদ, সাহিত্য সম্পাদক পদপ্রার্থী রুমানা আহমেদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- হাসান খান, স্কুল ও শিক্ষা সম্পাদক- এএসএম মাইন উদ্দিন, মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক- শাহনাজ হোসেন, এবং কার্যকরি সদস্য- জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, মোহাম্মদ উজ্জল বিপুল, সারোয়ার খান বাবু, মোহাম্মদ এ মান্নান, শামীম আহমেদ, মোহাম্মদ আব্দুল মালেক খান ও কাজী রবিউজ্জামান।

সভায় বক্তারা বলেন, সোসাইটির ৫০ বছরের ইতিহাসে সেলিম-আলী পরিষদ সঠিক ও যোগ্য নেতৃত্ব প্রতিষ্ঠার মাধ্যমে ইতিহাস রচনা করেছেন, সোসাইটিকে গণমুখী করেছেন, সোসাইটির ফান্ডে প্রায় এক মিলিয়ন ডলার অর্থ ফান্ড রেখেছেন। বক্তারা এই প্যানেল-কে যোগ্য এবং সবার সেরা উল্লেখ করে আগামী নির্বাচনেও 'সেলিম-আলী' প্যানেল-কে পুনরায় নির্বাচিত করার আহবান জানান।

সভায় আতাউর রহমান সেলিম তার দীর্ঘ প্রবাস জীবনে বিভিন্ন সংগঠনে নেতৃত্ব দেয়ার কথা তুলে ধরে বলেন, আমরা কথা নয়, কাজে বিশ্বাসী। আমরা সোসাইটির 'কান্ডারী' হিসেবে গত দুই বছরে সোসাইটির জন্য কি কাজ করেছি তা সবাই জানেন, বাকী কাজ সমাপ্ত করতেই আমরা আবার প্রার্থী হয়েছি। তিনি কারো অপপ্রচারে কান না দিয়ে আগামী ২৫ অক্টোবরের নির্বাচনে ভোট দিয়ে 'সেলিম-আলী' প্যানেলের প্রার্থীদের জয়ী করার আহ্বান জানান।

মোহাম্মদ আলী বলেন, 'সেলিম-আলী' প্যানেলের জনপ্রিয়তায় কোন কোন মহল নানা অপপ্রচার চালাচ্ছে, ষড়যন্ত্র করছে। আমরা সবাই মিলে 'সেলিম-আলী' প্যানেল-কে বিজয় করে এই অপপ্রচারের জবাব দেবো। তিনি বলেন, ইফতার মাহফিলের মতো স্পর্শকাতর ও ধর্মীয় বিষয় নিয়েও মহলটি মিথ্যা কথা বলছে। তারা বিজয়ী হলে সোসাইটির উদ্যোগে ইফতার মাহফিল হবে কিনা আশঙ্কা প্রকাশ করে তিনি বলেন, আমরা বিজয়ী হলে অবশ্যই ইফতার মাহফিল করবো। এটা আমাদের ধর্মীয় কাজ। আমরা কোন অপচয় করিনি। শুধু তাই না, আমরা অন্যান্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল থাকবো, তাদেরকেও সহযোগিতা করেছি, আগামীতেও করবো। আমরা যেকোন মূল্যে সোসাইটিকে সর্বজনীন সংগঠন হিসেবে দেখতে চাই, রাখতে চাই।

সভায় উল্লেখযোগ্য ব্যক্তিবর্গের মধ্যে বীর মুক্তিযোদ্ধা মোস্তফা কামাল ও জাহাঙ্গীর আলম, ব্রুকলিন কমিউনিটির উপদেষ্টা খন্দকার আবাদুল বাকী, চুনারুঘাট বাহুবলের চেয়ারম্যান বশির মিয়া, এডভোকেট রেদওয়ানা রাজ্জাক সেতু, 'সেলিম-আলী' প্যানেলের ব্রুকলিন নির্বাচন পরিচালনা কমিটির উপদেষ্টা সানাউল্লাহ ও মোক্তার আহমেদ, প্রধান সমন্বয়কারী রোকন হাকিম, যুগ্ম আহ্বায়ক হুমায়ুন কবীর, কাজীরুল ইসলাম ও আশরাফুল চৌধুরী, যুগ্ম সদস্য সচিব গুলজার হোসেন ও পল্লব সরকার, সদস্য দিপংকর দেব, ওজনপার্ক নির্বাচন পরিচালনা কমিটির উপদেষ্টা মনির উদ্দিন, কো-চেয়ারম্যান আব্দুল জলিল চৌধুরী ও প্রধান সমন্বয়কারী আব্দুল করীম প্রমুখ উপস্থিত ছিলেন।

'সেলিম-আলী' প্যানেলের পরবর্তী পরিচিতি ও নির্বাচনী জনসভা যথাক্রমে ১৬ অক্টোবর শুক্রবার সন্ধ্যা ৭টায় জ্যামাইকার অরুন পার্টি হলে, ১৮ অক্টোবর রোববার সন্ধ্যা ৭টায় উডসাইডের গুলশান টেরেসে এবং ১৯ অক্টোবর রোববার সন্ধ্যা ৭টায় ওজনপার্কের আল মদিনা পার্টি হলে অনুষ্ঠিত হবে।

সিনেটের যে ৮ আসনে উদ্বিগ্ন ট্রাম্প

১ পৃষ্ঠার পর

ডেমোক্র্যাটদের দখলে থাকা মিশিগানের আসনে এবার দলের হয়ে লড়ছেন মুসলিম আব্দুল আল-সায়েদ। তার বিপরীতে রিপাবলিকান প্রার্থী মাইক রজার্স। রিপাবলিকানদের চোখ এই আসনের উপর। তবে অধিকাংশ জরিপে আল-সায়েদকেই এগিয়ে থাকতে দেখা যাচ্ছে। ৯ অক্টোবর ওয়েডেক্স এর জরিপে দেখা গেছে সায়েদের সমর্থন ৫৩% ও রজার্সের ৪৭%। এই স্টেটে ২০২৪ সালের নির্বাচনে ট্রাম্প শতকরা ১ ভাগ ভোট বেশি পেয়ে জয়লাভ করেছিলেন।

টেক্সাস : টেক্সাস রেড স্টেট হিসেবে পরিচিত। দীর্ঘদিন ধরে সিনেটের এই আসনটি রিপাবলিকানরা ধরে রেখেছে। গত নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প টেক্সাসে শতকরা ১৪ ভাগ বেশি ভোটে জয়লাভ করেছিলেন। অথচ এবার রিপাবলিকানদের এই সিনেট আসনে জরিপে শতকরা ৪ থেকে ৬ ভাগ ভোটে এগিয়ে ডেমোক্র্যাট প্রার্থী জেমস টালারিকো। ট্রাম্প এই আসনটি ধরে রাখতে মরিয়া। গত ২ মাসে তিনি ৩ বার নির্বাচনী প্রচারণায় গিয়েছেন। সর্বশেষ নিউইয়র্ক টাইমসের জরিপে ছিল ডেমোক্র্যাট জেমস টালারিকোর সমর্থন ৫১%। আর রিপাবলিকান প্রার্থী ক্যান প্যাক্সটনের সমর্থন ৪৫%।

আইওয়া : আইওয়াতে রিপাবলিকান সিনেটর জনি আর্নস্ট নির্বাচন করছেন না। তার শূন্য আসনে রিপাবলিকান প্রার্থী আশলি হিনসন। এখানে তিনি চ্যালেঞ্জের মুখে পড়েছেন। ডেমোক্র্যাট প্রার্থী জশ টুরিখ সমানতালে লড়ছেন। জরিপে সম্ভাবনা উভয়েরই শতকরা ৪৫ ভাগ। সর্বশেষ ইমারসন কলেজ পোলে দেখা গেছে, রিপাবলিকান প্রার্থী আশলি ২ পয়েন্ট এগিয়ে আছেন ডেমোক্র্যাটিক প্রার্থী টুরিখের চেয়ে। এই আসনটি তীব্র প্রতিদ্বন্দ্বিতার মুখোমুখি।

ওহিও : ওহিওতে রিপাবলিকান সিনেট পদপ্রার্থী জন হাস্টেডকে হারাতে চলেছেন। নিউ ইয়র্ক টাইমস/সিয়েনা'র সর্বশেষ জনমত জরিপে ডেমোক্র্যাট ও সাবেক সিনেটর শেরড ব্রাউন ৪৯% বনাম ৪৬% ব্যবধানে বর্তমান রিপাবলিকান সিনেটর জন হাস্টেডের চেয়ে এগিয়ে আছেন। অথচ ট্রাম্প ২০২৪ সালে শতকরা ১১ ভাগ ভোট বেশি পেয়ে কমলা হ্যারিসকে পরাজিত করেছিলেন সেখানে।

আলাস্কা : আলাস্কাতে ম্যারি পেল্টোলা ডেমোক্র্যাট হিসেবে সবচেয়ে বড় ব্যবধানে এগিয়ে আছেন। আলাস্কায় রিপাবলিকান সিনেটর ড্যান সুলিভানের ৪৩ শতাংশের বিপরীতে তিনি ৫০ শতাংশ সমর্থন পাচ্ছেন। আলাস্কা সার্ভে রিসার্চের জরিপেও পেল্টোলা ৫১ ভাগ ও সুলিভানের সমর্থন ৪৯ ভাগ সেখানে ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্প পেয়েছিলেন শতকরা ৫৪ ভাগ ভোট। ডেমোক্র্যাট নমিনি কমলা হ্যারিস পেয়েছিলেন ৪১% ভোট।

ক্যানসাস : সিনেটের এই আসনটিতে জিততে পারে ডেমোক্র্যাটরা। রিপাবলিকান সিনেটর রজার মার্শাল দ্বিতীয় মেয়াদের জন্য ভোট চাইছেন। ইউগভ জরিপে শতকরা ৩ ভাগ ভোটে পিছিয়ে আছেন। ডেমোক্র্যাট এভার হ্যামিল্টন জরিপে ৪৮% সমর্থন পেয়ে এগিয়ে আছেন। রজার মার্শালের সমর্থন ৪৫%। অবশ্য নিউইয়র্ক টাইমস জরিপ বলছে উভয়েই সমানে সমান। উভয়েরই সমর্থন ৪৫%। রিপাবলিকান স্টেট হিসেবে খ্যাত সিনেটে এই আসনটি হাত ছাড়া হওয়া মানেই ক্ষমতাসীনদের সবচেয়ে বড় আঘাত। সেখানে ২০২৪ সালে ৫৭% ও কমলা হ্যারিস ৪১% ভোট পেয়েছিলেন।

নেব্রাস্কা : এই আসনে পুনর্বার নির্বাচন করছে রিপাবলিকান সিনেটর পিটি রিকেটস। জরিপে তিনি পাচ্ছেন ৪৭% সমর্থন। স্বতন্ত্র প্রার্থী ড্যান ওসবর্ন জরিপে ৪৮ ভাগ সমর্থন পেয়ে এগিয়ে। তার সমর্থনে ডেমোক্র্যাট প্রার্থী নির্বাচন থেকে সরে দাঁড়িয়েছেন। আসন হারানোর ভয়ে প্রেসিডেন্ট সেখানে জনসভা করেছেন পিটির পক্ষে। সেখানে ট্রাম্প জিতেছিলেন ৫৯% ভোট পেয়ে। কমলার ছিল ৩৯%।

মেইন : ওয়াশিংটন পোস্ট/জর্জ ম্যাসন ইউনিভার্সিটির জরিপে ডেমোক্র্যাট প্রার্থী ৫৪% সমর্থনে এগিয়ে আছেন। সেখানে রিপাবলিকান ইনকাম্বেন্ট এমএস কলিন্সের সমর্থন ৪৬%। ধরে নেয়া হচ্ছে সেখানে ডেমোক্র্যাটরা জিতবেন। প্রেসিডেন্ট নির্বাচনে ৫২% ভোট পেয়েছিলেন ডেমোক্র্যাটিক প্রার্থী কমলা হ্যারিস। আর ট্রাম্প পেয়েছিলেন ৪২%।

নর্থ ক্যারোলিনা : ইস্ট ক্যারোলিনা ইউনিভার্সিটির পোল অনুসারে ডেমোক্র্যাটিক প্রার্থী রয় কুপারের জয়ের সম্ভাবনা ৫০ ভাগ। আর রিপাবলিকান মাইকেল হোয়াটলির সমর্থন শতকরা ৪৩ ভাগ। রিপাবলিকান সিনেটর থম টিলিসের ছেড়ে দেয়া আসনে নির্বাচন হচ্ছে। এই স্টেটে গত প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্প ৫১% ভোট পেয়ে জয়লাভ করেছিলেন।

এবারের মধ্যবর্তী নির্বাচনে ট্রাম্পের এগিয়ে থাকা প্রায় ৫টি সিনেট আসনে নিশ্চিত বিজয়ের সম্ভাবনা রয়েছে ডেমোক্র্যাট দলীয় প্রার্থীদের। মাত্র ৪ টি আসনে জিতলেই ডেমোক্র্যাটরা সিনেটে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করবে। সর্বশেষ প্রকাশিত জরিপগুলো রিপাবলিকান পার্টির জন্য ক্রমবর্ধমান ঝুঁকির ইঙ্গিত দিচ্ছে। দুই বছর আগে ট্রাম্প যেসব রাজ্যে সহজেই জয়ী হয়েছিলেন, সেখানে এখন ডেমোক্র্যাটরা এগিয়ে আছেন অথবা হাড্ডাহাড্ডি লড়াই হচ্ছে। এর পাশাপাশি এমন লক্ষণও দেখা যাচ্ছে যে, ল্যাটিনো ভোটাররা-যারা তাকে হোয়াইট হাউসে ফিরিয়ে আনতে বড় ভূমিকা রেখেছিলেন। তারা এখন দলটির দিক থেকে সরে যাচ্ছেন। (সিএনএন, নিউইয়র্ক টাইমস, সিয়েনা ও ইউগভ সহ বিভিন্ন জরিপের উপর ভিত্তি করে রিপোর্টটি তৈরি।)

পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
Dr. Sadi Alam

পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

Call for Appointment

ESTD 2017

Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com

40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER

KAZI N JALAL
Licensed Sale Agent

ARA REALTY SERVICES INC

A full Service Real Estate Brokerage of Professional Company

158-10 84th Drive Jamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

IRS e-file Provider

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

জব জব হেল্প জব

Job Help Application Processing Service

917-500-3937

OUR SERVICES

- পোষ্টাল জব
- ফেডারেল জব
- স্টেট জব
- এম. টি. এ জব
- সিটি জব
- রেজুমী তৈরী
- কভার লেটার

- সিটিজেনশিপ এপ্লিকেশন প্রসেসিং
- নিউ পাসপোর্ট/রিনেওল
- ডুয়েল সিটিজেনশিপ
- ফুড স্ট্যাম্প
- ডিজএবিলিটি (SSI)
- সোশ্যাল সিকিউরিটি (SS)
- রিটারম্যান্ট বেনিফিট

Md. Ali
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamaica, NY 11435

Phone/Fax: 917-200-6160

আমাদের প্রতিশ্রুতি – নিরাপত্তা, নিশ্চয়তা ও সাশ্রয়ী মূল্যের ইন্স্যুরেন্স সেবা প্রদান করা

EnR Insurance BroKerage

একটি বিশ্বস্ত এবং অভিজ্ঞ বাংলাদেশী প্রতিষ্ঠান

4122 75th Street
Elmhurst, NY 11373
(718) 310-0413

আমাদের ইন্স্যুরেন্স সেবাসমূহঃ

হোম ইন্স্যুরেন্স
- Home/ Co-op/ Condo/Renters
- High Value Home
- Vacant Property/ Land
- Builders Risk

Home Business
Masjid, Church & Temple
Umbrella Insurance & More

কমার্শিয়াল ইন্স্যুরেন্স
- Commercial Property
- Commercial Package Policy
- Business Owners Policy
- Disability Insurance
- Workers' Compensation
- Professional Liability
- Construction Insurance
- One Day Event

আমরা মেডিকেয়ার ইন্স্যুরেন্স সেবাও দিয়ে থাকি
Providers: HealthFirst, VNS, United, WellCare, Aetna, Fidelis Care

Home Insurance Carriers
DB Insurance, Hyundai, Liberty Mutual, Otsego Mutual, Travelers, Associated Mutual, Sterling, Kingstone, Security Mutual & More.

Mohammed Tohin, Broker
info@enrinsurance.com
Fax: (718) 650-2245
www.enrinsurance.com

LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন **+1 (929) 393-8620**

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :
- The easiest way to buy and sell a home
- Learn for Being a professional Realtor or for knowledge
- Buying and selling a home as an investment
- The market price of house goes up and down
- Buy for profit, sell for profit (fix-flip)
- What to do to buy your own house
- Rules of buying and selling properties
- Different types of mortgage loans

Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com

TOUR Packages

১ দিনের ট্যুর (নিউইয়র্ক থেকে)

বস্টন ভ্রমণ	$ ১১৯
আমেরিকান ড্রিম মল	$ ৩০
ওয়াশিংটন ডিসি	$ ১০৯
ফিলাডেলফিয়া (চেরি ব্লসম)	$ ১০৯
লেগোল্যান্ড, নিউইয়র্ক	$ ১৪৮
চুয়াং ইয়েন মনাস্ট্রি ও মহাযান টেম্পল	$ ৭৮
ফল সংগ্রহ ও হ্যাপি ফার্ম	$ ৬৮
ড্রিম থার্স (সুইস টাউন, পেনসিলভেনিয়া)	$ ৮৮
লিউইন ফার্মস, ন্যাভেজারস বাই দ্য বে ও ট্যাঙ্গার আউটলেটস	$ ৬০
শ্রী স্বামিনারায়ণ মন্দির (রবিনসভিল) ও লংউড গার্ডেন্স	$ ৬৮
লং আইল্যান্ড গেম ফার্ম, শিশুদের চিড়িয়াখানা, ভ্যান্ডারবিল্ট মিউজিয়াম ও প্ল্যানেটেরিয়াম	$ ৬৮

২ দিনের ট্যুর

ফিলাডেলফিয়া+ওয়াশিংটন ডিসি	$ ২৪৮
কেপ মে	$ ৩৪৮
স্টারপেজিং ট্যুর	$ ৩৪৮
নিউ হেভেন+রোড আইল্যান্ড+বস্টন	$ ২৫৮
নায়াগ্রা+ওয়াটকিন্স গ্লেন+ফিঙ্গার লেক	$ ১৮৮
অ্যামিস টাউন ও মার্থাস ভিনইয়ার্ড	$ ৩৩৮
থাউজ্যান্ড আইল্যান্ডস+কর্নেল ইউনিভার্সিটি+ওয়াইনারি	$ ২৮৮
শ্রী স্বামিনারায়ণ মন্দির+আমিশ ফার্ম+হার্শি চকলেট ওয়ার্ল্ড	$ ৩১৮
ওয়াশিংটন ডিসি (চেরি ব্লসম)+স্মিথসোনিয়ান+ওল্ড টাউন আলেক্সান্ড্রিয়া	$ ১৯৮

৩ দিনের ট্যুর

নায়াগ্রা ফলস+বস্টন	$ ৩২৮
নায়াগ্রা ফলস+থাউজ্যান্ড আইল্যান্ডস	$ ৪২৮
ওয়াশিংটন ডিসি+নায়াগ্রা ফলস	$ ২৮৮
নায়াগ্রা ফলস+টরেন্টো+থাউজ্যান্ড আইল্যান্ডস	$ ৪৬৮
বস্টন+পোর্টল্যান্ড+আকাডিয়া ন্যাশনাল পার্ক	$ ৪৯৮

বুকিং ও তথ্যের জন্য আজই যোগাযোগ করুনঃ

ট্যুরস্ এন্ড ফান

136-21 Hillside Avenue, Jamaica, NY 11418
917-378-4921, 929-928-5001
info@toursandfun.com | www.toursandfun.com

আমরা মেক্সিকো, দক্ষিণ আমেরিকা, ইউরোপ এবং এশিয়াতেও ট্যুর প্যাকেজের ব্যবস্থা করি।

আরামদায়ক পরিবহন • অভিজ্ঞ গাইড • পরিবার ও গ্রুপের জন্য বিশেষ ছাড়!

আয়কর ICOR TAX & CONSULTING

MAXIMIZE YOUR REFUND

CLAIM EVERY CREDIT & DEDUCTION YOU DESERVE

Tax Prep & Consulting Services for Individuals & Businesses

Our Services

AUTHORIZED IRS e-file PROVIDER

- Individual Tax Preparation (Form W-2, 1098, 1099 ...)
- Business Tax Preparation (Corporation, LLC, Partnership, Not-for-Profit ...)
- Self-Employed Tax Preparation (Uber, Lyft, Taxi ...)
- Amended Tax Preparation
- Sales Tax Preparation
- Tax Planning & Consulting
- Year-Round Support
  Notary, Immigration, RAPID DIVORCE, Insurance – 7702 Plan, Copy, Scan, Print, E-mail ...
- BUSINESS SETUP LLC, INC., Not-for-Profit, Nonprofit...

Notary Public

You Can Trust Us for Accurate, Reliable, and Professional Tax Filing.

30 MINUTES NO OBLIGATION FREE CONSULTATION

Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant
347-266-3376, 646-651-0945

Nadira Hossain, MA
Tax Assistant
646-651-2787

ICOR Multi Services Inc.
icormultis@gmail.com
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372

আয়কর ICOR TAX & CONSULTING

PAY LESS TAXES

PROVEN TAX STRATEGIES

The IRS won't tell you which CREDITS & DEDUCTIONS you are missing—but I WILL.

Small Business Owners, Rental Property Owners, Self-Employed Individuals, and Investors...

Discover what you have been overlooking ...

Customize Tax Planning Can Maximize Your Tax Savings

Tax-Advantaged Accounts are Dedicated Savings Vehicles—Specially Designed to Give You and Your Family Extra Tax Benefits in Exchange for Saving Money for Specific Goals- Like: Retirement, Education, Wealth Creation, Financial Security ...

- Retirement Plans - 401(k), IRA, Roth IRA ...
- Education plans - 529 Plan, Coverdell ESA, UGMA/UTMA ...
- Health Savings Account - HSA
- Flexible Savings Account - FSA
- Achieving a Better Life Experience Account - ABLE
- Tax-efficient investment - ETFs, Index Funds ...
- Tax-advantaged investment - Municipal Bond, Treasury Bond ...

INSURANCE LIFE HEALTH DISABILITY

Income Continuation Plan – 7702 Plan – Permanent Life Insurance is a Hybrid Financial Tool / Unique Blend of Financial Protection for you & your business, assets and family / Tax Exempt Financial Asset: MULTI-PURPOSE FUND for you to access for any reason without penalty & taxes - Emergencies, Education, Retirement, Opportunities ... while FINANCIAL SECURITY & TAX-FREE INCOME for your family and loved ones.

Estate Planning : can be used to Equalize Inheritances or Provide Funds For Estate Taxes...

I am a Professional Financial Coach, Tax Advisor, and Licensed Insurance Broker

I am happy to assist you with your Financial Planning, Tax Planning, Budgeting, Debt Management, and Insurance Needs

Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant

ICOR Multi Services Inc.
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372
347-266-3376, 646-651-0945 icormultis@gmail.com

HP
HAVEN POINT
HOME CARE INC.
A Home Health Care Consultant

PCA HOME CARE SERVICE

আমরা সর্বোচ্চ রেট পেতে সহযোগিতা করছি

আপনি কি PCA HOME CARE সেবা নিতে চান?

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদানে সহায়তাসহ হোম কেয়ার সংক্রান্ত সকল প্রকার সহযোগিতা করে থাকি।

ডে কেয়ারের সেবা নিলে পাচ্ছেন সর্বোচ্চ সুযোগ সুবিধা

আমাদের সাথে যোগাযোগ করুন:
470 447 8625
917 519 1151

ডে কেয়ার ও হোম কেয়ার সেবা নিতে আজই যোগাযোগ করুন

1088 Liberty Ave. Brooklyn, NY 11208


বিসমিল্লাহির রাহমানির রাহিম
BANGLADESH SOCIETY INC. ELECTION 2026
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬
আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর আরও অগ্রগতি, আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি
B1
সেলিম-আলী পরিষদের
B4
সহ সভাপতি পদপ্রার্থী
PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL
সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা
সহ সভাপতি
বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক
সাবেক সাধারণ সম্পাদক
জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন জেবিবিএ)
সাবেক সভাপতি
প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইন্‌ক
উপদেষ্টা
জ্যাকসন হাইটস এলাকাবাসী
নর্থবেঙ্গল ফাইন্ডেশন ইউএসএ ইন্‌ক
জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি
সত্ত্বাধিকারী
খামার বাড়ি গ্রুপ, রিলায়েবল হোম কেয়ার
সি কে ফ্রোজেন ফিস এন্ড ভেজিটেবল
দেশী ডিস্ট্রিবিউটর ইন্‌ক
আজীবন সদস্য
জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার মসজিদ
আল আরাফা ইসলামিক সেন্টার মসজিদ
মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
B3
PLEASE CAST YOUR VOTE FOR
MD. KAMRUZ ZAMAN
VICE PRESIDENT
মো: কামরুজ্জামান কামরুল
আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী
B2 B5 B6 B7 B8 B9 B10 B11 B12 B13 B14 B15
B16 B17 B18 B19 B20 B21
সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
B
PLEASE VOTE FOR
SALIM-ALI PANEL
প্রচারেঃ সেলিম-আলী পরিচালনা কমিটি

First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

Video & Photo
PRODUCTION SERVICES
DFC TV
DREAM FRAME CREATIVE
Brand Videos
Event Coverage
Product Demos
Corporate Videos
Video Editing
সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!
আমাদের সেবাসমূহ: ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন) কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট লাইভস্ট্রিমিং (Facebook, YouTube) ডকুমেন্টারি
ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও —সবকিছু এক ছাতার নিচে!
Phone
(646) 457-6732
(929) 498-0979
Website
www.dfcreative.org
Location
Jamaica, NY 11432

UB GROUP
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Charles Rutenburg Realty Inc.

255 Executive Drive, Suite 104, Plainview, New York 11803
Office: (516) 575-7500 | Fax: (516) 575-7501
www.crrli.com

আমরা বাড়ী ক্রয়-বিক্রয় করিতে সহায়তা করে থাকি।

OneKey MLS

Shamsud Doha
Licensed Real Estate Salesperson
(718) 415-0013
doha57@aol.com

• RESIDENTIAL • CO-OP & CONDO • SHORT SALE • FORECLOSURES

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician

আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

WIN ZONE REALTY INC.

Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
Hard Money Loan Available.

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর

Somnath Ghosh (SAM)
Licensed Real Estate Agent
Tel: (Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK

FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

PCA / HHA SERVICE

WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

NURUL AZIM
CEO
516-451-3748

OUR SERVICES
- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com

ঈদ উপলক্ষে 10% DISCOUNT

DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৬
BANGLADESH SOCIETY INC. ELECTION 2026
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬
"সমৃদ্ধি, কল্যাণ, স্বচ্ছতা ও জবাবদিহিতার পরিষদ"
কুনু-ফিরোজ
পরিষদ
সিনিয়র সহ সভাপতি
A1
আজমল হোসেন কুনু
সভাপতি
AJMOL HUSSAIN KUNU, PRESIDENT
A4
ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY
মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদ (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
A2
সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা
সভাপতি
ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইনক
প্রেসিডেন্ট
স্মার্ট ষ্টাফিং সার্ভিসেস ইনক
সেক্রেটারী
রোটারী ক্লাব অব বাংলাদেশী আমেরিকান
উপদেষ্টা
কুইন্স বাংলাদেশ সোসাইটি
সাবেক সভাপতি
দোহার উপজেলা সমিতি ইউএসএ ইনক
আজীবন সদস্য
বাংলাদেশ সোসাইটি ইনক
প্রতিষ্ঠাতা
বায়তুল মামুর জামে মসজিদ ও রহা হেফজুখানা
আজীবন সদস্য
বাতুল আতিক মুসলিম সেন্টার, উডসাইড
উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
মসজিদ আবু হুরায়রা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
PLEASE CAST YOUR VOTE FOR
DULAL BEHEDO
SENIOR VICE PRESIDENT
PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL
দুলাল বেহেদু
সিনিয়র সহ সভাপতি
আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী
A3
A5
A6
A7
A8
A9
A10
A11
A12
A13
A14
A15
A16
A17
A18
A19
A20
A21
কুনু-ফিরোজ
পরিষদে আপনার মূল্যবান ভোট দিন
PLEASE VOTE FOR KUNU-FIROZ PANEL
প্রচারে: কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি

অঙ্কন ইয়াসমিন ঢালিউড অ্যাওয়ার্ডে সেরা নারী লোকসংগীতশিল্পী

পুরস্কার পেলেন শাকিব-তমাসহ তারকারা

আজকাল বিনোদন

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত ২৫তম 'ঢালিউড অ্যাওয়ার্ড-২০২৬'-এ সেরা নারী লোকসংগীতশিল্পী হিসেবে পুরস্কার পেয়েছেন বাংলাদেশের সংগীতশিল্পী অঙ্কন ইয়াসমিন। গত ১০ অক্টোবর শো-টাইম মিডিয়ার আয়োজনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বাংলাদেশের চলচ্চিত্র, টেলিভিশন ও সংগীতাঙ্গনের একাধিক পরিচিত তারকাকে বিভিন্ন বিভাগে সম্মানিত করা হয়।

নিউইয়র্কের ইমান্যুয়েল চার্চের পার্টি হলে আয়োজিত এ অনুষ্ঠানে উত্তর আমেরিকা ও আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশি সংস্কৃতি এবং বিনোদনজগতে অবদান রাখা শিল্পীদের স্বীকৃতি দেওয়া হয়। এবারের আয়োজনে সাতটি ক্যাটাগরিতে মোট ৩৭ জন শিল্পীকে পুরস্কৃত করা হয়। পাশাপাশি যুক্তরাষ্ট্রে বাংলা ভাষা ও সংস্কৃতির চর্চা এবং বিকাশে অবদানের জন্য ১৩টি সংগঠন ও ব্যক্তিকে বিশেষ সম্মাননা স্মারক দেওয়া হয়।

এবারের আসরের বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন সংগীতশিল্পী তি-ড্রিয়া পারভীন, বরেণ্য অভিনেতা আহমেদ শরীফ এবং জনপ্রিয় অভিনেত্রী মৌসুমী। তাঁদের অংশগ্রহণে আয়োজনটি বিনোদন অঙ্গনের পরিচিত ব্যক্তিত্বদের মিলনমেলায় পরিণত হয়। চলচ্চিত্র বিভাগে সেরা নায়কের পুরস্কার পেয়েছেন শাকিব খান। তাঁর অভিনীত 'বরবাদ' নির্বাচিত হয়েছে সেরা চলচ্চিত্র। সেরা অভিনেত্রী হয়েছেন তমা মির্জা এবং সেরা পরিচালক হিসেবে পুরস্কার পেয়েছেন রায়হান রাফি। সেরা খলনায়ক হিসেবে সম্মানিত হয়েছেন মিশা সওদাগর। অন্যদিকে, শিল্পকলা ও সংস্কৃতিতে অবদানের জন্য পুরস্কার পেয়েছেন অভিনেতা আফজাল হোসেন। গণমাধ্যম ও বিনোদনজগতে দীর্ঘদিনের অবদানের স্বীকৃতিস্বরূপ আজীবন সম্মাননা পেয়েছেন চ্যানেল আইয়ের ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর।

সংগীত বিভাগেও ছিল একাধিক পরিচিত নাম। উত্তর আমেরিকায় বসবাসরত শিল্পীদের মধ্যে সেরা কণ্ঠশিল্পীর পুরস্কার পেয়েছেন শাহ মাহবুব এবং সেরা নারী কণ্ঠশিল্পীর স্বীকৃতি পেয়েছেন অঙ্কন ইয়াসমিন। রকস্টার হিসেবে পুরস্কৃত হয়েছেন কামরুজ্জামান বাবু, নারী রকস্টার রেশমি মির্জা এবং মেলোডি সিঙ্গার হিসেবে সম্মাননা পেয়েছেন রুবি দাস। পপুলার চয়েস বিভাগে সেরা নারী কণ্ঠশিল্পীর পুরস্কার পেয়েছেন বিন্দু কণা। সেরা গীতিকার নির্বাচিত হয়েছেন হুমায়ুন কবির ডালি। এ ছাড়া সেরা সংগীত পরিচালক হিসেবে ইবরার টিপু, সেরা প্লেব্যাক সিঙ্গার হিসেবে ইমরান মাহমুদুল এবং সেরা নারী প্লেব্যাক সিঙ্গার হিসেবে দিলশাদ নাহার কণা পুরস্কার পেয়েছেন। পপুলার চয়েস বিভাগে সেরা প্লেব্যাক সিঙ্গারের স্বীকৃতি পেয়েছেন মিলা ইসলাম।

টেলিভিশন ও অভিনয় বিভাগেও পুরস্কার পেয়েছেন পরিচিত শিল্পীরা। সেরা টিভি অভিনেতা হয়েছেন ফারহান আহমেদ জোভান এবং সেরা অভিনেত্রী হয়েছেন অর্চিতা স্পর্শিয়া। পপুলার চয়েস বিভাগে অভিনেত্রী হিসেবে পুরস্কার পেয়েছেন নাবিলা খান মাহি ও ফাল্গুনী রহমান জলি। সেরা সহ-অভিনেতা হিসেবে নিরব হোসেন, সেরা সহ-অভিনেত্রী হিসেবে প্রার্থনা ফারদিন দীঘি এবং পপুলার চয়েস বিভাগে সহ-অভিনেতা হিসেবে মামনুন ইমন সম্মানিত হয়েছেন। এ ছাড়া শিরিন আকতার শিলা, চঞ্চল চৌধুরী, উপস্থাপিকা শারমিনা সিরাজ, মডেল নিবিড় আদনান নাহিদ ও নারী মডেল তানজিনা মিথিলাও বিভিন্ন বিভাগে পুরস্কার পেয়েছেন।

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। পরে সমবেত নৃত্য ও সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে এগিয়ে যায় আয়োজন। অনুষ্ঠানটি পরিচালনায় যুক্ত ছিলেন শো-টাইম মিডিয়ার প্রধান নির্বাহী খায়রুল ইসলাম খোকন, প্রধান উপদেষ্টা ফাহাদ সোলায়মান এবং ডিজিটাল মার্কেটিং ডিরেক্টর মেহেদী হাসান। অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রতিষ্ঠানটির কমিউনিকেশন ডিরেক্টর শারমিনা সিরাজ সোনিয়া।

ঢালিউড অ্যাওয়ার্ডের ২৫ বছরের ধারাবাহিকতা প্রবাসে বাংলা চলচ্চিত্র, সংগীত ও সংস্কৃতির বিকাশে একটি পরিচিত আয়োজন হিসেবে স্থান করে নিয়েছে। এ ধরনের অনুষ্ঠান বাংলাদেশের শিল্পীদের কাজকে আন্তর্জাতিক পরিসরে তুলে ধরার পাশাপাশি প্রবাসী নতুন প্রজন্মের সঙ্গে বাংলা সংস্কৃতির সংযোগ জোরদার করতেও ভূমিকা রাখে।

অঙ্কন ইয়াসমিনের জন্য এবারের পুরস্কার তাঁর সংগীতজীবনের একটি উল্লেখযোগ্য অর্জন। বাংলা লোকসংগীতের ঐতিহ্যকে ধারণ করে নিজের কণ্ঠের মাধ্যমে শ্রোতাদের কাছে পৌঁছে দেওয়ার প্রচেষ্টা অব্যাহত রাখতে চান তিনি। যুক্তরাষ্ট্রের মঞ্চে এই স্বীকৃতি তাঁর ভবিষ্যৎ সংগীতচর্চায় নতুন অনুপ্রেরণা জোগাবে বলে আশা করা যায়।

গোল্ডেন এজ হোম কেয়ার ও সাইবার লায়ন্সের উদ্যোগে টিকাদান কর্মসূচী

১ পৃষ্ঠার পর

ইন্ডাস্ট্রি লায়ন্স ক্লাবের প্রেসিডেন্ট আহসান হাবীব, কর্মসূচীর আহ্বায়ক অনিক রাজ, সদস্য সচিব নার্গিস আহমেদ, নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের প্রেসিডেন্ট জে এফ এম রাসেল, সেক্রেটারি মামুন রানা তপন, লায়ন মাহামুদ নাঈম ও লায়ন এম এস আলম। দিনব্যাপী এ কর্মসূচিতে শিশু থেকে শুরু করে বৃদ্ধ পর্যন্ত নানা বয়সী প্রায় ৮০জন মানুষ টিকা গ্রহণ করেন। এই কর্মসূচির স্পন্সর করেছে গ্রোসারীন ফার্মাসি।

আয়োজকরা জানান, প্রতি বছর উত্তর আমেরিকায় হাজারো মানুষ সিজনাল ফ্লু ভাইরাসে আক্রান্ত হয়ে প্রাণ হারান। সেই সচেতনতা থেকেই উদ্যোগ নেয়া হয়েছে। যাদের স্বাস্থ্যবীমা নেই, তাদের জন্য এই কর্মসূচি বিশেষভাবে সহায়ক। পাশাপাশি স্বাস্থ্যসেবা ও সচেতনতা বৃদ্ধিতে এটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। আয়োজকরা সবাইকে নিজে টিকা নেওয়ার পাশাপাশি অন্যদেরও উৎসাহিত করার আহ্বান জানান।

নিউইয়র্কে বিডিএফএনএ'র সম্বর্ধনা ও মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

আলোচনা হয়। বাংলাদেশ থেকে আগত অতিথি ন্যাশনাল ইনস্টিটিউট অব ট্রমাটোলজি অ্যান্ড অর্থোপেডিক রিহ্যাবিলিটেশন-এর পরিচালক প্রফেসর ডা. আবুল কেনান এবং প্রফেসর ডা. ওয়াকিল আহমদকে অনুষ্ঠানে সম্বর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের চিফ অ্যাডভাইজর ডা. মুজিবুর রহমান মজুমদার। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিডিএফএনএ সভাপতি ডা. ইকরুল চৌধুরী। সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক ডা. জাহিদ দেওয়ান শামীম।

বিশেষ আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহ-সভাপতি ডা. মোস্তাফিজুর রহমান টিংকু, ডা. নীল এন. টিংকু, ডা. তারেক জামান ইমন প্রমুখ। অনুষ্ঠানের সমন্বয়কের দায়িত্ব পালন করেন ডা. খায়রুল সিদ্দিক রিপন, ডা. সাইদ খালেদ ও ডা. মাহবুবুর রহমান লিপন।

মতবিনিময় পর্বে বক্তারা বলেন, উত্তর আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত বাংলাদেশি চিকিৎসকদের অর্জিত জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা ও আধুনিক প্রযুক্তির সঙ্গে বাংলাদেশের চিকিৎসা খাতের আরও কার্যকর সংযোগ তৈরি করা প্রয়োজন। এ ধরনের উদ্যোগের মাধ্যমে চিকিৎসা শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা এবং রোগীর সেবার মানোন্নয়নে নতুন সুযোগ সৃষ্টি হতে পারে। তারা বাংলাদেশ ও উত্তর আমেরিকার চিকিৎসকদের মধ্যে নিয়মিত যোগাযোগ ও পেশাগত সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে চিকিৎসা ক্ষেত্রে প্রশিক্ষণ, গবেষণা, প্রযুক্তি হস্তান্তর এবং দক্ষতা উন্নয়নে সমন্বিত উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন।

বক্তারা আরও বলেন, অভিজ্ঞ চিকিৎসকদের সঙ্গে নতুন প্রজন্মের চিকিৎসকদের সংযোগ স্থাপনের মাধ্যমে একটি শক্তিশালী পেশাগত নেটওয়ার্ক গড়ে তোলা সম্ভব। এ ক্ষেত্রে বিডিএফএনএ, আমাসহ দেশে ও বিদেশে কর্মরত বিভিন্ন চিকিৎসক সংগঠন কার্যকর ভূমিকা রাখতে পারে।

অনুষ্ঠানে অংশগ্রহণকারী চিকিৎসকরা আশা প্রকাশ করেন, বাংলাদেশ ও উত্তর আমেরিকার চিকিৎসকদের মধ্যে পারস্পরিক সহযোগিতা ভবিষ্যতে আরও বিস্তৃত হবে। বিশেষ করে আধুনিক চিকিৎসা প্রযুক্তি, চিকিৎসক প্রশিক্ষণ, গবেষণা, জনস্বাস্থ্য এবং হাসপাতাল ব্যবস্থাপনায় অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে বাংলাদেশের স্বাস্থ্য খাতে ইতিবাচক পরিবর্তনের সুযোগ সৃষ্টি হতে পারে। তারা বলেন, প্রবাসী চিকিৎসকদের পেশাগত অভিজ্ঞতা ও আন্তর্জাতিক মানের চিকিৎসা ব্যবস্থার সঙ্গে বাংলাদেশের বাস্তব অভিজ্ঞতার সমন্বয় ঘটাতে পারলে দীর্ঘমেয়াদে একটি কার্যকর ও টেকসই সহযোগিতার কাঠামো গড়ে তোলা সম্ভব। বাংলাদেশী ডক্টর'স ফোরাম অব নর্থ আমেরিকা (বিডিএফএনএ) একটি অলাভজনক পেশাজীবী সংগঠন। প্রতিষ্ঠার পর থেকেই সংগঠনটি স্বাস্থ্যসেবা, জনস্বাস্থ্য এবং বাংলাদেশি কমিউনিটির কল্যাণে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। বিভিন্ন সংকট ও দুর্যোগের সময়ে সংগঠনের সঙ্গে সম্পৃক্ত চিকিৎসকরা যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য, বাংলাদেশসহ আন্তর্জাতিক পরিসরে জনস্বাস্থ্য ও মানবিক সেবায় ভূমিকা রেখেছেন।

২৪ অক্টোবর জামাইকা মসজিদের ফান্ডরেইজিং ডিনার

৬৪ পৃষ্ঠার পর

স্টেট গভর্নর, সিনেটর ও নিউইয়র্ক সিটি মেয়র সহ মূলধারার নেতৃবৃন্দ। অংশ নেন নিউইয়র্ক, কানেকটিকাট ও পেনসিলভানিয়ার বাংলাদেশি মুসলমানরাও। এ মসজিদকে ঘিরেই জামাইকাতে হাজার হাজার বাংলাদেশির বসতি গড়ে উঠেছে। এ তথ্যগুলো দিয়েছেন মসজিদ কমিটির সভাপতি ডা. নাজমুল এইচ খান।

তিনি বলেন, প্রায় ৫০ বছরের পুরনো এই মসজিদের সংস্কার কাজ চলছে। ৪ তলা ভবনটি জামাইকা মুসলিম সেন্টার হিসেবে পরিচিত। এতে মসজিদেও কার্যক্রমের পাশাপাশি আরবি/বাংলা স্কুল ও কমিউনিটি সেন্টার রয়েছে। ৪ মিলিয়ন ডলারের সংস্কার প্রোজেক্টের ২ মিলিয়ন ডলার ঘাটতি রয়েছে। তা পূরনে জরুরীভিত্তিতে আরো ২ মিলিয়ন ডলার প্রয়োজন। আগামী ২৪ অক্টোবর সন্ধ্যায় লার্গোয়ার্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে ফান্ডরেইজিং ডিনারের আয়োজন করা হয়েছে। ফান্ডরেইজিং ডিনার শুরু হবে বিকাল ৫টা ৩০ মিনিটে। ফান্ডরেইজিং এ কিনোট স্পিকার থাকবেন বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ শেখ ওসমান বিন ফারুক। গেস্ট স্পিকার হিসাবে উপস্থিত থাকবেন ইসলামিক স্কলার শেখ ড. জাকির আহমেদ, জামাইকা মুসলিম সেন্টারের ইমাম মাওলানা আবু জাফর সেখ ও ইমাম শামসে আলী।

জামাইকা মুসলিম সেন্টারের নেতৃবৃন্দ মসজিদ ভবনের কার্যক্রমের অগ্রগতি নিয়ে গত ১২ অক্টোবর সোমবার এক সংবাদ সম্মেলনের আয়োজন করেন। মসজিদ কমিটির সাধারণ সম্পাদক ফখরুল ইসলাম দেলোয়ারের পরিচালনায় সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ফান্ডরেইজিংয়ের আহ্বায়ক ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মাহফুজুর রহমান তুহীন, ইঞ্জিনিয়ার এনামুল হক, ডা. মজিবুর রহমান, কোষাধ্যক্ষ আশফাক উদ্দিন মান্নান ও সাইয়েদ মোস্তাফিজুর রহমান শানু।

ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, নিউইয়র্কে বাংলাদেশিদের গর্বের প্রতিষ্ঠান জামাইকা বাংলাদেশ মুসলিম সেন্টার। এ সেন্টারকে কেন্দ্র করেই জামাইকায় গড়ে উঠেছে বাংলাদেশি জনপদ। নিউইয়র্কে এখন বাংলাদেশিদের সবচেয়ে বড় বসতি এই জামাইকা এলাকাতেই। যে কারণে মুসল্লিদের সংখ্যা দিনদিন বাড়ছে। জুম্মার নামাজের দুটো জামাত করার পরও মানুষকে রাস্তায় দাঁড়িয়ে নামাজ পড়তে হয়। অন্যদিকে মাদ্রাসার ছাত্রছাত্রীদের স্থান সংকুলান না হওয়ায় লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। কষ্ট করে লেখাপড়া করতে হচ্ছে। এ কারনেই সম্প্রসারনের কাজ চলছে।

তাদের এখন জরুরীভিত্তিতে আরো ২ মিলিয়ন ডলার প্রয়োজন। সে কারণে আগামী ২৪ অক্টোবর সন্ধ্যায় লার্গোয়ার্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে ফান্ডরেইজিং ডিনারের আয়োজন করা হয়েছে। ফান্ডরেইজিং ডিনার শুরু হবে বিকাল ৫টা ৩০ মিনিটে। ফান্ডরেইজিং এ কিনোট স্পিকার থাকবেন বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ শেখ ওসমান বিন ফারুক। গেস্ট স্পিকার হিসাবে উপস্থিত থাকবেন ইসলামিক স্কলার শেখ ড. জাকির আহমেদ, জামাইকা মুসলিম সেন্টারের ইমাম মাওলানা আবু জাফর সেখ ও ইমাম শামসে আলী।

সংবাদিকদের প্রশ্নের জবাবে তারা জানান, আগামী ফেব্রুয়ারি মাসের মধ্যে (পবিত্র মাহে রমজানের পূর্বে) তারা কাজ শেষ করতে চান। তাদের দাবি এ সম্প্রসারণ কাজ শেষ করা গেলে ছাত্রছাত্রীদের কোনো অসুবিধা হবে না। তৃতীয় তলা অফিসের ক্লাসের জন্য তৈরি করা হবে। সেই সাথে একসাথে প্রায় ৪ হাজার মানুষ নামাজ আদায় করতে পারবে। আগামী দিনে বেসমেন্টে কমিউনিটির অনুষ্ঠানও করা যাবে। সংবাদ সম্মেলনে নেতারা এ কাজে কমিউনিটির বিত্তবানসহ সর্বস্তরের লোকজনকে এগিয়ে আসার আহ্বান জানান।

যুক্তরাষ্ট্রে বাংলাদেশী থিয়েটার ও নাট্যকর্মী মিলনমেলা

৬২ পৃষ্ঠার পর

আলম বকুল-এর দীর্ঘদিনের ঐকান্তিক প্রচেষ্টা ও দূরদর্শী উদ্যোগে এই মেগা মিলনমেলাটি সফলভাবে সম্পন্ন হয়েছে। আমেরিকার যান্ত্রিক জীবনের ব্যস্ততা ভুলে সংস্কৃতির টানে এই মিলনমেলায় শুধু নিউ ইয়র্কই নয়, বরং পার্শ্ববর্তী স্টেট নিউ জার্সি এবং কানেকটিকাট থেকেও একঝাঁক ডেডিকেটেড নাট্যকর্মী উপস্থিত হয়েছিলেন। দিনব্যাপী এই আয়োজনে কোনো আনুষ্ঠানিকতার দেয়াল ছিল না; বরং সকাল থেকে বিকাল পর্যন্ত পুরো পার্ক মুখরিত ছিল মুখরোচক আড্ডা,

কালজয়ী নাটকের স্মৃতিচারণ, গান অনুষ্ঠানটিকে ঘরোয়া ও উৎসবমুখর করতে আমন্ত্রিত অতিথিরা নিজেদের বাড়ি থেকে 'পটলাক' বা ওয়ান-ডিশ পদ্ধতিতে হরেক রকমের সুস্বাদু খাবার নিয়ে আসেন।

সাংস্কৃতিক এই মিলনমেলায় প্রবাসের একঝাঁক গুণী ও শীর্ষস্থানীয় তারকা শিল্পীরা উপস্থিত ছিলেন। আমন্ত্রিতদের মধ্যে সিনিয়র নাট্যশিল্পী রেখা আহমেদ, শুশুক্তাহার লতা, রোকেয়া রফিক বেবী, শিরিন বকুল, স্বপ্না কাউসার, তমালিকা কর্মকার, এজাজ আলম, লায়লা ফারজানা, সৌমিত্র আহমেদ উপস্থিত থেকে আয়োজনকে সমৃদ্ধ করেন।

এছাড়াও নাট্যাঙ্গনের একাত্মতা প্রকাশ করে অনুষ্ঠানে যোগ দেন, মিঠোল, আলমগীর চঞ্চল, আবু সুফিয়ান বিপুল, শামীম সাহেল, শাপী মুখার্জী, হারুন আহমেদ, বাবর খাদেমি, সুলতান মুখার্জী, বসুনিয়া, রুনি, তানভীর, হীরা চৌধুরী, মিল্টন, মুজিব বিন হক, জহির আহমেদ, জিয়া উদ্দিন শিপন, রিপন, সুলতানা, আনিকা মাহিন একানহ আরও অনেকে। উপস্থিত সকল শিল্পী ও নাট্যকর্মীরা এই চমৎকার উদ্যোগের জন্য শামসুল আলম বকুলকে ধন্যবাদ জানান এবং প্রবাসে বাংলাদেশি নাট্যকলাকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

উনবাঙালের সপ্তসুরে দর্শকের ভীড়

৬২ পৃষ্ঠার পর

সংস্কৃতির এমন আয়োজনে দর্শকের উপচে পড়া উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। গত ৯ অক্টোবর সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে অনুষ্ঠিত হয় ব্যতিক্রমী এ সাংস্কৃতিক আয়োজন। প্রায় চার ঘণ্টাব্যাপী অনুষ্ঠানে বাংলা সংগীতের পাশাপাশি কবিতা পাঠ ও আবৃত্তি উপভোগ করেন বিপুলসংখ্যক সংস্কৃতিপ্রেমী দর্শক। তিন মাসের নিবিড় অনুশীলন ও প্রস্তুতির মধ্য দিয়ে অনুষ্ঠানটি আয়োজন করে উনবাঙাল।

অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল কাজী নজরুল ইসলাম, রবীন্দ্রনাথ ঠাকুর, লালন ফকির, দ্বিজেন্দ্রলাল রায়, হাসন রাজা, শাহ আবদুল করিম ও রাধারমণ দত্তের ২৩টি কালজয়ী গানের পরিবেশনা। একের পর এক জনপ্রিয় গানের সুরে দর্শকদের ফিরিয়ে নেওয়া হয় বাংলা সংগীতের সমৃদ্ধ ঐতিহ্যে। শিল্পীদের সম্মিলিত পরিবেশনায় পুরো মিলনায়তনে সৃষ্টি হয় আবেগঘন পরিবেশ।

উনবাঙালের সংগীত বিভাগের পরিচালক মিতা হোসেনের নেতৃত্বে সংগীত পরিবেশন করেন রুমা আফরোজ, মোহাম্মদ শানু, সাবরিনা তাসমিন, আরিফ আহমেদ অর্ণব, রেজা কামাল, নজরুল ইসলাম, আবিদা সুলতানা, মুক্তি জহির, চমক ইসলাম, রেণু রোজা, দেলোয়ারা কামাল, নাসির উদ্দিন, মুন্না চৌধুরী ও শাহীনূর শাপু নদী। শিল্পীদের কণ্ঠে চিরায়ত বাংলা গানের পরিবেশনা অনুষ্ঠানে ভিন্নমাত্রা যোগ করে। বাদ্যযন্ত্রে সহযোগিতা করেন রবিউল হাসান রুবেল, পিনু সেন ও মোহাম্মদ শানু। সংগীতের পাশাপাশি অনুষ্ঠানের আবৃত্তি পর্বও দর্শকদের মুগ্ধ করে। এ পর্বে কবিতা আবৃত্তি করেন আহসান হাবিব, জিএম ফারুক খান, জান্নাত সুলতানা ও সুমন শামসুদ্দিন। তাঁদের কণ্ঠে কবিতার ছন্দ ও আবেগ দর্শকদের মধ্যে বিশেষ আবেদন সৃষ্টি করে।

স্বরচিত কবিতা পাঠে অংশ নেন সোহেল হামিদ, সাইফুল সাকী, তৌফিক চৌধুরী, শেখ মিজান, রেণু রোজা, রওশন হক ও দীপ্তি বড়ুয়া। কবিদের নিজস্ব ভাবনা, জীবনবোধ ও অনুভূতির প্রকাশ অনুষ্ঠানের সাহিত্য পর্বকে সমৃদ্ধ করে।

সন্ধ্যা সাড়ে ছয়টায় উনবাঙালের প্রতিষ্ঠাতা কবি কাজী জহিরুল ইসলামের সূচনা বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। পরে তাঁর আমন্ত্রণে শুভেচ্ছা বক্তব্য দেন বর্ষীয়ান সাংবাদিক মনজুর আহমেদ ও সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকার সম্পাদক ডা. ওয়াজেদ এ খান।

বক্তারা বলেন, প্রবাসে বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতির চর্চা অব্যাহত রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে নতুন প্রজন্মের কাছে বাঙালির সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরতে এ ধরনের আয়োজন কার্যকর ভূমিকা রাখে।

শিল্প ও সাহিত্যের নিরলস চর্চার মাধ্যমে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে নিজেদের শেকড়ের সম্পর্ক আরও নিবিড় করার প্রচেষ্টার জন্য তাঁরা উনবাঙালের প্রশংসা করেন।

উনবাঙালের প্রতিষ্ঠাতা কবি কাজী জহিরুল ইসলাম বলেন, তিন মাসের অক্লান্ত পরিশ্রম ও সবার সম্মিলিত প্রচেষ্টায় একটি সফল অনুষ্ঠান উপহার দেওয়া সম্ভব হয়েছে। সংগীতশিল্পী, কবি, আবৃত্তিশিল্পী ও আয়োজকদের আন্তরিক সহযোগিতাই এ আয়োজনের মূল শক্তি।

তিনি আরও বলেন, যাঁরা অনুষ্ঠান সফল করতে নিরলস পরিশ্রম করেছেন, তাঁদের শুধু ধন্যবাদ নয়, অভিনন্দনও জানাই। বিশেষ করে যাঁরা প্রায় চার ঘণ্টা বসে আমাদের গান ও কবিতা উপভোগ করেছেন, তাঁদের প্রতি রইল আন্তরিক কৃতজ্ঞতা।'

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন শাহীনূর শাপু নদী। তাঁর সাবলীল ও নান্দনিক উপস্থাপনা পুরো আয়োজনকে প্রাণবন্ত করে রাখে। আয়োজন সফল করতে নেপথ্যেও কাজ করেছেন অনেকে।

অর্থ সংগ্রহের মূল দায়িত্ব পালন করেন কাজী জৌজিয়া। খাদ্য ব্যবস্থাপনায় ছিলেন মুন্না চৌধুরী এবং হল ব্যবস্থাপনার দায়িত্বে ছিলেন নাসির উদ্দিন। এ ছাড়া সংগঠনের সদস্য ও শুভানুধ্যায়ীদের সম্মিলিত প্রচেষ্টায় অনুষ্ঠানটি সম্পন্ন হয়।

T-SHIRTS & JEANS PANTS
WHOLESALE ONLY
BULK ORDERS
WAREHOUSE: NORTHERN BLVD LIC, NY 11101
CONTACT: CHOWDHURY
MOBILE # +1-646-373-9740 +1-929-261-5994
EMAIL: KHIRSHINUSA@GMAIL.COM

MAHADI
CONSTRUCTION INC.
LICENSED & INSURED
MD NAZRUL ISLAM
347-453-9116
Our Construction Service :
Masonry, Brick, Block, Finishing Basement, Side-work Roofing, Painting, Pointing, Bathroom & Kitchen Renovation,
FREE ESTIMATES
New Building Etc,
FREE ESTIMATES
LICENSED PLUMBER AVAILABLE
73 21 37th Road, Jackson Heights, NY 11372
347-453-9116, Monir : 929-328-9192

BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB! No Bossing! Work Independently Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[Salesperson in New York State]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching
Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
বাড়ী ক্রয়-বিক্রয় এবং লোন পেতে বিশ্বস্ত রিয়েলটরের সেবা নিন
•Residential •Foreclosures •Short Sale •Bank Owned/ REO Properties
•Commercial •Auctions •Hud
• Investment • Co-Op & Condo • Rentals
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation
Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202 Jackson Heights, NY-11370
realtorhoque64
AzizulH48770125
azizul-hoque-880064245

Ultra Credit Solutions Inc.

CREDIT REPAIR
ক্রেডিট রিপেয়ার

আমাদের সেবাসমূহঃ

পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।

(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

929-386-6426
929-386-4705

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite#5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

Gobinda Paul M.D., F.A.C.P.
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

GOBINDA PAUL PHYSICIAN P.C.
An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com

মহিলা দাঁতের ডাক্তার

NAEEMA BHUIYA, D.D.S
নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস

Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মূল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়

87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: **718-206-0601**, Fax: 718-206-0603

রুমী ডেন্টাল ল্যাব

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।

আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-414-4760

তারেক রহমানের নির্দেশে ড.ইউনূসের বিশেষ নিরাপত্তা

১ পৃষ্ঠার পর

পাশাপাশি তিনি অতিরিক্ত এ সিকিউরিটি পেলেন। যা তার যুক্তরাষ্ট্রে অবস্থানকালীন সময় পর্যন্ত থাকবে। ড.মুহাম্মদ ইউনূস গত সোমবার ১২ অক্টোবর বিকেলে যুক্তরাষ্ট্রে এলে জেএফকে বিমানবন্দরে বাংলাদেশে নিষিদ্ধ আওয়ামী লীগের যুক্তরাষ্ট্রস্থ কয়েকজন নেতাকর্মী তাকে হেনস্থা করে। যা মুহূর্তের মধ্যে সোশাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। বিভিন্ন মহল থেকে নিন্দার ঝড় ওঠে।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস একজন সাবেক সরকার প্রধান ও নোবেল লোরিয়েটকে হেনস্থার বিষয়টি মার্কিন স্টেট ডিপার্টমেন্টকে অবহিত করেছে। দূতাবাস নিউইয়র্ক সিটির পুলিশ ডিপার্টমেন্টের সাথেও যোগাযোগ করেছে। স্থানীয় সময় বুধবার ১৪ অক্টোবর রাতে নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক পিটিএর দৃষ্টি আকর্ষণ করলে তিনি আপনীর সময়কে বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে ড. ইউনূস স্যারের নিরাপত্তা ও প্রটোকলের ব্যবস্থা করা হয়েছে। স্যার যুক্তরাষ্ট্রে আসছেন আমাদের আগে কোন পক্ষ থেকেই জানানো হয়নি। এ কারণে তার প্রটোকলের ঘাটতি ছিল। আমরা জানার পর ব্যবস্থা গ্রহণ করেছি। স্যারের সাথে আমাদের এখন সার্বক্ষনিক যোগাযোগ রয়েছে। ড. ইউনূস এখন কোথায় আছেন জানতে চাইলে কনসাল জেনারেল প্রতিবেদককে বলেন, স্যার এখন নিউইয়র্ক স্টেটের বাইরে অন্য একটি স্টেটে রয়েছেন। মঙ্গলবার আমি নিজে ড্রাইভ করে স্যারকে সেখানে পৌঁছে দিয়েছি। সেখানে তিনি একটি কর্মসূচিতে রয়েছেন।

এয়ারপোর্টের ঘটনার ব্যাপারে কনসাল জেনারেল বলেন, আমরা সিটির পুলিশ ডিপার্টমেন্টের ডিপ্লোমেটিক পুলিশ ও পোর্ট অথরিটি (জেএফকে বিমানবন্দরের দায়িত্বে) কর্তৃপক্ষের সাথে কথা বলেছি। লিখিতভাবে বিষয়টি জানিয়েছি। তাদের পক্ষ থেকে আপডেটের অপেক্ষায় রয়েছি আমরা।

মঙ্গলবার জেএফকে বিমানবন্দরের ঘটনার কঠোর নিন্দা ও প্রতিবাদ জানায় বাংলাদেশ সরকার। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, 'স্থগিত থাকা (কার্যক্রম নিষিদ্ধ) সন্ত্রাসী রাজনৈতিক সংগঠন আওয়ামী লীগের সঙ্গে যুক্ত বলে সন্দেহভাজন একদল অপরাধী নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ও আন্তর্জাতিক অঙ্গনে অত্যন্ত শ্রদ্ধাভাজন ব্যক্তিত্ব অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে হয়রানির পেছনে রয়েছেন বলে প্রতীয়মান হচ্ছে।'

এ ঘটনার সাথে অভিযুক্তদের মধ্যে যুক্তরাষ্ট্র যুবলীগের সাধারণ সম্পাদক মিজান চৌধুরী, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সহ সভাপতি সাখাওয়াত হোসেন চঞ্চল, জ্যাকসন হাইটস আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তানভীর কায়সার ও মহানগর আওয়ামী লীগের সাধারন সম্পাদক ইমদাদ চৌধুরীর নাম জানা গেছে। অভিযোগ অনুযায়ী, তারা আগে থেকেই বিমানবন্দরে অবস্থান করছিলেন। মিজান চৌধুরী ২০২৫ সালে ড. ইউনূসের জাতিসংঘ সফরকালে সফরসঙ্গী ও এনসিপি নেতা আখতার হোসেনকে ডিম মেরে ছিলেন। সেই থেকে তিনি 'ডিম মিজান' নামে পরিচিত। ২০২৫ সালে ডিম নিক্ষেপের পর তিনি যুক্তরাষ্ট্র যুবলীগের সাধারন সম্পাদকের পদটি 'পুরস্কার' হিসেবে পেয়েছেন।

কুনু-ফিরোজ প্যানেলের ইশতেহার প্রকাশ

১ পৃষ্ঠার পর

সম্মেলনে এ ইশতেহার ঘোষণা করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্যানেলের প্রধান দুই মুখ সভাপতি প্রার্থী আজমল হোসেন কুনু ও সাধারণ সম্পাদক প্রার্থী ফিরোজ আহমেদ, সাবেক সভাপতি ও সাবেক ট্রাস্টি বোর্ডের সদস্য এম এ আজিজ, প্যানেলের নির্বাচনী পরিচালনা কমিটির চেয়ারম্যান হেলাল মাহমুদ, এডভোকেট জামাল আহমেদ জনি, প্রধান সমন্বয়কারি বাবুল চৌধুরী, মিডিয়া কমিউনিকেশনের চেয়ারম্যান সৈয়দ আজাদ ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান মইনুল হোসেন।

সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্য পাঠ করেন সাধারণ সম্পাদক পদ প্রার্থী ফিরোজ আহমেদ। এরপর বিভিন্ন বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তর দেন সভাপতি প্রার্থী আজমল হোসেন কুনু। লিখিত বক্তব্যে ফিরোজ আহমেদ বলেন, আসন্ন নির্বাচনকে সামনে রেখে কুনু-ফিরোজ পরিষদের একমাত্র চাওয়া প্রবাসী বাংলাদেশিদের কল্যান। সে লক্ষ্যকে সামনে রেখে নির্বাচনী ইশতেহার তুলে ধরছি।

প্যানেলের প্রথম প্রতিশ্রুতি হচ্ছে বাংলাদেশ কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠা করা। নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির দীর্ঘদিনের প্রত্যাশা পূরণে একটি আধুনিক ও স্থায়ী বাংলাদেশ কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে। বাংলাদেশ সোসাইটির নিজস্ব তহবিল, সাধারণ সদস্যদের সহযোগিতা এবং প্রবাসের বিশিষ্ট ব্যক্তিবর্গ ও দাতাদের আর্থিক অনুদানের মাধ্যমে এই প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে।

মানবিক মর্যাদা ও সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকে মুসলিম, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টানসহ সকল ধর্ম ও সম্প্রদায়ের মানুষের জন্য সাশ্রয়ী ও সহজলভ্য ফিউনারেল হোম সেবা চালুর উদ্যোগ গ্রহণ করা হবে। সংকটের সময় যেন কোনো পরিবার অসহায় বোধ না করে, সে লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা ও সেবার ব্যবস্থা গড়ে তোলা হবে। প্রবাসী বাংলাদেশিদের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণে নিউইয়র্ক থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সরাসরি ফ্লাইট পুনরায় চালুর বিষয়ে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি কর্তৃপক্ষের সঙ্গে কার্যকর যোগাযোগ, আলোচনা ও সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হবে।

প্রবাসী বাংলাদেশিদের ইমিগ্রেশন সংক্রান্ত সমস্যা ও জটিলতা নিরসনে অভিজ্ঞ ও বিশ্বস্ত ইমিগ্রেশন আইনজীবীদের সমন্বয়ে একটি সহায়তা হেল্পলাইন চালু করা হবে। এর মাধ্যমে কমিউনিটির সকলে নির্ভরযোগ্য তথ্য, প্রাথমিক আইনি দিকনির্দেশনা এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহণের সুযোগ পাবেন। এছাড়া প্রত্যেক ব্যরোতে কনস্যুলেট সেবার ব্যবস্থা করা হবে। জব সেমিনারের মাধ্যমে যোগ্য বাংলাদেশী-আমেরিকান তরুণ-তরুণী ও পেশাজীবীদের জন্য নিউইয়র্ক সিটি, স্টেট এবং ফেডারেল সরকারের বিভিন্ন চাকরির সুযোগ সম্পর্কে তথ্য ও দিকনির্দেশনা প্রদান করা হবে। পাশাপাশি চাকরির আবেদন, ইন্টারভিউ প্রস্তুতি এবং পেশাগত দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা হবে। বর্তমান সময়ের চাহিদা বিবেচনায় স্বল্প খরচে আইটি ও কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ে প্রশিক্ষণের সুযোগ তৈরির উদ্যোগ নেওয়া হবে।

বাংলাদেশি-আমেরিকান তরুণ প্রজন্মকে যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতি, সামাজিক কর্মকাণ্ড, নীতিনির্ধারণী প্রক্রিয়া এবং নেতৃত্বের বিভিন্ন পর্যায়ে সম্পৃক্ত করতে বাংলাদেশ সোসাইটির উদ্যোগে প্রশিক্ষণমূলক কনভেনশন আয়োজন করবে। একই সঙ্গে সকল জাতি, ধর্ম ও সম্প্রদায়ের মানুষের সঙ্গে পারস্পরিক সহযোগিতা ও সম্প্রীতি প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশি কমিউনিটির সামাজিক অবস্থান ও গ্রহণযোগ্যতা আরো সুদৃঢ় করা হবে। মূলধারার রাজনীতিতে যারা অংশগ্রহণ করবে বাংলাদেশ সোসাইটি তাদেরকে সমর্থন জানাবে।

বাংলাদেশি-আমেরিকান পরিবারের মেধাবী ও সম্ভাবনাময় শিক্ষার্থীদের উচ্চশিক্ষার পথ সুগম করতে বিশেষ শিক্ষা সহায়তা কর্মসূচি গ্রহণ করা হবে। আমেরিকার স্বনামধন্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রস্তুতির জন্য বাংলাদেশ সোসাইটির উদ্যোগে এবং অনুদানের মাধ্যমে উন্নতমানের কোচিং, শিক্ষামূলক দিকনির্দেশনা ও সহায়তার ব্যবস্থা করা হবে।

ফিরোজ আহমেদ বলেন, এমন একটি বাংলাদেশ সোসাইটি গড়ে তুলতে চাই, যেখানে থাকবে স্বচ্ছতা, জবাবদিহিতা, কার্যকর নেতৃত্ব এবং সকল সদস্যের সমান মর্যাদা। আমাদের অঙ্গীকার শুধু নির্বাচনী প্রতিশ্রুতিতে সীমাবদ্ধ নয়। আমরা চাই বাস্তবসম্মত পরিকল্পনা, সম্মিলিত উদ্যোগ এবং ধারাবাহিক কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশি কমিউনিটির জন্য দৃশ্যমান ও দীর্ঘমেয়াদি ইতিবাচক পরিবর্তন নিশ্চিত করতে।

এ সময় বিভিন্ন প্রশ্নের জবাবে আজমল হোসেন কুনু অভিযোগ করে বলেন, প্রবাসী বাংলাদেশিরা তাদের মাদার সংগঠন বাংলাদেশ সোসাইটিতে পরিবর্তন চায়। কারণ বর্তমান কমিটি তাদের কোন প্রতিশ্রুতিই পূরণ করতে পারেনি। অনেক কেনার প্রতিশ্রুতি দিয়েও তা রক্ষা করতে পারেনি। বরং গত দুই বছরে বিভিন্ন খাতে মাত্রাতিরিক্ত অর্থ ব্যয় করেছে। যা সদস্যদের জন্য কল্যানকর নয়। এ পরিষদ নির্বাচিত হলে সব ধরনের কর্মকাণ্ড বা লেনদেনে স্বচ্ছতা নিশ্চিত করা হবে। সাবেক সভাপতি এম এ আজিজ সোসাইটির বর্তমান কমিটির বিরুদ্ধে নানা অভিযোগ করেন।

USR BROKERAGE CORP.
আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি
★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION
MULTI-CARRIER ACCESS:
ALLOWS US TO COMPARE PRICES
FROM MULTIPLE CARRIERS.

MD ABDUR ROUF
President
Electrical and Computer Engineer NYIT, NY
Cybersecurity and Cyber Insurance Specialist
Licensed Property and Causality Insurance Broker
+1 (646) 270 4861, +1 (631) 565 4334
usrbrokerage.com | a.rouf@usrbrokerage.com, info@usrbrokerage.com
37-21 72 Street, Suit # 2, Jackson Heights, New York 11372

হোমিও চিকিৎসা

এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন,
তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্লান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *প্যারালাইসিস *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ঘরে বসে আয় করুন
আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন,
বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?
তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।

যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

নিউইয়র্কে আইস পুলিশ নিষিদ্ধ করুন

৬৪ পৃষ্ঠার পর

ঘটনার পর ঘটনাস্থলে স্থানীয় জনসাধারন 'আইস' বিরোধী বিক্ষোভ করেছেন। ব্রুকলনের মারবিল হিলে ৫ বছরের শিশু পুত্রের সামনে নিবাস্তোকে আইস পুলিশ ডোমিনিকান অভিবাসী অস্কার বেলপালকে (২৮) গুলি করে। তার ঘাড়ে গুলি লেগেছে ও এখন আটকাবস্থায় চিকিৎসাধীন রয়েছে।

ম্যানহাটান ও ব্রুকসের সীমান্তবর্তী এলাকা মার্বেল হিলের ওয়েস্ট ২২৫তম স্ট্রিটে এ গুলির ঘটনা ঘটে। লক্ষ লক্ষ অভিবাসীর এই শহরে একজন শিশুর সামনে গুলি ও অভিবাসন আইন প্রয়োগের পদ্ধতি নিয়ে জনসাধারনের মধ্যে ক্ষোভ বেড়েছে।। ২০২০ সালের পর নিউইয়র্ক শহরে আইস পুলিশের গুলিবর্ষণের ঘটনা এটিই প্রথম। এই ঘটনায় গভর্নর ক্যাথি হোকুল ও মেয়র জোহরান মামদানি তীব্র নিন্দা জানিয়েছেন। তারা ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে "নিউইয়র্ক শহরে আতঙ্ক সৃষ্টিতে অভিযোগ তুলেছেন।

কি ঘটেছিল আইস পুলিশের গুলিতে? : পুলিশ জানিয়েছে, আইস পুলিশের অন্তত একজন কর্মকর্তা গাড়ি লক্ষ করে সাত রাউন্ড গুলি চালালে মিস্টার বেলপালের ঘাড়ে গুলি লাগে তার ছেলে অক্ষত ছিল এবং বৃহস্পতিবার গভীর রাতে শিশুটিকে পরিবারের এক সদস্যের তত্ত্বাবধানে রাখা হয়েছিল। ম্যানহাটান ও ব্রুকসের সীমান্তবর্তী এলাকা-যেখানে মূলত ল্যাটিনো জনগোষ্ঠীর বসবাস-সেখানে ব্রডওয়ের কাছে ওয়েস্ট ২২৫তম স্ট্রিটে বিকেল প্রান্তর দিকে এই গুলিবর্ষণের ঘটনাটি ঘটে।

ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি জানিয়েছে, অপরাধমূলক রেকর্ড থাকা এক কাগজপত্রহীন অভিবাসীকে গ্রেপ্তার করার চেষ্টার সময় এই গুলিবর্ষণের ঘটনাটি ঘটে। শুক্রবার, পুলিশ বিভাগ ঘটনাস্থলে উপস্থিত দুই পুলিশ কর্মকর্তার বডি-ক্যামেরার ফুটেজ প্রকাশ করেছে। ফুটেজে দেখা যায়, তারা মিস্টার বেলপালকে মাটি থেকে তুলে নিচ্ছেন এবং হাতকড়া পরিয়ে তাকে নিকটস্থ নিউইয়র্ক-প্রেসবিটেরিয়ান অ্যালেন হাসপাতালে নিয়ে যাচ্ছেন। ভিক্টোরিয়া হেরেরা নামের এক প্রত্যক্ষদর্শী নিউইয়র্ক টাইমসকে জানিয়েছেন, তিনি পরপর কয়েকটি গুলির শব্দ শুনেছিলেন এবং একটি এসইউভি গাড়িকে রাস্তার কংক্রিটের ডিভাইডারে ধাক্কা খেতে দেখেছিলেন। মিস্টার বেলপাল গাড়ি থেকে বেরিয়ে আসেন। তিনি তখন নিজের ঘাড় ধরে স্প্যানিশ ভাষায় চিৎকার করছিলেন। গাড়ির পেছনের আসনে থাকা শিশুটি তখন কাঁদছিল।

ফেডারেল কর্মকর্তাদের প্রতিক্রিয়া : হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি মার্কওয়েইন মুলিন শুক্রবার এক সংবাদ সম্মেলনে শহরেরস্যাংচুয়ারি সিটি (অভিবাসনপ্রত্যাশীদের সুরক্ষাদানকারী শহর) নীতির সমালোচনা করেন এবং মিস্টার মামদানির তীব্র নিন্দা জানান। মিস্টার মুলিন বারবার মিস্টার বেলপালকে 'দুষ্কৃতকারী' এবং 'সবচেয়ে জঘন্য অপরাধী' হিসেবে অভিহিত করেন। তিনি বলেন, আইস পুলিশ তাকে গ্রেপ্তার করতে চেয়েছিল। কারণ ২০২৫ এর জুলাই মাসে ম্যানহাটনে ডিউটিরত একজন কাস্টমস কর্মকর্তার ওপর গুলিবর্ষণের ঘটনায় তার সম্পৃক্ততার সন্দেহ ছিল। মিস্টার মুলিন বলেন, আইস এর নিন্দা করে মিস্টার মামদানি যে মন্তব্য করেছেন তা বিপজ্জনক। নিউইয়র্কের মতো শহরগুলো যখন এই সংস্থার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে না, তখন সরকারের কাজ আরও কঠিন হয়ে পড়ে। মিস্টার মুলিন জানান, গাড়িতে যে একটি ছোট শিশু ছিল, সে বিষয়ে আইস কর্মীরা অবগত ছিলেন না। শুক্রবার ট্রাম্প প্রশাসন শহরের 'স্যাংচুয়ারি' বা অভিবাসীবান্ধব নীতিগুলোর সমালোচনা করে এবং মিস্টার বেলপালের অপরাধমূলক রেকর্ডের বিস্তারিত তুলে ধরে।

মেয়র কি প্রতিক্রিয়া জানিয়েছেন? : মেয়র জোহরান মামদানি জানান, তিনি প্রেসিডেন্ট ট্রাম্প এবং হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি মার্কওয়েইন মুলিনের সাথে ফোনে দুই ঘণ্টা কথা বলেছেন এবং মিস্টার বেলপালের মুক্তির বিষয়ে সমঝোতার চেষ্টা করেছেন, তবে তা সফল হয়নি। মিস্টার মামদানি বৃহস্পতিবার রাতে এক সংবাদ সম্মেলনে গুলিবর্ষণের ঘটনার নিন্দা জানান এবং একে "অত্যন্ত গর্হিত কাজ" বলে অভিহিত করেন। মেয়র বলেন, "আজ রাতে (৮ অক্টোবর) ৫ বছরের একটি শিশু মানসিকভাবে বিপর্যস্ত ও আতঙ্কিত অবস্থায় দিন কাটাচ্ছে। আমাদের লাখ লাখ প্রতিবেশী অবচেন-রাস্তায়, স্কুলে কিংবা কর্মস্থলে তারা আদৌ নিরাপদ কি না।"

কি বললেন নিউইয়র্ক স্টেট গভর্নর? : স্টেট গভর্নর হোকুল এক বিবৃতিতে জানিয়েছেন, গোলাগুলির ঘটনাটি নিয়ে তিনি প্রেসিডেন্ট ট্রাম্প মি. ট্রাম্প ও হোমল্যান্ড সেক্রেটারি মুলিনের সঙ্গে কথা বলেছেন। তিনি বলেন, "আমি নিউ ইয়র্কবাসীর পক্ষ থেকে তীব্র ক্ষোভ প্রকাশ করেছি এবং নিউ ইয়র্কে আইস এর এনফোর্সমেন্ট বা ধরপাকড় অভিযান বন্ধ করার আহ্বান জানিয়েছি।" (তথ্যসূত্র-নিউইয়র্ক টাইমস/সিএনএন)

বাংলাদেশের অর্থনীতিতে অশনি সংকেত

৬৪ পৃষ্ঠার পর

প্রবাহ গতিশীল থাকার কারণে বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী রয়েছে। ২০২৮ আর্থিক বছরে জিডিপি প্রবৃদ্ধির হার তিন দশমিক ৯ শতাংশে উন্নীত হবার সম্ভাবনা রয়েছে। তবে এই ক্ষেত্রে জ্বালানী সরবরাহের স্বাভাবিক অবস্থা ফিরে আসা এবং প্রয়োজনীয় সংস্কার করা হলে এই অবস্থার উন্নতির কথা বলা হয়েছে।

আইএমএফ বাংলাদেশে জিডিপি প্রবৃদ্ধি আরও কমিয়ে তিন দশমিক দুই শতাংশে নেমে আসবে বলে পূর্বাভাস দিয়েছে। বর্তমান বৈশ্বিক ও অভ্যন্তরীণ পরিস্থিতির কারণে প্রবৃদ্ধি হ্রাসের পূর্বাভাস দিয়েছে আইএমএফ। মুদ্রাস্ফীতির পূর্বাভাস খুব উদ্বেগজনক। মুদ্রাস্ফীতি আট দশমিক সাত শতাংশ থেকে বেড়ে ১০ দশমিক ৯ শতাংশে উন্নীত হতে পারে। আইএমএফ মনে করে, স্বল্পমেয়াদে কঠোর নীতি গ্রহণের পাশাপাশি ব্যাংকিং খাতের স্বচ্ছতা নিশ্চিত করা, কর ব্যবস্থা আধুনিকায়ন করা এবং বাজারভিত্তিক নীতি গ্রহণ করার এখনই সঠিক সময়।

এডিবি তাদের সর্বশেষ অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বর্তমান অর্থবছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি তিন দশমিক সাত শতাংশ থেকে চার শতাংশের মধ্যে থাকবে বলে পূর্বাভাস দিয়েছে। মুদ্রাস্ফীতি গড়ে আট দশমিক সাত শতাংশ থেকে নয় শতাংশের মধ্যে থাকবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। এডিবি জানিয়েছে, টেকসই প্রবৃদ্ধি অর্জনের জন্য আর্থিক খাতের কাঠামোগত সংস্কার, বেসরকারী বিনিয়োগের সুযোগ বৃদ্ধি ও উপযুক্ত বৈদেশিক বিনিময় হার নির্ধারণ অপরিহার্য। তিনটি আর্থিক সংস্থার প্রায় একই রকমের পূর্বাভাস দিয়েছে।

বাংলাদেশ স্বাধীনতার পর থেকে বিগত পাঁচ দশকে গড়ে প্রায় ছয় শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। দক্ষিণ এশিয়ার মধ্যে স্থিতিশীলতার মডেল হয়ে আছে। সেখান থেকে হঠাৎ করে প্রবৃদ্ধি একেবারে অর্ধেকে নেমে এসেছে। বাংলাদেশের অর্থনীতির এই অশনি সংকেত কী শুধু বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতির কারণে হয়েছে নাকি অন্য কিছু কারণ রয়েছে এর নেপথ্যে সেটা জানা জরুরী।

বিশ্বের অর্থনীতির নিম্নমুখিতা শুরু হয় কভিড-১৯ মহামারির মাধ্যমে। সেই ধাক্কা বাংলাদেশের ওপরও পড়েছে। যদিও পশ্চিমা বিশ্ব যেভাবে বড় ধরনের সংকটের মধ্যে পড়েছিল; বাংলাদেশের সংকট সেই তুলনায় অনেক কম। সেটার বড় কারণ হলো, বাংলাদেশের অর্থনীতি বিশ্বের অর্থনীতির সঙ্গে যুক্ত থাকলেও দেশটির ক্ষুদ্র ও মাঝারি শিল্প যা খুব বেশি আক্রান্ত হয়নি। কারণ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সঙ্গে বৈশ্বিক অর্থনীতির যোগসূত্র নেই। তার ওপর বাংলাদেশের কৃষিখাত খুব ভাল করায় কোভিড খুব বেশি সুবিধা করতে পারেনি। তাছাড়া, কভিড মোকাবেলায় বাংলাদেশের প্রস্তুতি খুব ভাল ছিলো।

